আল আকসা রেষ্টুরেন্ট
প্রবাসে বাংলাদেশী খাবারের স্বাদ
আল আকসা পার্টিহল
পার্কচেষ্টারে বাঙ্গালী মালিকানায় সবচেয়ে বড় পার্টিহল ১০০-১৫০ জনের ধারণ ক্ষমতাসম্পন্ন
২১০৭ ষ্টার্লিং এভিনিউ, ব্রঙ্কস, নিউইয়র্ক-১০৪৬২
ফোন: ৭১৮-৯০৪-৭০৬১

২৮ বছরে
বাংলা পত্রিকা
The Weekly Bangla Patrika
বর্ষ ২৮ ॥ সংখ্যা ২৫ ॥ সোমবার ॥ চৈত্র ৩ ॥ ১৪৩০ ॥ রমাদান ০৮ ॥ ১৪৪৫ ॥ Vol. 28 ॥ Issue 25 ॥ March 18 ॥ 2024 ॥ USA. FREE in NY, Other State $1

আলাদীন
Aladdin
২৯-০৪ ৩৬ এভিনিউ, এস্টোরিয়া, নিউইয়র্ক ১১১০৪
Tel: 718-784-2554

TiME television
টাইম টেলিভিশন দেখুন, বিজ্ঞাপন দিন
Tel: 718-753-0086

টিকটক নিষিদ্ধের বিল পাশ

বাংলা পত্রিকা ডেস্ক: এবার যুক্তরাষ্ট্রে নিষিদ্ধ হতে পারে চীনের জনপ্রিয় ভিডিও শেয়রিং অ্যাপ টিকটক। গত ১৩ মার্চ বুধবার পার্লামেন্ট কংগ্রেসের প্রতিনিধি পরিষদে একটি বিল পাশ (বাকি অংশ ৭ পাতায়)

সংকটে মুসলিম অভিবাসীরা

নিউইয়র্কে আশ্রয়কেন্দ্রগুলোতে হালাল খাবারের অভাব

বাংলা পত্রিকা ডেস্ক: নিউইয়র্কে হালাল খাবারের নিরাপত্তাহীনতায় ভুগছেন মুসলিম অভিবাসীরা। নিউ-ইয়র্ক সিটির মুসলিম আইনজীবীদের দাবি, সিটির আশ্রয়কেন্দ্রগুলোতে রোজা রাখার মতো পর্যাপ্ত হালাল খাবার পাচ্ছে না যুক্তরাষ্ট্রে আশ্রয় গ্রহণ করা বিশেষ করে নিউইয়র্কের মুসলিম অভিবাসীরা।

আরব আমেরিকান ফ্যামিলি সাপোর্ট সেন্টারের ডেভেলপমেন্ট অ্যান্ড কমিউনিকেশন ম্যানেজার আদ্রিয়ান কার্টো বলেন, গত কয়েক বছর ধরে তারা অভিবাসীদের জন্য হালাল খাবারের সরবরাহ করে আসছে। তবে মুসলিম দেশ থেকে আসা অভিবাসীদের সংখ্যা বৃদ্ধির পাওয়ায় তা কঠিন হয়ে পড়েছে। হালাল খাবারের চাহিদা মেটাতে বাড়তি তহবিল দরকার বলে জানান তিনি। আদ্রিয়ান আরো বলেন, রমজান মাস উপলক্ষে সম্প্রতি কুইন্সে একটি হালাল খাবার বিতরণের আয়োজন করা হয়। আগামী ২২ মার্চ শুক্রবার ব্রুকলীনের কেনসি-ংটন প্লাজায় আরেকটি হালাল খাদ্য বিতরনী অনুষ্ঠান হবে বলে জানান তিনি।

ব্রুকলীনে প্রস্তাবিত আশ্রয়কেন্দ্র না খোলার দাবিতে বিক্ষোভঃ এদিকে নিউইয়র্ক (বাকি অংশ ৭ পাতায়)

ট্রাম্পের মানসিক সুস্থতা নিয়ে কৌতুক করলেন বাইডেন




বাংলা পত্রিকা ডেস্ক: সাবেক প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের মান-সিক সুস্থতা নিয়ে কৌতুক করেছেন বর্তমান প্রেসিডেন্ট জো বাইডেন। দ্বিতীয়বার মুখোমুখি হয়েই (বাকি অংশ ৭ পাতায়)


প্রেসিডেন্ট নির্বাচিত হতে না পারলে

যুক্তরাষ্ট্রে রক্তপাতের হুঁশিয়ারি দিলেন ট্রাম্প

ট্রাম্পকে সমর্থন দেবেন না মাইক পেন্স



বাংলা পত্রিকা ডেস্ক: আসন্ন প্রেসিডেন্ট নির্বাচনে নির্বাচিত না হতে পারলে যুক্তরাষ্ট্রজুড়ে রক্তের বন্যা বয়ে যাবে বলে মন্তব্য করেছেন সাবেক প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। শনিবার (১৬ মার্চ) ওহাইও স্টেটে এক নির্বাচনী প্রচারণায় অংশ নিয়ে ট্রাম্প এমন হুঁশিয়ারি দেন। তবে রক্তপাতের মাধ্যমে সাবেক এই প্রেসিডেন্ট কী বোঝাতে চেয়েছেন, তা এখনও স্পষ্ট নয়। এসময় জো বাইডেনকে আমেরিকার সবচেয়ে খারাপ প্রেসিডেন্ট বলে মন্তব্য (বাকি অংশ ২০ পাতায়)



অভিযুক্তবাবা-মা

মিশিগানে সন্তানের গুলিতে সহপাঠী নিহত

বাংলা পত্রিকা ডেস্ক: যুক্তরাষ্ট্রে সন্তানের বন্দুকহামলা ও হত্যাকাণ্ডের জন্য এবারই প্রথম কোনো পিতা-মাতাকে অভিযুক্ত করা হল। তিন বছর আগে মিশিগান স্টেটে এক স্কুলে এক বন্দুকধারী গুলি করে চার শিক্ষার্থীকে হত্যা করেন। এই ঘটনার জেরে (বাকি অংশ ১২ পাতায়)

ঘাটতি মেটাতে বন্ড ও ট্রেজারি বিলে নজর

হাসিনা সরকারের টানাপোড়েন সংসার

মিজান চৌধুরী, ঢাকা: সরকারের কাঙ্খিত মাত্রায় আয় বাড়ছে না। যতটুকু হচ্ছে এর মধ্যেই বড় অংশ চলে যাচ্ছে দেশি-বিদেশি ঋণের সুদ পরিশোধে। বাকিটা দিয়ে চাকরিজীবীদের বেতন, সামাজিক নিরাপত্তা কর্মসূচির ভাতা ও উন্নয়ন (বাকি অংশ ২১ পাতায়)

পেনিসিলভানিয়ায় মা-বোনসহ ৩ জনকে হত্যা

যুবক আটক

বাংলা পত্রিকা ডেস্ক: যুক্তরাষ্ট্রের পনিসিলভানিয়া রাজ্যে মা ও বোনসহ তিনজনকে হত্যা করেছে এক যুবক। হত্যার পর পার্শ্ববর্তী নিউজার্সী রাজ্যে পালিয়ে যাওয়ার সময় ২৬ বছর বয়সী আন্দ্রে গর্ডন নামে ওই যুবককে আটক করেছে পুলিশ। আটকের আগে ওই (বাকি অংশ ৭ পাতায়)

নিউইয়র্কের সেহরি ও ইফতার সময়

		সেহরি শেষ	ইফতার
৮ রমাদান	১৮ মার্চ	৫:৪২	৭:০৫
৯ রমাদান	১৯ মার্চ	৫:৪০	৭:০৬
১০ রমাদান	২০ মার্চ	৫:৩৯	৭:০৭
১১ রমাদান	২১ মার্চ	৫:৩৭	৭:০৮
১২ রমাদান	২২ মার্চ	৫:৩৫	৭:১০
১৩ রমাদান	২৩ মার্চ	৫:৩৩	৭:১১
১৪ রমাদান	২৪ মার্চ	৫:৩২	৭:১২

যুক্তরাষ্ট্র আ. লীগের উদ্যোগে বঙ্গবন্ধু'র জন্মদিন পালিত



বিশেষ প্রতিনিধি: স্বাধীন বাংলাদেশের স্থপতি, 'জাতির জনক' বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের শুভ জন্মদিন ও জাতীয় (বাকি অংশ ১২ পাতায়)

ম্যানহাটনের অবৈধ গাজার দোকান বন্ধ গ্রেফতার ১

বাংলা পত্রিকা ডেস্কঃ ম্যানহাটনে ফেন্টানাইল, কোকেইনসহ অবৈধ তামাকজাত পন্যের একটি স্মোক শপ বন্ধ করে দিয়েছে পুলিশ। নিউইয়র্ক পুলিশ জানায়, ম্যানহাটনের ৯২৭ সেকেন্ড অ্যাভিনিউয়ে সেকেন্ড এভ কনভেনিয়েন্স নামের স্মোক শপে রেইড দেয় তারা। এ সময় স্মোকশপটিতে অবৈধ (বাকি অংশ ১২ পাতায়)

রিয়েল এস্টেট ইনভেস্টমেন্ট
প্রাইভেট অকশনের বাড়ি
পাবলিক অকশনের বাড়ি
ব্যাংক মালিকানা বাড়ি
শর্ট-সেল ও REO-প্রপার্টি
কল করুনঃ
৫১৬-৪৫১-৩৭৪৮
Eastern Investment
150 Great Neck Road, Oreat Neck, NY 11021
nurulazim67@gmail.com
Nurul Azim

APOLLO INSURANCE BROKERAGE INC
WE DO TLC INSURANCE
EXIT LUXURY INC.
Shamsher Ali
President & CEO
29-10 36th Ave., Astoria, NY 11106
Tel: 718-472-9800, Fax: 718-472-9801
e-mail: apollobrokerageinc@gmail.com
exitluxuryinc@gmail.com

CORE CREDIT REPAIR
ক্রেডিট লাইন নিয়ে সমস্যায় পড়েছেন?
TAX Liens Charge-Offs Inquiries Collections
Garnishment Bankruptcy Late Payments
Call us 646-775-7008
www.cmacreditsolutions.com
Mohammad A Kashem
Credit Consultant

বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট
BANGLA TRAVELS
JACKSON HEIGHTS NEW YORK
আমরা বিভিন্ন এয়ারলাইন্সের স্টক হোল্ডার
7305 37th ROAD, JACKSON HEIGHTS, NY 11372
সুপার সেল $৫৪৯+
917-396-4140, 917-592-7828
MOHAMMAD B HOSSAIN (BELAL) President & CEO

AMIN PHARMACY
29-03. 36th Ave. Astoria, NY 11106
Tel: (718) 786-6611, Fax: (718) 786-6613
Contact: Pharmacist Dr. Monsur Chowdhury

AHAD&CO
CERTIFIED PUBLIC ACCOUNTANTS
সারা বছর জুড়ে একাউন্টিং সার্ভিসেস
ক্যাজিগত এবং বিজনেস ট্যাক্স ফাইলিং
আইআরএস এবং স্টেট অডিট সমাধান
পে-রোল এবং বুককিপিং
আপনার ট্যাক্স ফাইল একজন সিপিএ দিয়ে করুন
আহাদা আলী, সিপিএ
Tel: 929-371-9915 : info@ahadandco.com
2153 Westchester Ave. Suite 200, Bronbx, NY 10462
47-01 Vandam Street Long Island City, NY 11101

KABIR CHOWDHURY
সব ধরনের Insurance!
Over 20 Years of Experience
Auto, Home, Business, Worker's Compensation & Disability
DDC 6hr 10% Discount & 4 Point Reduction
718-626-0733
718-626-2321
crescentinsurance@gmail.com
Crescent Insurance Brokerage Inc.
37-11 74th Street # 2 Floor, Jackson Heights, NY 11372

www.banglapatrikausa.com

Tax & Consulting Services

for Individual and Businesses

Southeast USA Group Inc.

OUR SERVICES

- Tax Preparation & Planning
- Audits, Reviews, Compilations
- Bookkeeping/Write-Up
- Business Consulting
- IRS Representation
- Notary Public
- Payroll Services
- Retirement Planning
- Sales Tax Services



(917) 566-1612

Southeast USA Group Inc

Prof. Ehteshamul Haque

Financial & Business Planning

74-09 37th Avenue, Suite #206, Jackson Heights, NY 11372

Visit: www.southeastusagroup.com

নিউইয়র্কে মাদক ও সন্ত্রাস বিরোধী সেমিনার অনুষ্ঠিত

যুক্তরাষ্ট্রে চার বছরে মাদকাসক্ত হয়ে ৮৪ জনের মৃত্যু





বিশেষ প্রতিনিধি: নিউইয়র্ক সিটির জ্যামাইকায় 'স্টপ ড্রাগস এন্ড ক্রাইমস' শীর্ষক মাদক ও সন্ত্রাস বিরোধী সচেতনতামূলক এক সেমিনারে বক্তারা বলেছেন, বাংলাদেশী কমিউনিটি সহ সিটির অন্যান্য কমিউনিটিতে অপরাধ প্রবণতা বেড়ে গেছে। বিশেষ করে পারিবারিক, ধর্মীয়, সাংস্কৃতিক ও সামাজিক মূল্যবোধের অবক্ষয় এবং পরকীয়া-ই মূলত: অপরাধের নেপথ্যের মূল কারণ বলে বক্তারা অভিমত ব্যক্ত করেন। উল্লেখ্য, কমিউনিটির নতুন প্রজন্মের মাঝে অপরাধ প্রবণতা বৃদ্ধি পাওয়ার প্রেক্ষিতে এই সেমিনারের আয়োজন করা হয়। গত বছরও জ্যামাইকাতে অনুরূপ সেমিনার হয়েছিলো।

নিউইয়র্কে বাংলাদেশী অধ্যুষিত জামাইকার খলিল বিরিয়ারনী পার্টি হলে গত ১৭ ফেব্রুয়ারী শনিবার সন্ধ্যায় ব্যতিক্রমী এই সেমিনারের আয়োজন করা হয়। কমিউনিটি অ্যাক্টিভিষ্ট নাসির খান পল, সৈয়দ আল আমিন রাসেল এবং কুইন্স কউনিটি বোর্ড মেম্বার আহসান হাবিব ও আহনাফ আলম এর সার্বিক আয়োজনে আয়োজিত এই সেমিনারের পৃষ্ঠপোষকতায় ছিলেন রিয়েল এষ্টেট ইনভেষ্টর নুরুল আজিম ও মোহাম্মদ আনোয়ার হোসাইন।

সেমিনারে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন সাপ্তাহিক পরিচয় সম্পাদক নাজমুল আহসান, সাপ্তাহিক মুক্তচিন্তা সম্পাদক ফরিদ আলম, মূলধারার রাজনীতিক মোরশেদ আলম, আশা হোম কেয়ার এর প্রেসিডেন্ট আকাশ রহমান, বাংলাদেশ সোসাইটির সাধারণ সম্পাদক রুহুল আমিন সিদ্দিকী, জ্যামাইকা মুসলিম সেন্টার এর ভাইস প্রেসিডেন্ট মঞ্জুর আহমদ চৌধুরী, কমিউনিটি অ্যাক্টিভিষ্ট ফখরুল আলম ও মোহাম্মদ আলী, হেলথফাষ্ট ইন্স্যুরেন্স কোম্পানীর সালেহ আহমদ, রিয়েলটর রিনা সাহা ও আজিজুল হক মুন্না, সমাজকর্মী সালমা ফেরদৌস, শোট-াইম মিউজিক এর আলমগীর খান আলম, নর্থ বেঙ্গল ফাউন্ডেশনের আবুল কাসেম, রমিজ উদ্দিন প্রমুখ বক্তব্য রাখেন।

আহসান হাবিব ও আল আমিন রাসেলের সঞ্চালনায় সেমিনারে বক্তারা বলেন, সবাই যেন আর্থিক ও বৈষয়িক লক্ষ্য পূরণে এতটাই ব্যস্ত যে পরিবারকে বিশেষ করে নিজের সন্তানদের ঠিকমতো সময় দেওয়া সম্ভব হয়ে উঠে না। আর এই সুযোগে ধীরে ধীরে খারাপ সঙ্গের সংস্পর্শে আসে নতুন প্রজন্ম যার পরিণতির ভয়াবহতা আমরা সকলে উপলব্দি করছি। বক্তারা বলেন, বর্তমান সমাজে অনেক বিবাহিত ছেলে-মেয়ে পরকীয়ায় লিপ্ত। যারা নিজেরা সন্তান-সন্ততির পিতা-মাতা। আবার অনেকের ছেলে-মেয়ে মাদকাসক্তি ও বিভিন্ন অপরাধমূলক কর্মকান্ডে জড়িয়ে পড়ছে, কেউ কেউ লিভ টুগেদার করছে।

সেমিনারে একটি পরিসংখ্যান তুলে ধরে বক্তারা বলেন, যুক্তরাষ্ট্রে গত চার বছরে ৮৪ জন মাদকাসক্ত হয়ে মারা গেছেন। এদের মধ্যে শুধু নিউইয়র্কে মারা গেছেন ৪২ জন। যাদের বয়স ২০ থেকে ৪০ বছরের মধ্যে। এই ৮৪ জনের মধ্যে বাঙালীও কয়েকজন রয়েছেন। তবে সামাজিকভবে কেউ স্বীকার করছেন না। মৃত্যুর কারণকে তারা হার্ট আ্যাট্যাক বলে চালিয়ে দেন। যদিও মৃত্যুর কারণ হার্ট ফেইল হয়ে যাওয়া। মাদকাসক্তি থেকে উত্তরণ পেতে বক্তারা বলেন, পারিবারিকভাবে ছেলে-মেয়েদের সাথে বন্ধুতের সম্পর্ক গড়ে তুলতে হবে! তাদের সাথে নিয়মিত মিশতে হবে। তারা কাদের সাথে চলাফেরা করে তার খোঁজ-খবর রাখতে হবে।

সেমিনারে নিউইয়র্ক পুলিশের সাবেক এক গোয়েন্দা কর্মকর্তা বলেন, মাদকদ্রব্য কোন স্থানে বিক্রি হয় তা চিহিত করতে হবে। ক্ষেত্রবিশেষে এসব জায়গা এড়িয়ে চলতে হবে।

অনুষ্ঠানের শুরুতে নিউইয়র্ক পুলিশের দুই কমিউনিটি এফেয়ার্স কর্মকর্তা ক্রেডিটকার্ড ব্যবহার ও সমসাময়িক বিষয়ে সকলকে অবহিত করে সতর্কতা পালনের আহ্বান জানান। যুক্তরাষ্ট্রের বিভিন্ন শহরে ভবিষ্যতে এই ধরনের সেমিনার আরও আয়োজন করা হবে বলে আয়োজকরা জানান। ছবি: পরিচয়

প্রবীণ শিশু সাহিত্যিক হাসানুর রহমানের ইন্তেকাল



নিউইয়র্ক (ইউএনএ): নিউইয়র্ক প্রবাসী প্রবীণ শিশুসাহিত্যিক হাসানুর রহমান ইন্তেকাল করেছেন। বৃহস্পতিবার (১৪ মার্চ) ভোরে তিনি নিউইয়র্কের কুইন্সের একটি রিহ্যাব সেন্টারে চিকিৎসাধীন অবস্থায় শেষ নি:শ্বাস ত্যাগ করেন। (ইন্নালিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। তিনি দীর্ঘদিন ধরে নানা রোগে ভুগছিলেন। ব্যক্তিগত জীবনে নিউইয়র্কের 'শিরি শিশু সাহিত্য কেন্দ্র'-এর প্রতিষ্ঠাতা পরিচালক ও রবীন্দ্র সঙ্গীত শিল্পী পারভীন রহমানের স্বামী এবং নিউইয়র্কের জনপ্রিয় ব্যান্ড সঙ্গীত শিল্পী রাজিব রহমানের বাবা এবং প্রবাসের আরেক জনপ্রিয় শিল্পী বিউটি দাসের শশুর। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৭৮ বছর এবং তিনি স্ত্রী, ২ ছেলেসহ অসংখ্য গুণগ্রাহী রেখে গেছেন। তাঁর ইন্তেকালের খবরে নিউইয়র্কের বাংলাদেশী কমিউনিটিতে শোকের ছায়া নেমে আসে। খবর ইউএনএ'র।


এদিকে মরহুমের নামাজে জানাজা ঐদিন (বৃহস্পতিবার) জ্যামাইকা মুসলিম সেন্টারে বাদ জোহর অনুষ্ঠিত হয় এবং একইদিন অপরাহ্নে নিউজারসী রাজ্যের একটি মুসলিম কবরস্থানে তার মরদেহ দাফন করা হয়।

জানা যায়, প্রায় তিন বছর আগে বাসায় হটাৎ করে পড়ে গিয়ে অজ্ঞান হয়ে গেলে তাকে নিকটস্থ হাসপাতালে ভর্তি করা হয়। সেখানে চিকিৎসার পর কুইন্সের একটি রিহ্যাব সেন্টারে স্থানান্তর করা হয়। সেখানে প্রায় আড়াই বছর ধরে চিকিৎসাধীন ছিলেন। অনেকদিন ধরেই তিনি বোধশক্তি হারিয়ে ফেলেন।

হাসানুর রহমান ১৯৯৬ সালের আগস্ট মাসে যুক্তরাষ্ট্র প্রবাসী হন এবং নিউইয়র্কে স্থায়ীভাবে বসবাস শুরু করেন। মরহুম হাসানুর রহমানের জন্ম ১৯৪৬ সালের ২২ আগস্ট নাটোর জেলার সিংড়া উপজেলার লালোরের দারোগা বাড়ীতে। তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইতিহাস বিভাগ থেকে ১৯৬৮ সালে বিএ (অনার্স) ও ১৯৬৯ সালে এমএ পরীক্ষায় উত্তীর্ণ হন। তিনি ষাটের দশকে (১৯৬৬-১৯৭০) ঢাকার অধুনালুপ্ত শিল্পী-সাহিত্যিক গোষ্ঠী 'পূর্বাশা'র দফতর সম্পাদক ছিলেন। ১৯৭২ সালে ঢাকা থেকে প্রকাশিত অধুনালুপ্ত 'দৈনিক সমাজ' পত্রিকায় সাংবাদিকতা করেন। ১৯৯৪-১৯৯৫ সালে পেট্রোবাংলার বাখরাবাদ গ্যাস সিস্টেমস লিঃ-এর ঢাকা লিয়াজো অফিসে ব্যবস্থাপক (জনসংযোগ) হিসেবে কাজ করেন। হাসানুর রহমান শিশুদের জন্য অসংখ্য বই লিখেছেন। প্রচার বিমুখ মানুষ ছিলেন তিনি। নিউইয়র্কে 'শিরি শিশু সাহিত্য কেন্দ্র সংগঠন' নামে একটি সংগঠনের নেতৃত্ব দিয়েছেন দীর্ঘদিন। তার প্রকাশিত বই ১১টি। প্রবীণ শিশু সাহিত্যিক হিসেবে সুপরিচিত হাসানুর রহমান প্রায় পাঁচ দশক ধরে ছোটদের জন্যে ছড়া, কবিতা, রূপকথা, গল্প-নিবন্ধ, একাংকিকা লিখেছেন। জীবদ্দশায় তিনি বাংলাদেশ শিল্প কৃষ্টি সংসদের হাজী মোহাম্মদ মহসিন স্বর্ণপদক, ঢাকার ভাস্কর নাট্যদলের 'ভাস্কর নাট্যদল মিলেনিয়াম-২০০০ পুরস্কার এবং রাজশাহীর 'খাজা স্মৃতি পাঠাগার ফেলাশীপ ২০০২'-এ ভূষিত হন।


Never move or transfer your money to "protect it."

It's a scam.



Learn more at
ftc.gov/imposters

FEDERAL TRADE COMMISSION



CITY SAFE PARTNERS

চাকুরি বিজ্ঞপ্তি

আমরা বাংলায় কথা বলি
(917) 282-9877

চাকরির পদ
- ফায়ার গার্ড (F-01)

সুযোগ সুবিধা
- চিকিৎসা বীমা
- ডেন্টাল ইন্স্যুরেন্স
- ভিশন ইন্স্যুরেন্স
- সিক লিভ
- আপনি উত্তর দিবেন না
- 401(K)

ক্ষতিপূরণ
- প্রতি ঘন্টায় $16.70
- ৩ বছর পর বেতন বেড়ে $19.65 হবে।

কিভাবে আবেদন করতে হবে
- ডিজিটাল অ্যাপ্লিকেশন সম্পন্ন করার জন্য একটি F-01 সার্টিফিকেশন পেতে নিচে QR লিঙ্কে স্ক্যান করুন।
- ২৪ ঘন্টার মধ্যে, আপনি একটি ইমেল পাবেন যা আপনাকে এমন একটি সাইটে লিঙ্ক দেবে, যেখানে স্ক্যান করে আপনি আপনার অনবোর্ডিং সম্পন্ন করে প্রয়োজনীয় নথি আপলোড করতে পারবেন।

SCAN ME
F-01 স্টাডি গাইড তথ্য

SCAN ME
ডিজিটাল অ্যাপ্লিকেশন লিঙ্ক

চিত্রে জাকিগঞ্জ সোসাইটি ইউএসএ'র ইফতার মাহফিল















MIJAN REAL ESTATE LTD.
Reg. No. C-187784
মিজান রিয়েল এস্টেট লিমিটেড
রাজউক অনুমোদিত পূর্বাচল, উত্তরা এবং বসুন্ধরা,ধানমন্ডি, বনানী ও গুলশান সহ ঢাকায় জায়গা, বাড়ি, প্লট ও ফ্ল্যাট ক্রয়-বিক্রয়ের জন্য যোগাযোগ করুন। 917-631-5050
USA Address:
127-14 101 Avenue
Queens, NY 11419
EXIT
EXIT REALTY PRIME
Thinking of BUYING-
SELLING, INVEST, RENT
Houses, Co-op&Condo
Mijanur Rahman (Mijan)
Licensed Real Estate Agent
189-10 Hillside Ave, Suite E, NY 11423
Tel: 718-262-0205, Fax: 718-262-0254
www.EXITprmeNY.com
Mijanur Rahman (Mijan)
Chairman & CEO
917-631-5050
Email: RealtorMijan@gmail.com

সেইফ হেল্‌থ মেডিকেল কেয়ার
অভিজ্ঞ বাংলাদেশী ডাক্তার দ্বারা পরিচালিত
MOHAMMED HELAL UDDIN, M.D.
মোহাম্মদ হেলাল উদ্দিন, এম.ডি.
আমেরিকান বোর্ড সার্টিফাইড মেডিসিন বিশেষজ্ঞ
শাদমান নোশিন
ফিজিশিয়ান এ্যাসিসট্যান্ট
কার্ডিওলজী তরুণজিৎ সিং, এম.ডি.
বোর্ড সার্টিফাইড জেনারেল, নিউক্লিয়ার এন্ড ইন্টারভেনশনাল কার্ডিওলজিস্ট
পডিয়াট্রি ডা. সাদী আলম, ডিপিএম
পায়ের পাতা ও গোড়ালী রোগ বিশেষজ্ঞ
সাইকিয়াট্রিস্ট সোহেল এম. শিপু, এম.ডি.
বোর্ড সার্টিফাইড এডাল্ট সাইকিয়াট্রিস্ট
We Accept most Insurance
আমরা সকল প্রকার ইন্স্যুরেন্স গ্রহন করি
৩০৯৯ ব্রেইনট্রিস্ট প্রিমিনিট, ব্রুক্স, নিউইয়র্ক ১০৪৬৭
ফোন: ৭১৮-৯৯৪-৭০০০
safehealth02@gmail.com
১০৮৯ ক্যাডেলরিল প্রিমিনিট, ব্রুক্স, নিউইয়র্ক ১০৪৬২
ফোন: ৭১৮-৯৭৫-৭৪৩১
safehealth02@gmail.com

বাংলা পত্রিকা

The Weekly Bangla Patrika

Editor : **Abu Taher**

Tel: 718-482-9923, 718-482-1169
Fax: 718-482-9935

সম্পাদকীয়

অবন্তিকার স্বেচ্ছামৃত্যু

এ সমাজের শেষ গন্তব্য কোথায়?

বাংলাদেশে নানা ধরনের মর্মান্তিক ঘটনা ঘটে চলেছে। মর্মান্তিক ঘটনার অভিজ্ঞতা এত বেশি হচ্ছে যে, মানুষ এখন যেন সমবেদনা প্রকাশ করারও তাগিদ অনুভব করে না। সবচেয়ে দুঃখ-জনক হলো, মর্মান্তিক ঘটনাগুলোর পেছনে দায়ী থাকা ব্যক্তিদের শাস্তিও হয় না, দেশে যথাযথ আইনের শাসন না থাকার কারণে। শুক্রবার রাতে কুমিল্লা সদরে ঘটেছে এমন এক হৃদয়ছোঁয়া ঘটনা। জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ২০১৭-১৮ শিক্ষাবর্ষের ছাত্রী ফাইরুজ অবন্তিকা গলায় ফাঁস দিয়ে আত্মহত্যা করেছেন।

আত্মহত্যার আগে তিনি ফেসবুকে পোস্ট দিয়ে দেশবাসীকে জানিয়েছেন, তার এই মৃত্যুর জন্য বিশ্ববিদ্যালয়ের আইন বিভাগের তার সহপাঠী আম্মান সিদ্দিক ও সহকারী প্রক্টর দ্বীন ইসলাম দায়ী। তার পোস্টটি সাধারণ মানুষের বিবেককে প্রচন্ডভাবে নাড়া দিয়েছে। তিনি লিখেছেন, তার সহপাঠী তাকে নানাভাবে ভয় দেখাত এবং এ বিষয়ে সহকারী প্রক্টরকে অভিযোগ করেও তিনি ন্যায়বিচার পাননি। তিনি লিখেছেন, তিনি জানেন তিনি জাস্টিস পাবেন না। আরও লিখেছেন, আমার ওপর দিয়ে কী গেলে নিজেকে এত ভালোবাসে যে মানুষ, সে এমন কাজ করতে পারে!

অবন্তিকার আত্মহত্যার খবর ছড়িয়ে পড়লে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে বিক্ষোভে ফেটে পড়েন ছাত্রছাত্রীরা। ওদিকে অভিযুক্ত সহকারী প্রক্টর নিজেকে নির্দোষ দাবি করেছেন। অবশ্য প্রক্টর বলেছেন, এখন রমজানের বন্ধ থাকায় সিদ্ধান্ত নেওয়া যাচ্ছে না। অফিস খুললে উচ্চক্ষমতাসম্পন্ন একটি তদন্ত কমিটি গঠন করা হবে। উপাচার্য সাময়িকভাবে সহকারী প্রক্টরকে অব্যাহতির মৌখিক নির্দেশনা দিয়েছেন। আইনগত প্রক্রিয়ায় বাকিটা সম্পন্ন করা হবে। অবন্তিকার সহপাঠীকেও বহিষ্কারের নোটিশ দেওয়া হবে।

অবন্তিকার আত্মহত্যা আরেকবার আমাদের চোখে আঙুল দিয়ে দেখিয়ে দিল এদেশে মানবিক মূল্যবোধের কতটা অবক্ষয় ঘটেছে। একটা মেয়েকে ভীতসন্ত্রস্ত করে রাখা হয়েছিল, অথচ যথাযথ কর্তৃপক্ষের কাছ থেকে তিনি ন্যায়বিচার পাননি! অবন্তিকা আত্মহত্যা করেছেন, কিন্তু আত্মহত্যা না করে দিনের পর দিন অন্যায়-অবিচারের শিকার হয়ে দুঃখ-বেদনা চেপে দুঃসহ জীবনযাপন করছেন এমন নারীর সংখ্যাও অনেক। এই যে তরুণ ও যুবসমাজ বেপরোয়া ও বখাটে হয়ে পড়ছে, তৈরি হচ্ছে কিশোর গ্যাং, আইনশৃঙ্খলা বাহিনীকে বুড়ো আঙুল দেখিয়ে যা খুশি তা-ই করে বেড়াচ্ছে তারা-সমাজের এ চিত্র কোনোভাবেই মেনে নেওয়া যায় না। তরুণ-তরুণীর বর্তমান সম্পর্কের ধরন নিয়েও প্রশ্ন রয়েছে অভিভাবক মহলে। আমরা শঙ্কিত। এই সমাজ কি একসময় চূড়ান্তভাবে অমানবিক, নির্দয় ও হঠকারী হয়ে উঠবে? অবন্তিকার আত্মহত্যার জন্য দায়ীদের তদন্তসাপেক্ষে শাস্তি পেতে হবে অবশ্যই। সবচেয়ে জরুরি, আমাদের সংস্কৃতির ক্রমঅবনতিশীল যে চিত্র, সেটাকে কীভাবে প্রতিরোধ করা যায়, তা নিয়ে ভাবতে হবে সমাজ গবেষকদের।

সমাজে বিকৃতির বিস্তার ঘটছে

॥ সালাহউদ্দিন বাবর ॥

ইংরেজি একটি বাক্য 'ম্যান বিহাইন্ড দ্য মেশিন'। অর্থাৎ যন্ত্রের পেছনে থাকা মানুষটি। এটি শুধু একটি বাক্য নয়। এর দোতনা অনেক ব্যাপক, সেই সাথে 'ইলামট্রিসিটি'ও বিস্তর। এই বাক্যকে টেনে অনেক দূর পর্যন্ত নেয়া যায়। তার ব্যাখ্যাও নানা ধরনের হতে পারে। তবে তার অর্থ ব্যাখ্যা অবশ্যই ইতিবাচক হওয়া বাঞ্ছনীয়, নেতিবাচক নয়। একে যদি নেতিবাচকভাবে ব্যাখ্যা করা হয়, সেটি হবে বিকৃতি, অনাকাক্সিক্ষত।

যাই হোক, যন্ত্রের পেছনে থাকা মানুষ-টির গুরুত্ব ও মূল্য অনেক ক্ষেত্রেই যন্ত্রের চেয়ে কম নয়; বরং বেশি। সেই মানুষটির ভূমিকার ওপরই যন্ত্রের সচল থাকা কারিগরি সক্ষমতা প্রদর্শন অনেকখানি নির্ভর করে। আর যদি একে সমাজের মধ্যে নিয়ে উপস্থাপন ও বিস্তরণ ঘটানো হয়। তার ব্যাখ্যা হতে পারে সমাজের শৃঙ্খলা বিধান, মূল্যবোধের বিকাশ, সুষ্ঠু সচল সবল এবং গতিশীল করা। সমাজের সেসব প্রতিষ্ঠান, সংগঠনের প্রধান নির্বাহী ও তার সহযোগিতাই মূলত সমাজযন্ত্রের পেছনে থাকা ব্যক্তি বা ব্যক্তি সমষ্টি। সে জন্য ওই সব ব্যক্তি বা ব্যক্তিদের গুরুত্ব অনস্বীকার্য। সমাজকে বিন্যস্ত করে যে প্রতিষ্ঠান যত চমৎকারভাবে চলতে ফিরতে পারে। তার দায়িত্বগুলো সুষ্ঠুভাবে আদায় করতে সক্ষম। তার অর্থ সমাজযন্ত্রের পেছনে থাকা ব্যক্তিদের দক্ষতা সক্ষমতাকে বোঝায় আজ কি কেউ বলতে পারবেন, সমাজযন্ত্রগুলো বিরামহীনভাবে নির্ভুলভাবে কাজ করছে। সব কিছু চকচকে ঝকঝকে মনে করার কোনো অবকাশ এখন বিদ্যমান। অনেকেই সে কথা বলতে পারবেন না। কারণ সর্বত্রই সমাজযন্ত্রের পেছনে থাকা মানুষগুলো তাদের সক্ষমতা দক্ষতা দেখাতে ব্যর্থ হয়েছেন। অবশ্যই তাদের যথেষ্ট দুর্বলতাই দায়ী। সেটুকু তারা করছেন না বা করতে পারছেন না। সে কারণে কোনো সফলতার দেখা মিলছে না। সেসব নির্বাহী যতই মন্দ করুন, তা নিয়ে কারো কোনো মাথাব্যথা নেই; অর্থাৎ কেউই তাদের জিজ্ঞাসাবাদ করছেন না। সরল কথা হচ্ছে, সমাজ থেকে এখন জবাবদিহির সংস্কৃতির ইতি ঘটেছে বলা চলে। এটি শুধু কোনো এক স্থানে স্থির হয়ে আছে, তা শুধু নয়। সর্বত্রই ওপর থেকে নিচ পর্যন্ত সবখানেই এর বিস্তার ঘটেছে। এর ফলে যা অ-নিবার্য, সেটি অব্যবস্থা, অনিয়ম, আত্মসাৎ আরো হরেক রকমের মু-সিবত। ফলে মানুষ তার চাওয়া-পাওয়ার সাথে বাধ্য হয়ে আপস করতে অভ্যস্ত হয়ে পড়েছে। এতে কেউ চরম নিরুৎসাহীও হয়ে পড়ছে। এমন মনোভাব তৈরি হয়েছে, আমরা আর কিছু বলব না দিনের শেষে সব মানিয়ে নেবো। এর ফলে একটি অপবিত্র বি-নময়কে এখন আর গর্হিত কাজ বলে মনে করছেন না কেউ। এতে সমাজ গোল্লায় যাক, মানুষ দুর্ভোগ দুর্বিপাকে পড়ুক দুর্জনদের দৌরাত্ম্য সীমাহীন হোক। সে জন্য কারো ভ্রূকুঞ্চন নেই। এমন পরিস্থিতি আসলে একটি সমাজের ভেঙে পড়ার পূর্বক্ষণ বলে মনে করা হয়।

যে কথা স্মরণ না করলেই নয়। যন্ত্রের পেছনের মানুষটিকে যদি বাছাই করার ক্ষেত্রে যথাযথ ও প্রতিষ্ঠিত পদ্ধতি অনুসরণ করা না হলে যন্ত্রটি কেবল বিকলই হবে না, সেখানে বিকৃতিও ঘটবে অনিয়ম অব্যবস্থাই আসবে। সব সমাজেই ভুলের চেয়ে বিকৃতিকে ভয়ঙ্কর বিপদ হিসেবে বিবেচনা করা হয়। ভুলত্রুটিকে শোধরে নেয়ার অবকাশ থাকে। কিন্তু বিকৃতিকে দমিত করা সহজ নয়। বিকৃতি অনেক নেশার মতো আসক্তি তৈরি করে। তা থেকে সরে আসার জন্য যে বোধ বিবেচনার আশ্রয় নিতে হয়। বিকৃতি সেসব বোধ বিবেচনার পথটিই রুদ্ধ করে দাঁড়ায়। বিকৃতি সব ক্ষেত্রেই সমাজকে অবিরত অন্ধকারে নিতে নিরন্তর চেষ্টা করে। কোথাও এমন পরিস্থিতি তৈরি হলে সেখানে দলে বলে সবাই দিশাহীনভাবে ছুটতে থাকে। সে সময় আর কেউ পাশে থাকে না পতনযাত্রাকে রুখে দিতে। বিকৃত সমাজযন্ত্রের পেছনে থাকা মানুষটিসহ আরো অনেক বিপর্যস্ত করে। ফেলে সবাই তখন আত্মসমর্পিত হতে বাধ্য। অহরহ এমন অসংখ্য ঘটনা ঘটছে। তার কোনো প্রতিকার প্রতিরোধ নেই। বহু ঘটনা থেকে অতি সম্প্রতি ঘটে যাওয়া একটিমাত্র বিকৃতির ছবি তুলে ধরা যেতে পারে।



সে ঘটনা ঘটেছে শেরপুর জেলা সদরে। বিধিবদ্ধ অধিকারের দাবি নিয়ে এক সংবাদপত্রসেবী নিয়ম-সম্মতভাবে কিছু তথ্যের জন্য জেলার যথাযথ কর্তৃপক্ষের কাছে গিয়েছিলেন। সেখানে তার অধিকারকে শুধুই অস্বীকৃতিই জানানো হয়নি। সেই উপলক্ষে তার বিরুদ্ধে ত্বরিত মামলা রুজু করে তৎক্ষণাৎ কারাগারে পাঠানো হয়েছে। এখানেই প্রশাসন যন্ত্রের পেছনে থাকা লোকটির বিকৃতিই পরিষ্কার হয়ে উঠেছে। এ তো মাত্র ছোট্ট একটি নজির। লালমনিরহাটেও এমন ঘটনা ঘটেছে। সর্বত্র এমন বিকৃতি নিয়তই ঘটছে। এক ব্যক্তির বিকৃতি সমাজের বহু মানুষকে সঙ্কটের ভেতর ফেলে দিচ্ছে। শেরপুর ও লালমনিরহাটে যে দুই সাংবাদিক হেনস্তা হয়েছেন তাদের গোটা পরিবারকেই শুধু মনোকষ্টেই নয়, তাদের আর্থিক দুর্গতিতেও ফেলছে। এভাবে দেশের কত পরিবার যে এমন বিষময় যন্ত্রণা আর আর্থিক ভোগান্তিতে রয়েছে। এ নিয়ে সমাজবিজ্ঞানীদের মূল্যবান গবেষণার একটি অভিসন্দর্ভ রচিত হতে পারে, যা একালের নানা বিকৃতির একটি মূল্যবান দলিল হয়ে দাঁড়াতে পারে। আজকের দিনের সমাজ চিত্রটি খুঁজে পেতে পারেন ভবিষ্যতের সত্য অনুসন্ধানী ইতিহ-াসবিদদের। তবে এমন একটি গবেষণাকর্মকে এগিয়ে নেয়া আজকের সমাজ বাস্তবতায় খুব সহজ হয়তো নয়। কাল বহমান, তা রুধিবার শক্তি কারো নেই। সবাই জানেন কখনো কোথাও ঝড় উঠলে, তখন অনেকেই শুধু শরীরের একটি অংশকে কেবল নিরাপদ করতে চাইলেই ঝড় থেকে গোটা শরীরকে রক্ষার উপায় থাকে না।

যে কথা স্মরণ না করলেই নয়। যন্ত্রের পেছনের মানুষটিকে যদি বাছাই করার ক্ষেত্রে যথাযথ ও প্রতিষ্ঠিত পদ্ধতি অনুসরণ করা না হলে যন্ত্রটি কেবল বিকলই হবে না, সেখানে বিকৃতিও ঘটবে অনিয়ম অব্যবস্থাই আসবে। সব সমাজেই ভুলের চেয়ে বিকৃতিকে ভয়ঙ্কর বিপদ হিসেবে বিবেচনা করা হয়। ভুলত্রুটিকে শোধরে নেয়ার অবকাশ থাকে। কিন্তু বিকৃতিকে দমিত করা সহজ নয়। বিকৃতি অনেক নেশার মতো আসক্তি তৈরি করে।

সবাই এটি লক্ষ করছেন। আজকে বহু প্রতিশ্রুতি শুধু দেয়ার জন্য দেয়া হচ্ছে। সেটি অঙ্গীকার পূরণের জন্য নয়। এটিকেও 'ম্যান বিহাইন্ড দ্য মেশিন'-এর একটি বিকৃতি হিসেবেই ধরে নিতে হবে। অথচ এমন বিকৃতি কখনো বিলাস হয়ে পড়ে। তা আবার সবার জন্য বিলাস নয়। বহু ক্ষেত্রে বহুজনের জন্য তা শুধু বিষময় নয়। হৃদয় ভাঙার মতো ব্যাপার হয়ে দাঁড়ায়। এমন ভগ্ন হৃদয়ের জনগোষ্ঠী নিয়ে কখনো কোনো জনপদের মানুষকে কোনো কর্মেই উদ্যম উদ্যোগী করা সম্ভব নয়। কোনো জনপদের মানুষ এমন পরিস্থিতিতে সব কিছু থেকে দূরে সরে যেতে দেখা যাবে। যার পরিণতি সমাজের কোনো একজন মানুষকেও আর দৃঢ় ও প্রত্যয়ী করা সম্ভব নয়। জনপদের সর্বস্তরের জনগোষ্ঠী প্রত্যয়ী ও অবিভাজ্য না হলে কোনো পরীক্ষায় উত্তীর্ণ হয়ে আসা সম্ভব হয় না। যে জনপদের মানুষ যতটা তৃপ্ত সেখানে ঠিক ততটাই সব দিক থেকে তাদের আরো অগ্রসর করা সহজ। যেকোনো অতৃপ্ত বঞ্চিত মানুষ শুধু পিছু হাঁটতে অভ্যস্ত হয়ে পড়ে। সম্মুখের সব পথ তার জন্য অচেনা আর বিপদসঙ্কুল ভেবে হতাশায় ডুবতে। সব কিছুই তাকে শুধু ক্লান্ত শ্রান্ত নয়, আত্মবিশ্বাস-হারা এক দুর্বলচিত্তের প্রাণীতে পরিণত করবে। এমন হীনম্মন্যতা যখন তার চার পাশে এসে জড়ো হবে। তখন সেই জনপদকে অধিগ্রহণ করা অধপতিত ও আশ্রিত করা মুহূর্তের ব্যাপার হয়ে দাঁড়াবে। সেই সুযোগ নেয়ার জন্য আশপাশ থেকে অনেকেই অতন্দ্র হয়ে থাকবে। তবে যেকোনো মূল্যেই এ পরিস্থিতি থেকে উত্তরণের পথ রচনা করে এ মুহূর্ত থেকে ছয় পদে অগ্রসর হতে হবে। মনে রাখতে হবে, লাখো শহীদ আসমান থেকে তাকিয়ে আছেন। জাতির কাছে রেখে যাওয়া আমানতকে কি রক্ষা করা হচ্ছে।

নামাজের সময়-সূচী

মার্চ	১৮	১৯	২০	২১	২২	২৩	২৪
ফজর	৫.৪৭	৫.৪৫	৫.৪৩	৫.৪২	৫.৪০	৫.৩৮	৫.৩৬
সূর্যোদয়	৭.০২	৭.০১	৬.৫৯	৬.৫৭	৬.৫৬	৬.৫৪	৬.৫২
জোহর	১.০৪	১.০৪	১.০৩	১.০৩	১.০৩	১.০২	১.০২
আসর	৫.১৯	৫.১৯	৫.২০	৫.২১	৫.২২	৫.২২	৫.২৩
মাগরিব	৭.০৫	৭.০৬	৭.০৭	৭.০৮	৭.১০	৭.১১	৭.১২
এশা	৮.২১	৮.২২	৮.২৩	৮.২৪	৮.২৬	৮.২৭	৮.২৮

বিশেষ ঘোষণা

নিউইয়র্ক থেকে প্রকাশিত বাংলা পত্রিকা সপ্তাহের প্রথম অর্থাৎ সোমবারের পত্রিকা। বিগত ২৭ বছর বাংলা পত্রিকা নিয়মিত প্রকাশের পর ২৮ বছরে পা রেখেছে। বাংলা পত্রিকা কর্তৃপক্ষ তার পাঠকদের প্রতি সপ্তাহেই নতুন নতুন খবর, প্রবন্ধ, নিবন্ধ, ফিচার প্রভৃতি উপহার দিতে প্রতিশ্রুতিবদ্ধ। তাই প্রকাশের ক্ষেত্রে যেকোন নতুন এবং মৌলিক লেখা সর্বাধিক গুরুত্বের দাবী রাখে। আমরা আমাদের লেখকদের-কে মৌলিক লেখা ইমেইলে (banglapatrikausa@gmail.com) পাঠানোর জন্য বিনীতভাবে অনুরোধ রাখছি। যুক্তরাষ্ট্র ও বাংলাদেশের বিভিন্ন জাতীয় দিবসের লেখা ১৫দিন আগে ইমেইলে পাঠানোর জন্যও অনুরোধ রইলো।

বাংলা পত্রিকা প্রিন্ট ভার্সনের পাশাপাশি এখন ওয়েব সাইডেও পাওয়া যায়। আর পূর্ণ বাংলা পত্রিকা'র পিডিএফ ভার্সন পেতে আগ্রহীদেরকে তাদের ইমেইল নম্বর পাঠাতে বিশেষভাবে অনুরোধ করা হচ্ছে।

- সম্পাদক।

রমজান কাটাবেন কীভাবে

॥ মীর তারেক ॥

ইবাদতের সবচেয়ে বড় মৌসুম হলো রমজান। এ মাসে প্রতিটি আমলের প্রতিদান যেমন হাজার গুণ বেড়ে যায়, তেমনি একজন মুমিনের জন্য সব পাপ থেকে বেঁচে নিজেকে একজন মুত্তাকি হিসাবে গড়ে তোলারও সুবর্ণ সুযোগ হয়। সারা বছর আমাদের থেকে যে ত্রুটি-বিচ্যুতি হয়, সেগুলোকে আল্লাহতায়ালার কাছ থেকে ক্ষমা করিয়ে নেওয়ার মোক্ষম একটা সুযোগ হলো রমজান। এ মহাসৌভাগ্য অর্জন করতে আমরা নিম্নোক্ত বিষয়গুলোর অনুসরণ করতে পারি।

পাপ কাজ বর্জন করুন

তবে রোজা রাখা মানে শুধু এই নয়, সুবহে সাদেক থেকে নিয়ে সূর্যাস্ত পর্যন্ত পানাহার ও স্ত্রী সঙ্গম থেকে বিরত থাকা বরং পূর্ণাঙ্গভাবে রোজা রাখতে হলে এ সবের পাশাপাশি সব পাপ কাজ থেকে বেঁচে থাকাও বাঞ্ছনীয়। যেমন, মিথ্যা কথা বলা, অপরের দোষ চর্চা করা, ঝগড়া বিবাদ করা, গালাগালি করা, দ...ষ্টির হেফাজত করা, সুদ, ঘুস ইত্যাদি কাজ থেকে বিরত থাকা। পক্ষান্তরে যারা এসব কাজ থেকে বিরত থাকে না, হাদিসে সতর্ক করে বলা হয়েছে, তাদের রোজা আল্লাহর কোনো প্রয়োজন নেই। আবু হুরায়রা (রা.) থেকে বর্ণিত; রাসূল (সা.) ইরশাদ করেছেন, যে ব্যক্তি পাপ, মিথ্যা কথা, অন্যায় কাজ ও মূর্খতাসুলভ কাজ ত্যাগ করতে পারে না, তার পানাহার ত্যাগ করাতে আল্লহতায়ালার কোনো প্রয়োজন নেই। (সহিহ বুখারি : ১৯০৩)।

কুরআন তেলাওয়াত করুন

রমজানে বেশি বেশি পবিত্র কুরআন তেলাওয়াত করা খুবই গুরুত্বপূর্ণ একটি আমল। কেননা আল্লাহতায়ালা রমজানের পরিচয় দিতে গিয়ে বলেছেন, রমজান হলো এমন মাস, যে মাসে কুরআন নাজিল করা হয়েছে। তাছাড়া রমজানে প্রতিটি আমলকে ৭০ গুণ বাড়িয়ে দেওয়া হয়। আমরা যদি এক খতম কুরআন তেলাওয়াত করতে পারি, তাহলে ৭০ খতমের সওয়াব অনায়াসেই পেয়ে যাচ্ছি। তবে আমাদের এদিকে লক্ষ রাখতে হবে, অনেকে একাধিক খতম দেওয়ার জন্য খুব দ্রুত কুরআন তেলাওয়াত করেন। এটি একদমই সমীচীন নয়। বরং তেলাওয়াত ধীরে-সুস্থে কায়দাকানুন ঠিক রেখে করা উত্তম। তাই আমাদের উচিত, রমজানে সহিহ্-শুদ্ধভাবে বেশি বেশি কুরআন তেলাওয়াত করা এবং সময় থাকলে কুরআনের অর্থ বুঝে বুঝে তাফসিরসহ পড়াটা সর্বোত্তম কাজ।

নফল নামাজে মনোনিবেশ

রমজান সিয়ামের পাশাপাশি কিয়ামেরও মাস, অর্থাৎ নফল নামাজের মাস। রাসূল (সা.) ইরশাদ করেছেন, যে ব্যক্তি রমজানে (রাতের বেলা নফল) নামাজে দাঁড়িয়ে থাকে, ইমানের সঙ্গে ও সওয়াবের আশায় তার পূর্বের সব গুনাহ ক্ষমা করে দেওয়া হবে। (সহিহ বুখারি : ৩৭)। অন্য হাদিসে কিয়ামুল লাইল তথা রাতের নামাজের আদেশও দেওয়া হয়েছে। এর দ্বারা উদ্দেশ্য হচ্ছে তারাবির নামাজ আর এর চূড়ান্ত পর্যায় হলো তাহাজ্জুদের নামাজ। তাই আমাদের উচিত গুরুত্বের সঙ্গে রাতে তারাবির নামাজ আদায় করার পাশাপাশি তাহাজ্জুদের নামাজ এবং অন্যান্য নফল নামাজেও নিয়মিত হওয়া।

কায়মনে দোয়া করুন

রমজানের সবচেয়ে গুরুত্বপূর্ণ আমলগুলোর অন্যতম আমল হলো বেশি বেশি দোয়া করা। কেননা হাদিসে বর্ণিত আছে, রমজানে সবচেয়ে বেশি দোয়া কবুল করা হয়। বিশেষ করে ইফতারের পূর্ব মুহূর্তের দোয়া। তখন নিজের গুনাহগুলোর জন্য ক্ষমা চেয়ে দোয়া করা কাম্য। এ মাসে আল্লাহতায়ালা ক্ষমার দরজা উন্মুক্ত করে দেন। আল্লাহতায়াল বলেন, যে কেউ আল্লাহকে ভয় করবে, তিনি তার গুনাহগুলোকে ক্ষমা করে দেবেন এবং তার পুরস্কার অনেক বাড়িয়ে দেবেন। (সূরা তালাক : ৫)।

অন্যকে ইফতার করান

রমজান সিয়ামের পাশাপাশি কিয়ামেরও মাস, অর্থাৎ নফল নামাজের মাস। রাসূল (সা.) ইরশাদ করেছেন, যে ব্যক্তি রমজানে (রাতের বেলা নফল) নামাজে দাঁড়িয়ে থাকে, ইমানের সঙ্গে ও সওয়াবের আশায় তার পূর্বের সব গুনাহ ক্ষমা করে দেওয়া হবে। (সহিহ বুখারি : ৩৭)। অন্য হাদিসে কিয়ামুল লাইল তথা রাতের নামাজের আদেশও দেওয়া হয়েছে। এর দ্বারা উদ্দেশ্য হচ্ছে তারাবির নামাজ আর এর চূড়ান্ত পর্যায় হলো তাহাজ্জুদের নামাজ। তাই আমাদের উচিত গুরুত্বের সঙ্গে রাতে তারাবির নামাজ আদায় করার পাশাপাশি তাহাজ্জুদের নামাজ এবং অন্যান্য নফল নামাজেও নিয়মিত হওয়া।

আবু হুরায়রা (রা.) থেকে বর্ণিত, রাসূল (সা.) ইরশাদ করেছেন, যে ব্যক্তি কোনো রোজাদারকে পানাহার করিয়ে ইফতার করাবে, সে তার অনুরূপ সওয়াব লাভ করবে। (মুসান্নাফে আবদুর রাজ্জাক : ৭৯০৬)। অন্য রোজাদারকে ইফতার করানোর মাধ্যমে আমরা কিন্তু সহজেই একটি রোজার সওয়াব পেয়ে যাচ্ছি এবং আমরা যারা শহরে থাকি, আমাদের জন্য সুবর্ণ সুযোগ হলো, অনেক মানুষ ইফতারের সময় গাড়ি থেকে নেমে ভালোমন্দ ইফতার করতে পারেন না। আমরা যদি তাদের ইফতারে সহযোগিতা করতে পারি, তাহলেও আমরা মহাসৌভাগ্য অর্জন করতে পারব।

মুক্ত হস্তে দান করুন

আর রমজানে দানের গুরুত্ব অনেক বেশি। এ মাসকে দানের মাসও বলা হয়, কেননা এ মাসে একটি নফল ইবাদত করলে একটি ফরজের সমান সওয়াব। আর একটি ফরজ ইবাদত করলে ৭০টি ফরজের সওয়াব দেওয়া হয়। রমজানে নবি রাসূল, সাহাবায়ে কেরাম এবং সালফে সালেহিনরা প্রচুর পরিমাণে দান করতেন। আয়েশা (রা.) বলেন, রাসূল (সা.)-এর দান রমজানে এমনভাবে বেড়ে যেত, তা মুক্ত বাতাসের মতো হয়ে যেত। মুক্ত বাতাস যেভাবে সবার কাছে পৌঁছে, ঠিক তেমনি যে চাইত তাকে তিনি দান করতেন, যে চাইত না তাকেও তিনি দান করতেন। হজরত আবদুল্লাহ ইবনে আব্বাস (রা.) থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল (সা.) ছিলেন মানুষের মধ্যে সবচেয়ে বেশি দানশীল। আর রমজানে তাঁর বদান্যতা আরও বেড়ে যেত। (সহিহ মুসলিম, ৩২০৮)। তাই আমাদের উচিত দুস্থ-অভাবীদের সহযোগিতা করা।

বেশি বেশি জিকির করুন

রমজানে বেশি বেশি জিকির-আসকার করাও গুরুত্বপূর্ণ একটি আমল। অন্যান্য মাসের তুলনায় এ মাসে তূলনামূলক আমরা একটু অবসর থাকি বেশি। তাই অবসর সময়টুকু অপচয় না করে হাঁটতে-বসতে বেশি বেশি জিকির করা কাম্য। রমজানে আমরা নিম্নোক্ত জিকিরগুলো আদায় করতে পারি। রাসূল (সা.) বলেন, সর্বোত্তম জিকির হলো 'লা ইলাহা ইল্লাল্লাহ' অর্থাৎ আল্লাহ ছাড়া কোনো উপাস্য নেই। তাই আমাদের উচিত, এটা বেশি বেশি পড়া। ক্ষমা চেয়ে এ জিকিরটি বেশি বেশি পড়া, রাব্বিগফিরলি ওয়া তুব আলাইয়্যা ইন্নাকা আনতাত তাওয়াবুর রাহিম। অর্থাৎ : হে মহীয়ান রব! আমাকে ক্ষমা করে দিন, আমার তওবা কবুল করুন। নিশ্চয় আপনি অতিশয় তওবা কবুলকারী, দয়াবান অথবা সংক্ষেপে শুধু আস্তাগফিরুল্লাহও পড়তে পারেন।

এছাড়া 'সুবহানাল্লাহ', 'আলহামদুলিল্লাহ', 'আল্লাহু আকবার', 'লা ইলাহা ইল্লাল্লাহ', 'আল্লাহুম্মা সাল্লিম সাল্লিম', 'সুবহানাল্লাহি ওয়া বিহামদিহি সুবহানাল্লাহিল *আজিম' এ জিকিরগুলো আদায় করতে পারেন।*

জীবনের জন্য সিয়াম সাধনা

॥ মুহাম্মদ মনজুর হোসেন খান ॥

মুসলিম সমাজের জাতীয় ঐতিহ্য চেতনায় এবং ধর্মীয় ও সাংস্কৃতিক জীবনে রমজান একটি অতিগুরুত্বপূর্ণ অধ্যায়। রমজান আগমনের সঙ্গে সঙ্গে প্রতিটি মানুষের মাঝে আচরণে কিছু ভিন্নতা চলে আসে। যিনি রোজা রাখেন না, সে লোকটিও রমজানে বিভিন্ন পর্যায়ে নিজেকে সংযত রাখেন। এই যে সুপ্ত চেতনা, এ চেতনাই মুসলিম চেতনা বা ইসলামি চেতনা। তবে তাকওয়া বা খোদাভীতির কিছু স্তর রয়েছে। ব্যক্তির কর্মপন্থার ওপর নির্ভর করে-তিনি তাকওয়ার কোন স্তরে অবস্থান করছেন।

মানবজাতিকে সংযমী চরিত্রের অধিকারী ও পূতপবিত্র তথা সংশোধন করার জন্য আল্লাহতায়ালা যে কয়টি মৌলিক ইবাদতের ব্যবস্থা করেছেন, রমজানের রোজা তার মধ্যে অন্যতম। বছরে একবার মাসব্যপী রোজা পালন বা সিয়াম সাধনার মাধ্যমে মানুষ যাতে আগামী দিনগুলোতে আল্লাহর ভয়ে ভীত; তথা তাকওয়াসম্পনœ, সংযমী, দায়িত্ববোধ ও সময়ানুবর্তিতায় পরিপূর্ণ এবং আল্লাহর হুকুম-আহকাম, আদেশ-নিষেধ পালনের মধ্য দিয়ে তার জীবনকে পরিচালনা করতে পারে, আল্লাহ সেজন্যই বছরে একবার মানুষের জন্য সিয়াম সাধনার ব্যবস্থা করেছেন। তাই এ মাসকে কুরআন ও হাদিসের অসংখ্য বর্ণনায় তাকওয়া অর্জন ও আত্মশুÍর মাস বলা হয়েছে।

প্রকৃতপক্ষে নামাজ, রোজা, হজ, জাকাতসহ ইসলামে আনুষ্ঠানিক যে কয়টি ইবাদতের ব্যবস্থা রয়েছে, প্রতিটি ইবাদতেরই এক একটি বিশেষ উদ্দেশ্য রয়েছে। আশরাফুল মাখলুকাত মানুষকে আল্লহ যেহেতু তাঁর খলিফা (প্রতিনিধি) হিসাবে সৃষ্টি করেছেন; এ প্রতিনিধিত্বের একটি বিশেষ লক্ষ্য রয়েছে। সেই লক্ষ্য পূরণের পথে এ ধরনের প্রতিটি আনুষ্ঠানিক ইবাদতই মূলত মানুষের জন্য এক একটি ট্রেনিং কোর্স। প্রতিটি ইবাদতের উদ্দেশ্য অনুধাবনের জন্য প্রথমেই আমাদের হৃদয়ঙ্গম করতে হবে মানুষের মূল দায়িত্ব কী? আল্লাহ রাব্বুল আলামিন তার সৃষ্টির অসংখ্য উপাদান ও বিষয়ের মধ্যে মানুষকে সর্বশ্রেষ্ঠ তথা আশরাফুল মাখলুকাত হিসাবে আখ্যায়িত করেছেন। কারণ শুধু মানুষের মাঝেই আল্লাহ একই সঙ্গে আবেগ, অনুভূতি, বিবেক, প্রজ্ঞা, কামনা-বাসনাসহ যাবতীয় গুণাবলির সমাবেশ ঘটিয়েছেন এবং বিচার-বিবেচনার ক্ষমতা দিয়ে তাঁর আদেশ পালন করা ও না করার স্বাধীনতা প্রদান করেছেন।

মানুষকে এতগুলো গুণাগুণ দিয়ে আল্লাহ এ জন্যই সৃষ্টি করেছেন, যেহেতু মানুষকে করা হয়েছে আল্লাহর প্রতিনিধি। আল্লাহ পবিত্র কুরআনে ইরশাদ করেন 'স্মরণ কর সেই সময়ের কথা, যখন আল্লাহ ফেরেশতাদের বললেন, আমি পৃথিবীতে একদল প্রতিনিধি প্রেরণ করতে চাই, ফেরেশতারা বলল মাবুদ এরা তো পৃথিবীতে মারামারি আর রক্তারক্তি করে পরিবেশ বিষময় করে তুলবে, যদি তোমার গুণগান প্রকাশ ও ইবাদতের জন্যই তাদের প্রেরণ করার ইচ্ছা করে থাক, তবে এ কাজের জন্য তো আমরাই যথেষ্ট, আল্লাহ বলল আমি যা জানি তোমরা তা জানো না'। অর্থাৎ মানুষ শুধু আল্লাহর ইবাদত বা গুণগানই প্রকাশ করবে না বরং তারা আল্লাহর প্রতিনিধি হিসাবে আল্লাহর দ্বীন ও বিধানকে বাস্তবায়ন করবে।

এ কথাই অন্যত্র আল্লাহ এভাবে বলেন, 'তোমাদের সৃষ্টি করা হয়েছে সর্বোত্তম জাতি হিসাবে, তোমাদের কাজ হবে সৎকাজের আদেশ এবং অসৎ কাজের নিষেধ করা'। এ পর্যালোচনা থেকে আমাদের কাছে যে বিষয়টি প্রতিভাত হয়, তা হলো মানুষকে আল্লাহ আশরাফুল মাখলুকাতের মর্যাদা দিয়ে এজন্যই সৃষ্টি করে‡ছন, 'আল্লাহর খলিফা বা প্রতিনিধি হিসাবে মানবজাতি আল্লাহর জমিনে আল্লাহর দ্বীনকে বাস্তবায়ন করবে'। আর আল্লাহর প্রতিনিধিত্ব করার উপযোগিতা অর্জনের জন্যই মানবজাতির প্রতি এসব আনুষ্ঠানিক ইবাদতের ব্যবস্থা করা হয়েছে। এসব এক একটি ইবাদতের মাধ্যমে মানুষ এক একটি গুণ অর্জন করবে বলে আল্লাহ ঘোষণা করেছেন। রোজার উদ্দেশ্য হলো, এর মাধ্যমে অর্জিত হবে তাকওয়া, আত্মশুদ্ধি ও আত্মসংযমের গুণ।

রোজার উদ্দেশ্য সম্পর্কে আল্লাহ কুরআনে পাকে স্পষ্ট করে বর্ণনা করেছেন, হে বিশ্বাসী! তোমাদের ওপর রোজা পালন আবশ্যিক (ফরজ) করা হয়েছে, যেমনি তা আবশ্যিক ছিল তোমাদের পূর্বসূরিদের ওপর, আশা করা যায়, এর মাধ্যমে তোমরা তাকওয়া বা খোদাভীতি অর্জন করতে পারবে। আল্লাহ নিজেই ঘোষণা করেছেন রোজা পালনের মাধ্যমে মানুষ খোদাভীতি অর্জন করতে পারবে। আল্লাহর ভয় যখন কারও মধ্যে পুরোপুরিভাবে সৃষ্টি হয়, তখন সে আন্তরিকভাবেই বিশ্বাস করে, সে যা কিছু করছে, তার প্রতিমুহূর্তের সব কর্মকান্ড আল্লাহ অবলোকন করছেন এবং তা রেকর্ড করা হচ্ছে। একদিন তাকে আল্লাহর কাছেই ফিরে যেতে হবে, আর তখন সে রেকর্ড মোতাবেক তার প্রতিনিধি জীবনের হিসাব হবে, হিসাবের পর নির্ধারিত হবে পুরস্কার বা শাস্তি।

রোজার উদ্দেশ্য হলো, এর মাধ্যমে অর্জিত হবে তাকওয়া, আত্মশুদ্ধি ও আত্মসংযমের গুণ।

রোজার উদ্দেশ্য সম্পর্কে আল্লাহ কুরআনে পাকে স্পষ্ট করে বর্ণনা করেছেন, হে বিশ্বাসী! তোমাদের ওপর রোজা পালন আবশ্যিক (ফরজ) করা হয়েছে, যেমনি তা আবশ্যিক ছিল তোমাদের পূর্বসূরিদের ওপর, আশা করা যায়, এর মাধ্যমে তোমরা তাকওয়া বা খোদাভীতি অর্জন করতে পারবে। আল্লাহ নিজেই ঘোষণা করেছেন রোজা পালনের মাধ্যমে মানুষ খোদাভীতি অর্জন করতে পারবে। আল্লাহর ভয় যখন কারও মধ্যে পুরোপুরিভাবে সৃষ্টি হয়, তখন সে আন্তরিকভাবেই বিশ্বাস করে, সে যা কিছু করছে, তার প্রতিমুহূর্তের সব কর্মকান্ড আল্লাহ অবলোকন করছেন এবং তা রেকর্ড করা হচ্ছে। একদিন তাকে আল্লাহর কাছেই ফিরে যেতে হবে, আর তখন সে রেকর্ড মোতাবেক তার প্রতিনিধি জীবনের হিসাব হবে, হিসাবের পর নির্ধারিত হবে পুরস্কার বা শাস্তি। খোদার এ ভয় যখন কারও মাঝে সৃষ্টি হয়, তখন সে জানতে চেষ্টা করে কোন কাজটি করা তার জন্য বৈধ-কোন কাজটি অবৈধ, কোনটা হারাম আর কোনটা হালাল। আর সে আত্মসমালোচনার মাধ্যমে ভাবে, আল্লাহ তাকে কী উদ্দেশ্যে দুনিয়ায় পাঠিয়েছেন, কী তার দায়িত্ব এবং এ দায়িত্বের পথে সে কতটুকু টিকে আছে, সর্বোপরি মানুষের জীবনের শেষ পরিণতি বাস্তবিক পক্ষে কী? এ প্রশ্নগুলোর উত্তর যখন খুঁজে পায়, তখন সে নিজেকে সংশোধন করতে থাকে, বস্তুতপক্ষে এজন্যই বলা হয়ে থাকে রমজান আত্মশুদ্ধির মাস।

এ লক্ষ্যেই (সা.) হাদিসে এরশাদ করেছেন, 'যে লোক রমজানে রোজা রাখবে ইমানের চেতনা ও আত্মসমালোচনার মাধ্যমে, তার আগের ও পরের সব অপরাধ ক্ষমা করে দেওয়া হবে। অন্য হাদিসে বলা হয়েছে, এভাবে রোজা রাখলে রমজান পূর্ণ হওয়ার সঙ্গে সঙ্গে সে শিশুর মতো নিষ্পাপ হয়ে ওঠে। তবে শুধু সকাল থেকে সন্ধ্যা পর্যন্ত পানাহার ও স্ত্রী সহবাস থেকে বিরত থাকার নামই রোজা নয়, অসংখ্য হাদিসে বারবার একটি কথা উল্লেখ করা হয়েছে, ইমান ও এহতেসাব বা আত্মসমালোচনা ও আত্মসংশোধন ছাড়া শুধু উপবাস আর জৈবিক ক্রিয়া থেকে বিরত থাকা রোজার কোনো মূল্যই আল্লাহর কাছে নেই। কেননা রোজার উদ্দেশ¨ই হচ্ছে আত্মশুদ্ধি-আত্মসংযম। রোজার মাধ্যমে আল্লাহর সন্তুষ্টি অর্জন করতে হলে আমাদের অবশ্যই রোজার সঙ্গে আত্মশুদ্ধির পন্থা অবলম্বন করতে হবে। এজন্য কঠোরভাবে মেনে চলতে হবে হালাল, হারাম, বৈধ ও অবৈধের গন্ডি। আল্লাহ আমাদের সে তওফিক দান করুন, আমীন।

Akash Medical Care

আকাশ মেডিক্যাল কেয়ার



Akash Ferdaus MD

Akash Medical Care

Internal & Geriatric Medicine

হার্টের ডাক্তার

Sudesh Srivastava MD

Cardiologist

পায়ের ডাক্তার

Dr. Nayeem Haque

Podiatic Surgeon

- Complete Physical & Follow up
- DMV/TLC, School Physical
- Flu Shots, Hajj & Umrah Vaccine
- Blood, Urine Test, EKG
- Immigration Physical
- Podiatric Surgery
- COVID Test & COVID Vaccine
- All Types of Vaccine

FOR APPOINTMENT

718-431-0009

Hours:
Mon-Sat 10 AM to 8 PM

79 Church Avenue, Brooklyn, NY 11218

টিকটক নিষিদ্ধের বিল পাশ

(প্রথম পাতার পর)

হওয়ার ফলে টিকটকের মূল মালিকানা প্রতিষ্ঠান বাইটড্যান্সকে অ্যাপটির মালিকানা ছেড়ে দেওয়ার জন্য ছয় মাস সময় বেঁধে দেওয়া হতে পারে। আর মালিকানা হস্তান্তর করা না হলে যুক্তরাষ্ট্রে চিরতরে বন্ধ হয়ে যেতে পারে অ্যাপটি। তবে আইনে পরিণত করার জন্য এটিকে এখন সিনেটের অনুমোদন পেতে হবে।

জানা গেছে, যুক্তরাষ্ট্রে ভিডিও শেয়ারিং অ্যাপ টিকটক পুরোপুরি নিষিদ্ধ করা সংক্রান্ত একটি বিল পাশ হয়েছে। বুধবার পার্লামেন্ট কংগ্রেসের প্রতিনিধি পরিষদে ৩৫২-৬৫ ভোটে বিলটি পাশ হয়। যদিও পাশ হওয়া এই বিলটি এখনো পুরোপুরি আইনে পরিণত হয়নি। প্রেসিডেন্ট জো বাইডেন স্বাক্ষরের পর পুরোপুরি আইনে পরিণত হবে সেই বিল। সিনেটে ভোটের ফলও যেন প্রতিনিধি পরিষদের অনুরূপ হয়, সে জন্য সামাজিক যোগাযোগমাধ্যম এক্সে বুধবারই আহ্বান জানিয়েছেন নিম্নকক্ষের সংখ্যাগরিষ্ঠ দল রিপাবলিকান পার্টির নাম্বার ২ হাউস রিপাবলিকান স্টিভ স্ক্যালিস। এক্সে দেওয়া পোস্টে তিনি বলেন, 'এই বিলটি খুবই স্পর্শকাতর এবং এর সঙ্গে জাতীয় নিরাপত্তার ব্যাপারটি সম্পর্কিত। ২০২১ সালে টিকটকের বিরুদ্ধে যুক্তরাষ্ট্রের নাগরিকদের স্পর্শকাতর ব্যক্তিগত তথ্য চুরির অভিযোগ উঠেছিল। সে বছরই যুক্তরাষ্ট্রের সেনা কর্মকর্তা ও কর্মচারীদের এই অ্যাপটি ব্যবহারে নিষেধাজ্ঞা দেয় ওয়াশিংটন। পরের বছর ২০২২ সালে সরকারি কর্মকর্তা কর্মচারীদেরও একই আদেশ দেওয়া হয়। এই আদেশের পর এবার চলতি বছর টিকটক পুরোপুরি নিষিদ্ধের এই কার্যক্রম হাতে নিল যুক্তরাষ্ট্র। এদিকে প্রতিনিধি পরিষদে বিলটি পাশের কিছুক্ষণ পর এক ভিডিওবার্তায় বাইটড্যান্সের শীর্ষ নির্বাহী শৌ জি চিউ বলেন, 'যুক্তরাষ্ট্রে টিকটক নিষিদ্ধ করার যে প্রক্রিয়া শুরু হয়েছে তা যুক্তরাষ্ট্রের অর্থনীতির জন্য বিপর্যয় ডেকে আনবে। এতে একদিকে ক্ষুদ্র-খুচরা ব্যবসায়ীদের পকেট থেকে শত শত কোটি ডলার হারিয়ে যাবে, অন্যদিকে অন্তত ৩ লাখ মানুষের কর্মসংস্থান হুমকির মুখে পড়বে।চীনের পররাষ্ট্র মন্ত্রণালয়ও যুক্তরাষ্ট্রে টিকটক নিষিদ্ধের পদক্ষেপের নিন্দা জানিয়েছে। মঙ্গলবার এক বিবৃতিতে মন্ত্রণালয় বলেছে, 'টিকটক যুক্তরাষ্ট্রের জাতীয় নিরাপত্তার জন্য হুমকি হয়ে উঠছে এমন কোনো প্রমাণ যুক্তরাষ্ট্রের সরকার পায়নি, তার পরও এই অ্যাপটি নিষিদ্ধ করার জন্য ওয়াশিংটন উঠে পড়ে লেগেছে।এ আগে গত সপ্তাহে প্রেসিডেন্ট বাইডেন বলেছিলেন, যদি টিকটক নিষিদ্ধ সংক্রান্ত কোনো বিল তার কাছে আসে, তা হলে সেখানে তিনি স্বাক্ষর করতে প্রস্তুত।

নিউইয়র্কে আশ্রয়কেন্দ্রগুলোতে হালাল

(প্রথম পাতার পর)

সিটির ব্রুকলীনের গ্রেভসেন্ড সেকশনে প্রস্তাবিত আশ্রয়কেন্দ্র না খোলার প্রতিবাদে বিক্ষোভ করেছে স্থানীয় বাসিন্দারা। জীবনযাত্রার মান এবং নিরাপত্তা উদ্বেগের কারনে শনিবার (১৭ মার্চ) ব্রুকলীনের ৪৬ তম স্ট্রিটে জড়ো হয় শত শত বাসিন্দা। বাসিন্দাদের দাবি, গ্রেভসেন্ড সেকশনে ১৫০ জন প্রাপ্তবয়স্ক আশ্রয়প্রার্থী পুরুষ রাখার যে পরিকল্পনা করা হয়েছে তা ব্রুকলীনের বাসিন্দাদের জন্য নিরাপত্তা ঝুঁকি তৈরি করতে পারে। নিউইয়র্কের নির্বাচিত কর্মকর্তারা জানান, ব্রুকলীনের যে হোটেলে যে প্রাপ্তবয়স্কদের রাখার ব্যবস্থা করা হয়েছে, তাদের বেশিরভাগই মাদকাশক্ত এবং মানসিক স্বাস্থ্য সমস্যায় ভুগছে। আশ্রয়প্রার্থীদের প্রস্তাবিত আশ্রয়কেন্দ্রে আশ্রয় দিলে স্কুলের শিক্ষার্থীদের উপর নেতিবাচক প্রভাব পড়ার পাশাপাশি ব্রুকলীনে অপরাধমূলক কর্মকান্ড বৃদ্ধি পাবে বলে আশঙ্কা প্রকাশ করে বাসিন্দারা। প্রায় ২০ হাজর বাসিন্দা সাইটটিকে আশ্রয়কেন্দ্রে পরিনত না করার একটি পিটিশনে সাক্ষর করে বলে জানা গেছে।

ট্রাম্পের মানসিক সুস্থতা নিয়ে কৌতুক

(প্রথম পাতার পর)

ইতিহাস গড়তে চলা এই দুই প্রার্থীর কথার লাড়াই বেশ জমে উঠেছে। শনিবার (১৬ মার্চ) ওয়াশিংটনের ঐতিহ্যবাহী গ্রিডিরন ক্লাব ডিনারে বাইডেনট্রাম্পকে প্রসঙ্গে বলেন, 'একজন প্রার্থী প্রেসিডেন্ট হওয়ার জন্য অনেক বুড়ো এবং মানসিকভাবে অক্ষম। আর একজন প্রার্থী তিনি নিজে বলে জানান। ডিনারে অংশ নেওয়া সাড়ে ছয়শ অতিথির সামনে এভাবেই নিজের পুরানো প্রতিদ্বন্দ্বীকে নিয়ে নতুন করে কৌতুকে মাতেন বাইডেন। সেখানে অতিথিদের মধ্যে অ্যামাজনের প্রতিষ্ঠাতা এবং ওয়াশিংটন পোস্টের মালিক জেফ বেজস এবং টিকটকের সিইও শাও জি চিউ উপস্থিত ছিলেন।

যুবক আটক

(প্রথম পাতার পর)

ব্যক্তি শনিবার (১৭ মার্চ) সকালে পেনসিলভানিয়ার ফলস টাউনশিপ থেকে তাকে আটক করা হয়। বাক্স কাউন্টি জেলা অ্যাটর্নি জেনিফার শর্ন এক সংবাদ সম্মেলনে জানান, গর্ডন তার ৫২ বছর বয়সী সৎ মা কারেন গর্ডন এবং ১৩ বছর বয়সী বোন কেরা গর্ডনকে নিজ বাড়িতে গুলি করে হত্যা করেন। এরপর গর্ডন এজউড লেনে যান। সেখানে দুই সন্তানের মা ২৫ বছর বয়সী টেলর ড্যানিয়েলকে গুলি করে হত্যা করেন।

NUR BEPARY AUTO REPAIR & BODY SHOP, INC.

COMPLETE BODY REPAIR

একটি বাংলাদেশী প্রতিষ্ঠান

Nur Bhai
President
718-551-1405



35-44, 61st Street
Woodside, NY 11377
Tel: 718-898-0052



Sarwor Khan
LIC. Real Estate Saleperson
Cell: 347-665-7580

EXIT REALTY PRIME

This is the best time to Buy or Sell your home

বাড়ী কিনার এখনই উপযুক্ত সময়
সুলভে বাড়ী কিনতে
আমাদের সাথে যোগাযোগ করুন

- Residential
- Commercial
- Co-op Condo
- HUD
- Pre-Forclosure
- Rental & Short Sale

- রেসিডেনসিয়াল
- কমার্শিয়াল
- কো-অপ কনডো
- HUD-বাড়ি
- প্রি-ফরক্লোজার
- ভাড়া ও শর্ট সেল



189-10 Hillside Ave, Jamaica NY 11423
Tel: 718-262-0205 Cell: 347-665-7580
Email: sarworexitrealty@gmail.com, Web:Exitprimeny.com

নিউইয়র্ক ও লংআইল্যান্ডে স্টেটের অনুদানে
বাসায় অত্যাধুনিক হিটিং ও
এয়ারকন্ডিশন লাগাতে চান?

লংআইল্যান্ডের ব্যবসার মালিকগণ এ সুযোগ গ্রহণ করতে পারেন

সম্মানিত বাড়ির মালিকগণ আমরা নিউইয়র্ক স্টেটের বিশেষ অনুদানে (৭০% পর্যন্ত) আপনার বাড়িতে অত্যাধুনিক হিটিং ও এয়ারকন্ডিশন লাগিয়ে দিতে চাই

নতুন বছর উপলক্ষে ৫০% সেল



স্টেটের অর্থায়নে হিটিং ও এয়ারকান্ডিশন সিস্টেম সম্পর্কে জানতে আজই যোগাযোগ করুন



তোফায়েল চৌধুরী (লিটন)

এই অত্যাধুনিক সিস্টেমে আপনার হিটিং বিল প্রায় ৫০% কমাতে সাহায্য করবে



আমাদের কল করুন
914-222-9477 or 914-989-0089
GREE MECHANICAL YONKERS
Gree Mechanical Yonkers
1900 Central Park Ave, Yonkers NY 10710

LAW OFFICE OF ALBERT GHUNNEY
ATTORNEY AT LAW

ACCIDENT / IMMIGRATION / DIVORCE

ইমিগ্রেশনঃ ফ্যামিলি পিটিশন, গ্রীনকার্ড, সিটিজেনশীপ, এসাইলাম ও ওয়ার্ক পারমিট রিনিউ। ডিভোর্স, চাইল্ড সাপোর্ট, কাস্টডি, এলিমনি। ইনকর্পোরেশন এন্ড বিজনেস ট্যাক্স

বাংলাদেশ থেকে B1/B2/F1/M1/J1 ভিসা প্রসেস

সহযোগিতার জন্য যোগাযোগ করুনঃ

ইমিগ্রেশন সার্ভিসে ১২ বছরের অভিজ্ঞ নিউইয়র্ক স্টেট লাইসেন্সড ল'ইয়ার

MURAD HOSSAIN MSS, LLB (DU), LLM USA, DTL UK

347-891-8958, h_m_murad@yahoo.com
37-22 73rd Street, (1F), Jackson Heights, NY 11372

কলম্বিয়া ইউনিভার্সিটি ল' গ্রাজুয়েট, লন্ডন ইউনিভার্সিটি থেকে ব্রিটিশ ফরেন ও কমনওয়েলথ

অফিসের অধীনে শেডনিং স্কলার ও হিউম্যান রাইটস-এ মাস্টার্স, ঢাকা ইউনিভার্সিটি থেকে আইনে অনার্স ও মাস্টার্স (১ম শ্রেণী), বিসিএল (জুডিশিয়াল) এর সদস্য, বাংলাদেশে প্রাক্তন সিনিয়র সহকারী জজ আইন মন্ত্রণালয়ের সিনিয়র সহকারী সচিব ও বাংলাদেশ সরকারের প্রাক্তন মাননীয় আইন মন্ত্রীর কাউন্সিল অফিসার হিসেবে ৮ বছর এবং নিউইয়র্কের বিভিন্ন ল'ফার্মের অভিজ্ঞতাসম্পন্ন এ্যাটর্নী।



অশোক কুমার কর্মকার
এ্যাটর্নী এট ল'

আমেরিকায় যে কোন নতুন ব্যবসায় নূন্যতম বিনিয়োগের মাধ্যমে Treaty (E-2) ভিসার অধীনে এসে বসবাস করার সুযোগ পেতে পারেন এবং পরবর্তীতে গ্রীন কার্ড পাওয়ার যোগ্য হতে পারেন।

মাত্রাত্র ১ মিলিয়ন বা নূন্যতম ৫ লাখ ডলার বিনিয়োগ করে EB-5 ভিসার অধীনে আপনি আপনার পরিবার ও সন্তান-সন্ততিসহ গ্রীন কার্ড পেতে পারেন।

বৈধভাবে এদেশে আপনার বিনিয়োগের অর্থ অর্জনে আমাদের সাথে পরামর্শ করতে পারেন।

চাকরে কোন কোম্পানীর মালিক/পরিচালক হলে আপনি ও আপনার পরিবার ৭ বছরের সুবিধা নিতে পারেন এবং দু'বছর পর গ্রীন কার্ডের আবেদন করতে পারেন।

আপনি কি বিনিয়োগের মাধ্যমে নিজের যোগ্যতায় খুব দ্রুত গ্রীন কার্ড পেতে চান?

- আপনার সার্বিক আইনী (ইমিগ্রেশন, এসাইলামসহ সর্বপ্রকার রিয়েল এস্টেট ক্লোজিং, পার্সোনাল ইনজুরি, মেডিকেল ম্যালপ্র্যাকটিস, ডিভোর্স, পারিবারিক রিস্যালাইজেশনসহ সকল ধরনের) সমস্যার সমাধানে যোগাযোগ করুন (সোম-শনিবার)।
- আমেরিকায় বসে আমাদের ঢাকা অফিসের মাধ্যমে খরচ ও সময় বাঁচিয়ে আপনি বাংলাদেশে আপনার যে কোন মামলা পরিচালনা, সম্পত্তি ক্রয়-বিক্রয়সহ যে কোন আইনী সমস্যার সমাধান সহজেই করতে পারবেন।
- আপনার সম্পত্তি ব্যবস্থাপনায় (Property Management) আমাদের ঢাকা অফিস আপনাকে সহায়তা করতে পারে।

Law Offices of Ashok K. Karmaker, P.C.
Queens Main Office: Queens Office: 143-08 Hillside Avenue, Jamaica, NY 11435
Tel: (212) 714-3599, (718) 408-3282, Fax: (718) 408-3283, Email: ashok@ashoklaw.com, Web: www.ashoklaw.com
Tel: (718) 662-0100, Fax: (347) 305-8383, Email: info.klpllc@gmail.com, Web: www.k-lpllc.com
Dhaka Office: US-Bangladesh Global Law Associates Ltd.
Dream Apartment, Apt.C2, Hse 3G, Road 104, Gulshan Circle 2, Dhaka 1212, Bangladesh, Tel: 011-880-2-8833711

ম্যানহাটনে বাংলাদেশী এটর্নী



- ইমিগ্রেশন
- রিয়েল এস্টেট
- এক্সিডেন্ট
- ল্যান্ডলর্ড-টেনেন্ট
- ব্যাংক্রাপসি
- ডিভোর্স সহ বিভিন্ন

সমস্যার আইনগত সহায়তার জন্য যোগাযোগ করুন।

মোহাম্মদ এ. আজিজ Esq
এটর্নী এট ল'
For Appointment: (917)-434-3338
Tel: 212-695-0055, Fax: 212-695-0056, e-mail: azizbbn@yahoo.com
421 7th Avenue, Suite# 905, New York, NY 10001

বিলাসবহুল অ্যাপার্টমেন্ট থেকে মেথ কোকেনসহ

(শেষের পাতার পর)

সপ্তাহে একটি বিলাসবহুল অ্যাপার্টমেন্ট থেকে মাদকদ্রব্যগুলো জব্দ করা হয়। মাদকদ্রব্য পাচারের সাথে জড়িত জোভানি সালাস এবং সার্জিও নামের ২ ব্যক্তিকে গ্রেফতার করা হয়।

নিউইয়র্কের মানবসেবা কর্মীদের জন্য ৭৪১ মিলিয়ন ডলারের ঘোষণা

নিউইয়র্কের প্রায় ৮০ হাজার মানবসেবা কর্মীদের জীবন-যাত্রা ব্যয়ের জন্য ৭৪১ মিলিয়ন ডলার অনুমোদনের ঘোষনা করেছে মেয়র এরিক অ্যাডামাস। মানব সেবাকর্মীদের অবদানকে স্বীকৃতি দিতে বৃহস্পতিবার এক সংবাদসম্মেলণে তিনি এই ঘোষণা দেন। এর মাধ্যমে মানবসেবা কর্মীদের জীবনযাত্রার ব্যয় ৯ দশমিক ৩ শতাংশ বৃদ্ধি পেয়েছে। মেয়র বলেন, কমিউনিটি হেলথ কেয়ারে কাজ করা, শিশুদের যত্ন নেওয়া এবং সিনিয়র সিটিজেনদের খাবার সরবরাহ করার মাধ্যমে নিউইয়র্কের বাসিন্দাদের সাহায্য করে আসছে। এছাড়া কম বেতন মহামারী চলাকালীন সময়ে পরিষেবা অব্যাহত রাখায় মানব পরিষেবা কর্মীদের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন তিনি।

নিউইয়র্কে খুচরা চুরি বন্ধে ৪৫ মিলিয়ন ডলার অনুমোদন

নিউইয়কে সংগঠিত খুচরা চুরি রোধে আগামী অর্থবছরের বাজেটে ৪৫ মিলিয়ন ডলার অনুমোদনের পরিকল্পনা ঘোষণা করেছেন গভর্নর কেথি হোকুল। গত ১২ মার্চ মঙ্গলবার এক সংবাদ সম্মেলনে তিনি এই ঘোষণা দেন। প্রস্তাবিত পরিকল্পনা অনুসারে খুচরা চুরি তদারকি করা স্টেট পুলিশ ইউনিটকে ২৫ মিলিয়ন, জেলা অ্যাটর্নি এবং আইনপ্রয়োগকারীদের জন্য ১৫ মিলিয়ন এবং নিরাপত্তা খরচ বহনে ব্যবসায়ীদের জন্য ৫ মিলিয়ন ডলার বরাদ্ধ করা হয়েছে। গভর্নর বলেন, নিউইয়র্কের বন্দুক সহিংসতা, খুন এবং হামলার ঘটনাগুলো স্থানীয় আইন প্রয়োগকারী সংস্থাগুলোর সাথে সফলভাবে কাজ করে যাচ্ছেন। এখন খুচরা চুরি রোধে তিনি একই পথে আগাতে চান বলে জানান। অনলাইন মার্কেটপ্লেস এবং থার্ড পার্টি বিক্রেতা যারা চুরি কার মালামাল বিক্রি করে তাদের জন্য ফৌজদারি শাস্তি ব্যবস্থা করা হবে বলেও জানা গেছে।

কনি আইল্যান্ডে ৬০০ নিউইয়র্কারদের জন্য চাকরির সুযোগ

কনি আইল্যান্ডে গৃহহীন বাসিন্দা, মাদকাসক্ত এবং কারাবন্দিদের সাহায্যসহ বিভিন্ন খাতে ৬০০ নতুন চাকরির সুযোগ দিচ্ছে অ্যাসোসিয়েশন অব কমিউনিটি এমপ্লয়মেন্ট সংস্থা। গত ১২ মার্চ বুধবার সিটি কাউন্সিল ফাইন্যান্স চেয়ার জানান, নিউইয়র্কের বর্তমান বাজেট থেকে ৫০ হাজার পুনঃনির্ধারিত অর্থ অলাভজনক প্রতিষ্ঠান এইস এর কর্মী নিয়োগে জন্য ব্যবহার করা হবে। এইস এর নির্বাহী পরিচালক জেমস মার্টিন বলেন, স্যানিটেশন কর্মীরা ঘন্টা প্রতি ১৬ ডলার করে পাবে। এছাড়া কোম্পানির স্পন-সরশীপে অবদান রাখার জন্য তাদের আর্থিক অনুদান দেওয়া হবে। আগামী ২৫ মার্চ থেকে এই প্রোগ্রামের কার্যক্রম শুরু করা হবে বলে জানা গেছে।

কুইন্স স্ট্রিপ মলে অগ্নিকান্ড, ২টি গির্জাসহ ক্ষতিগ্রস্থ বেশকয়েকটি ব্যবসায়

সিটির কুইন্স স্ট্রিপ মলে অগ্নিকান্ডে ঘটনায় ২টি গির্জাসহ বেশ কয়েকটি ব্যবসায় প্রতিষ্ঠান ক্ষতিগ্রস্থ হয়েছে। গত ১২ মার্চ বুধবার দুপুর ১ টার দিকে হলিসের মারডক অ্যাভিনিয়ের ৬ টি কাঠামোতে আগুন ছড়িয়ে পড়ে। এফডিএনওয়াই কর্মকর্তারা জানান, প্রায় ১ ঘন্টা পর তারা আগুন নিয়ন্ত্রনে আনতে সক্ষম হয়। অগ্নিকান্ডে কোনো হতাহতের ঘটনা ঘটেনি। তবে ২ টি গির্জাসহ বেশ কয়েকটি ব্যবসায় প্রতিষ্ঠানের ব্যাপক লোকসান হয়েছে বলে জানা গেছে। আগুন লাগার আসল কারন এখনো জানা যায়নি। ফায়ার মাশালরা ঘটনাটি তদন্ত করছে।

বাড়ী ক্রয়ের প্রস্তুতি

(শেষের পাতার পর)

নূন্যতম জানা থাকা প্রয়োজন। তানাহলে আর্থিক ক্ষতির সমস্যা সহ নানা সমস্যায় পড়ার সমূহ সম্ভাবনা রয়েছে। একজন বাড়ীর মালিককে অন্তত ড্রিল মেশিন চালানোর যোগ্যতা থাকলেই তিনি বাড়ী ক্রয়ের জন্য প্রস্তুত বলেই ধরে নেয়া যায়। মনে রাখতে হবে ছোট-খাটো অনেক কাজ থাকে যা মালিক নিজেই করতে পারেন। তানাহলে একদিকে বাড়ীর যেমন সঠিকভাবে খাকবে না, তেমনী বাড়ীর মূল্যও কমে যাবে।

হঠাৎ ঘরের তালা নষ্ট হয়ে যেতে পারে, বাথরুমে সমস্যা দেখা দিতে পারে। বৈদ্যতিক কানেকশনে সমস্যা দেখা দিতে পারে। ইত্যাদি ছোট-খাটো সমস্যাগুলো বড় সমস্যার সৃষ্টি করতে পারে। তাই সংশ্লিস্ট বাড়ীর মালিককে ছোট-খাটো কাজ নিজেকেই করতে হতে পারে। এক্ষেত্রে ইউটিউবের সাহায্য নেয়া যেতে পারে। প্রয়োজনে বন্ধু-বান্ধবের সাহায্য নেয়া যেতে পারে। তবে সর্বোত্তম হচ্ছে বাড়ী ক্রয়ের অগে বা বাড়ীর মালিক হওয়ার পূর্বে বাড়ী সুন্দর ও ভালো রাখার ছোটখাটো সমস্যাগুলো আগেভাগেই জেনে নেয়া ভালো।

নিউইয়র্কে আপনার ক্রেডিট স্কোর, ক্রেডিট রিপেয়ার, মর্টগেজ সহ বাড়ী ক্রয়-বিক্রয়ে আমরা পরামর্শ দিয়ে থাকি। প্রয়োজনে কল করুন: ৭১৮-৫০৭-লোন (৫৬২৬)

সাংবদিক শওকত ওসমান রচি'র মা বীর মুক্তিযোদ্ধা জাহনারা বেগমের ইন্তেকাল

নিউইয়র্ক (ইউএনএ): বিশিষ্ট সাংবদিক, আমেরিকা বাংলাদেশ প্রেসক্লাবের (একাংশ) সাবেক সাধারণ সম্পাদক শওকত ওসমান রচি'র মা বীর মুক্তিযোদ্ধা জাহনারা বেগম (৮৪) ইন্তেকাল করেছেন। গত ১২ মার্চ মঙ্গলবার তিনি ঢাকায় ইন্তেকাল করেছেন (ইন্নালিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজেউন)। জানা গেছে, ডায়রিয়ায় আক্রান্ত হয়ে তিনি স্পেশালাইজড হসপিটালে ভর্তি ছিলেন। সুস্থ হবার পর বাসায় ফেরেন। কিন্তু বাসায় ফেরার একদিন পরই তিনি পৃথিবীর মায়া ত্যাগ করে পরপারে চলে যান। মৃত্যুকালে তিনি এক ছেলে, তিন মেয়ে, নাতি-নাতনি সহ বহু আত্নীয়-স্বজন রেখে গেছেন। খবর ইউএনএ'র।



এদিকে বুধবার (১৩ মার্চ) বাদ যোহর ঢাকার মি-রপুর ১ নম্বর সেকশনে আন নুরী জামে মসজিদ এ তার জানাজা অনুষ্ঠান শেষে ঐদিনই মিরপুর বুদ্ধিজীবী কবরস্থানে তার মরদেহ দাফন করা হয় বলে জানা গেছে।

জাহানারা বেগম ১৯৭১ সালে মুক্তিযুদ্ধে অংশ নিয়েছিলেন। তিনি লাইব্রেরী সাইন্সে ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে এম এ পাশ করেন। তিনি ধানমন্ডি গার্লস স্কুলে শিক্ষকতা করার পর পাবলিক লাইব্রেরীতে চাকরি করেছেন। পরবর্তীতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের চারুকলা অনুষদে লাইব্রেরীয়ান পদ থেকে অবসর নেন। চাকরিজীবনের পাশাপাশি তিনি সাহিত্য চর্চাও করতেন। বিভিন্ন দৈনিকে নিয়মিত কবিতা-গল্প-সাময়িকী প্রকাশের পাশাপাশি এ পর্যন্ত প্রায় ১৬টি বই প্রকাশ হয়েছে।

মরহুমার একমাত্র সন্তান সাংবাদিক শওকত ওসমান রচি নিউইয়র্কে বসবাস করেন।

শোক প্রকাশ: সাংবাদিক শওকত ওসমান রচি'র মা বীর মুক্তিযোদ্ধা জাহানারা বেগমের মৃত্যুতে নিউইয়র্ক বাংলাদেশ প্রেসক্লাবের সভাপতি মনোয়ারুল ইসলাম ও সাধারণ সম্পাদক মমিন মজুমদার গভীর শোক প্রকাশ করেছেন। এছাড়াও ক্লাবের সাবেক সভাপতি ডা. ওয়াজেদ এ খান ও আবু তাহের এবং সাবেক সাধারণ সম্পাদক এবিএম সালাহউদ্দিন আহমেদ ও শিবলী চৌধুরী কায়েস পৃথক পৃথকভাবে গভীর শোক ও সমবেদনা জানিয়ে মরহুমার বিদেহী আত্মার মাগফেরাত কামনা করেছেন।

আরো শোক জানিয়েছেন আমেরিকা বাংলাদেশ প্রেসক্লাবের (একাংশ)-এর সভাপতি মোহাম্মদ সাঈদ ও সাধারণ সম্পাদক মঞ্জুরুল হক এবং সাবেক সভাপতি দর্পণ কবীর।

DR. SADI ALAM, DPM
Foot Specialist
পায়ের বাংলাদেশী রোগ বিশেষজ্ঞ চিকিৎসক
Jamaica Office: 168-32 Highland Ave, Jamaica, NY 11432
Hollis: 196-22 Hillside Ave, Hollis, NY 11423
Jackson Heights Office: 7017 37th Ave, Jackson Heights, NY 11372
Brooklyn Office: 686 McDonald Ave, Brooklyn, NY 11218
Alam Podiatry, P.C.
Ozone Park Office: 530 Conduit Blvd, Brooklyn, NY 11208
Bronx Office: 3099 Bainbridge Ave, Bronx, NY 10467
Parkchester Office: 1381 Castle Hill Ave, Bronx, NY 10462
FOR APPOINTMENT
Phone: 347-509-4470 | Fax: 646-845-1861 | www.alampodiatry.com
WE ACCEPT ALL MAJOR INSURANCE PLANS
PLEASE ASK YOUR DOCTOR FOR REFERRAL

দীর্ঘ লাইনে আর অপেক্ষা নয়
আপনি লাইনে থাকতেই প্রেসক্রিপশন তৈরী
বিনামূল্যে ব্লাড প্রেসার চেক করা হয়।
বিনামূল্যে ব্লাড সুগার মনিটর
২৫% ছাড় কুপন সহ যে কোন পণ্য ক্রয়ে
প্রেসক্রিপশন এর ক্ষেত্রে প্রযোজ্য নয়
ফ্রি উপহার কুপন সহ ভিতরে প্রবেশ করলেই
এটিএম, ফোন কার্ড এবং মেট্রো কার্ড পাওয়া যায়
PARKCHESTER FAMILY FARMACIA & SURGICAL, INC.
PARKCHESTER FAMILY PHARMACY & SURGICAL, INC.
নিউইয়র্ক লটারী খেলার ব্যবস্থা রয়েছে
আমরা মেডিকেইড, মেডিকেয়ার পার্ট ডি, থার্ড পার্টি ইন্স্যুরেন্স, অধিকাংশ ইউনিয়ন প্ল্যান ও ওয়ার্কার কমপেনসেশন গ্রহণ করে থাকি।
❑ প্রতিদিন সর্বোচ্চ কমমূল্যের নিশ্চয়তা এবং সিনিয়র সিটিজেনদের জন্য ১০% মূল্য ছাড়, ❑ সার্জিক্যাল সাপ্লাই, হোম হেলথ্ কেয়ার, প্রসাধন সামগ্রী, সুগন্ধি, ভিটামিন, হেলথ্ এন্ড বিউটি কেয়ার ❑ ফটোকপি ৫ সেন্ট, ❑ ফ্যাক্স সার্ভিস, ❑ ৯৯ সেন্ট-এ উপহার কার্ড, ❑ ফিল্ম প্রসেসিং
আমাদের কোন শাখা নেই
PARKCHESTER FAMILY PHARMACY
১৪৪৫ ইউনিয়ন পোর্ট রোড (জে এন্ড কে বুফের পাশে) ব্রঙ্কস, নিউইয়র্ক-১০৪৬২ (347) 851-2688
আমরা অন্য ফার্মেসী থেকে আপনার সকল প্রেসক্রিপশন সংগ্রহ করে থাকি।



এটর্নী শাকিল এইচ কাজমী

ইমিগ্রেশন ও আপনি

আমেরিকায় অবস্থানরত বাংলাভাষাভাষী প্রত্যেকেই কোন না কোনভাবে ইমিগ্রেশনের সাথে জড়িত। বিশাল জনগোষ্ঠীর বিশেষ সুবিধার্থে ইমিগ্রেশন বিষয়ে "ইমিগ্রেশন ও আপনি" শিরোনামে প্রতি সপ্তাহে একজন ইমিগ্রেশন বিশেষজ্ঞ আইনজীবীর লেখা ধারাবাহিকভাবে প্রকাশ করছি। এই কলামটির লেখক শাকিল হোসেন কাজমী। শাকিল কাজমী নিউইয়র্ক ল'স্কুলে আইনের উপর পড়াশোনা করেছেন। তিনি ওয়াশিংটন কলেজ অব ল' থেকে ইমিগ্রেশন ল' এবং বিজনেস ল'-এর উপর এল,এল,এম, করেছেন। তিনি নিউইয়র্ক স্টেট বার এসোসিয়েশন, আমেরিকান বার এসোসিয়েশন এবং ইমিগ্রেশন ল' ইয়ার্স এসোসিয়েশনের সদস্য।

ইমিগ্রেশন ও আপনি বিভাগ থেকে আপনাদের সবার জন্য রইলো আমাদের শুভেচ্ছা ও ধন্যবাদ। আশা করি আপনারা সবাই সুস্থ ও নিরাপদে আছেন। আপনাদের মঙ্গলময় জীবনই আমাদের কাম্য, আর তাই ইমিগ্রেশন বিষয়ে যে কোন প্রয়োজনে আমরা আপনাদের সাহায্যের জন্যে প্রস্তুত। এ বিভাগ আপনাদেরই জন্য। এ কারণে এই বিভাগের মাধ্যমে আপনারা এতটুকু উপকৃত হলে আমরা আনন্দিত হবো। প্রতি সপ্তাহের মতো এ সপ্তাহে আপনাদের পাঠানো চিঠিগুলো আমাদের হাতে এসে পৌঁছেছে। আপনাদের পাঠানো চিঠি থেকে পর্যায়ক্রমে আমরা তার উত্তর দিয়ে থাকি।

মার্চ ২০২৪ ভিসা বুলেটিন

ইউএস স্টেট ডিপার্টমেন্ট অব স্টেট (ডিওএস) ফেব্রুয়ারী ২০২৪'র ভিসা বুলেটিন প্রকাশ করেছে। নিম্নে মার্চ ২০২৪ এর পারিবারিক ভিত্তিতে ফেব্রুয়ারী মাসের ভিসা বুলেটিনের প্রাপ্যতা দেয়া হলো। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, ফাইনাল অ্যাকশন ডেট বলতে সেই ডেটকে বুঝায় যখন ইউএসসিআইএস জমা দেয়া আবেদন সম্পর্কে তাদের চূড়ান্ত সিদ্ধান্ত দেবে। প্রায়োরিটি ডেট হবে এই ডেটের পূর্বে। ফেব্রুয়ারী ২০২৪'র ভিসা বুলেটিনের সার্বিক পর্যালোচনা করে দেখা যায় ফ্যামিলি ভিত্তিক ভিসা বুলেটিনে অগ্রগতি খুব একটা দেখা যায় না।

ফ্যামিলি স্পন্সরড অগ্রাধিকার

প্রথম (এফ-১)ঃ আমেরিকান নাগরিকদের অবিবাহিত পুত্র-কন্যাঃ ৮ ফেব্রুয়ারী, ২০১৫।

দ্বিতীয়ঃ পারমানেন্ট রেসিডেন্টদের স্বামী/স্ত্রী, সন্তান এবং অবিবাহিত ছেলে ও মেয়েরাঃ

এ. (এফ২এ)ঃ পার্মানেন্ট রেসিডেন্টদের স্বামী/স্ত্রী এবং ২১ নিম্ন বয়সের ছেলে ও মেয়েরাঃ জুন ২২, ২০২০।

বি. (এফ ২বি)ঃ পার্মানেন্ট রেসিডেন্টদের অবিবাহিত ছেলে ও মেয়েরা (২১ বছর বা তদুর্ধবয়সী ছেলে ও মেয়েরাঃ নভেম্বর ২২, ২০১৫।

তৃতীয়ঃ (এফ-৩)ঃ আমেরিকান নাগরিকদের বিবাহিত পুত্র-কন্যাঃ ০১ অক্টোবর ২০০৯।

চতুর্থঃ (এফ-৪) ঃ প্রাপ্তবয়স্ক আমেরিকান নাগরিকদের ভাই-বোনঃ ০৮ জুন, ২০০৭।

এ বিষয়ে এবং চাকরি ভিত্তিক ভিসার প্রাপ্যতা জানতে চাইলে ইউএস ডিপার্টমেন্ট অব স্টেটের ওয়েব সাইট ভিজিট করুন।



নিউইয়র্ক থেকে মাহিম খানের প্রশ্নঃ

এই বিভাগের মাধ্যমে আমি একটি বিষয় সম্পর্কে ধারণা পাবার জন্য একটি প্রশ্ন উত্থাপন করছি। আশা করি আমার প্রশ্নের উত্তর পাব।

আমার জানার বিষয় হচ্ছে আমার এক বন্ধুর ইউএস সিটিজেনের সাথে বিয়ে হয়েছে। কিন্তু তাদের বিয়ে অর্থাৎ সম্পর্ক টেকার ব্যাপার যথেষ্ট সন্দেহ আছে বলে তার জিজ্ঞাসা হচ্ছে। ইউএস সিটিজেনের সাথে বিয়ের মাধ্যমে গ্রিনকার্ড পেলে এবং সেই বিয়ে না টিকলে বা গ্রিনকার্ড পাওয়ায় তাদের নতুন চ্যালেঞ্জের মুখোমুখি হতে হয়। কেউ আইনসম্মত রেসিডেন্ট হিসেবেই ১০ বছর যাবত গ্রিনকার্ড পেয়ে থাকেন। তবে বিয়ের স্ট্যাটাস সরাসরি ইমিগ্রেশন স্ট্যাটাসকে ক্ষতিগ্রস্থ করতে পারবে না। আবার কেউ যদি শেষ কোন ইউএস সিটিজেন বা পারমানেন্ট রেসিডেন্টকে বিয়ে করে গ্রিনকার্ড পেয়ে থাকেন তবে সেক্ষেত্রে ডিভোর্স সমস্যার সৃষ্টি করতে পারে। এক্ষেত্রে ইউএসসিআইএস ২ বছর শর্ত সাপেক্ষে গ্রিনকার্ড দিয়ে থাকে। এই ২ বছরকে মানে ডিভোর্স হলে সেই গ্রিনকার্ড অবস্থা কেমন হবে? গ্রিনকার্ড বাতিল হয়ে যায় কিনা? এ ব্যাপারে আমার বন্ধুর জিজ্ঞাসা।

মাহিম খানের প্রশ্নের উত্তরঃ

এই ধরনের বিষয় নিয়ে প্রায়শই আমারা চিঠি পেয়ে থাকি। অনেক সময় ইউএস সিটিজেনের সাথে বিয়ের মাধ্যমের গ্রিনকার্ড পেয়ে আবার সেই বিয়ে ভেঙ্গে যায়। অনেক ক্ষেত্রে ডিভোর্সের পর পারমানেন্ট রেসিডেন্ট হচ্ছে যৌথ পিটিশন এবং এতে স্বামী/স্ত্রী উভয়কে স্পন্সর করতে হবে।

শর্ত সাপেক্ষে গ্রিনকার্ড পাবার পর ডিভোর্স হলে কী হবে?

আগেই উল্লেখ করা হয়েছে যে কোন ইউএসসিটিজেন বা পারমানেন্ট রেসিডেন্টকে বিয়ের শর্ত সাপেক্ষে গ্রিনকার্ড পাবার পর ডিভোর্স হলে সেক্ষেত্রে সমস্যার সৃষ্টি হতে পারে। বিয়ের মাধ্যমে গ্রিনকার্ড পাওয়ার ক্ষেত্রে ২ বছরের শর্ত সাপেক্ষ সময়ের মধ্যে ডিভোর্স হলে তবে শর্ত মওকুফের জন্য যৌথ ইউএসসিআইএস বিয়ের বিশ্বাস যোগ্যতা মূল্যঅয়নের সুযোগ হিসেবে কাজে লাগায়। ইমিগ্রেশন আইন দেখতে চায় ঐ ২ বছরের বিয়ের বিশ্বাসযোগ্য অবস্থায় পৌঁছেছে। এই শর্ত সাপেক্ষে সময়ের শেষে দম্পতি তাদের বিয়ে বিশ্বাসযোগ্যতা প্রমাণসহ অবশ্যই যৌথভাবে আবেদন করবেন এবং ফর্ম আই-৭৫১ প্রমাণসহ পুরণ করে শর্ত প্রত্যাহারের পিটিশন তাখিল করবেন। ফর্ম আই-৭৫১ আবেদন জরুরী। তবে এক্ষেত্রে ইউএসসিআইএস কেসটিকে অতিরিক্ত সতর্কতা নিয়ে যাচাই করতে চাইবে। তারা নিশ্চিত হতে চাইবে যে বিয়েটা প্রকৃত অর্থে বিয়ে কিনা। ইউএসসি-সআইএস যেনো মনে করে যে দুজন একসময় একে ফারকে ভালোবেসেছিলো। একে অপরের পতি কমিটেড থাকা সত্বেও তারা একে অপর থেকে বিচ্ছিন্ন হয়েছে। তবে এক্ষেত্রে প্রমানের দয়িত্ব বর্তাবে যিনি শর্ত সাপেক্ষে গ্রিনকার্ড পেয়েছিলেন তার উপর।

এমন অবস্থার সৃষ্টি হলে আবেদনকারীকে অবশ্যই আবেদনের সঙ্গে ডিভোর্সের রায়, বিবাহিত যথাযথভাবে চলচিলো কিন্তু কেন ডিভোর্স হলো তার একটি বিশ্বাসযোগ্য বিবৃতি সংযুক্ত করে দিতে হবে।

ইমিগ্রেশনে প্রমাণ করতে হবে যে, বিয়েটা প্রকৃত বিয়ে ছিলো। গ্রিনকার্ড পাওয়ার জন্য এই বিয়েটা সংঘটিত হয়নি। যা অনেকক্ষেত্রে হয়ে থাকে। এক্ষেত্রে আমাদের পরামর্শ হচ্ছে এমন অবস্থায় যত বেশি প্রমাণ উপস্থাপন করা যায় বা যত বেশি প্রমাণ উপস্থাপন করা সম্ভব তা সংযুক্ত করে দিতে হবে।

এই বিষয় সম্পর্কে যথাযথভাবে জানার প্রয়োজন হলে এবং বিস্তারিত জানার জন্য প্রয়োজনবোধে একজন অভিজ্ঞ এটর্নীর সাথে সাক্ষাতে আলোচনা করা শ্রেয়।

প্রয়োজনবোধে একজন এটর্নীর সাথে আলোচনা করতে পারেন। ইমিগ্রেশন বিষয়ে যে কোন প্রয়োজনে আমাদের সাথে যোগাযোগের ঠিকানা: ২২৫ ব্রডওয়ে (৩৮ তলা), নিউইয়র্ক ১০০০৭।

ফোন: ২১২-৫১৩-৭৪৭৪

ফ্যাক্স: ৯১৪-৪৬২-৩৯৯০

ই-মেইল: kazmiandreeves@gmail.com এ লিখে ই-মেইল করলে অবশ্যই 'বাংলা পত্রিকার জন্য' কথাটি উল্লেখ করবেন।

অনুবাদঃ হুসনে এ. বেগম।

Law Offices of Kazmi & Reeves



225 Broadway, (38th Floor) New York, NY 10007. Tel: (212)513-7474 , Fax: (914) 462-3990
517 East Main Street, Middle Town, New York 10940. Tel: (845)341-0726, Email- kazmiandreeves@gmail.com

Tel: 212-513-7474, Fax: 914-462-3990

*** Immigration Cases & Appeals * Bankruptcy Cases**
*** Accident & Personal Injury Cases * Divorce, Separation, Child Custody & Support Cases * Business & Commercial Litigation * Real Estate Transactions * Corporation & Partnership Matters.**

এপয়েন্টমেন্ট করে পরামর্শের জন্য আমাদের অফিসে আসতে পারেন।

যৌথভাবে আমাদের রয়েছে ৩৫ বছরের বেশী অভিজ্ঞতা

আপনাদের সুবিধার্থে আমাদের নতুন অফিস এখন ম্যানহাটান ডাউন টাউনের প্রাণকেন্দ্রে এন, আর, ই এবং ২, ৩, ৪ এবং ৫ ট্রেনের সন্নিকটে। ই ট্রেনে ওয়ার্ল্ডট্রেড সেন্টার, ২ ও ৩ ট্রেনে প্লেসপার্ক এবং ৪ ও ৫ ট্রেনে ব্রুকলীন ব্রীজ, আর ও এন ট্রেনে সিটি হলে নামতে হবে।

আইনজীবী ফী আলোচনা সাপেক্ষে কিস্তিতে পরিশোধের ব্যবস্থা রয়েছে।

আপনি আইন সম্পর্কে তেমন কিছু জানেন না- ইমিগ্র্যান্ট ও সুযোগ সুবিধার দেশে আইনানুগ ব্যবস্থার মাধ্যমে জীবন ঝামেলামুক্ত করুন।

অধিকার প্রতিষ্ঠার মাধ্যমে শিকড় প্রথিত করে সার্বিকভাবে কমিউনিটিকে এগিয়ে নিন।

একজন শিল্পীর মৃত্যু ও ইসলামে আত্মহত্যা

॥ জামান শামস ॥

বাংলাদেশের প্রখ্যাত রবীন্দ্রসঙ্গীত শিল্পী সাদি মহম্মদের ঝুলন্ত লাশ পাওয়া গেছে তার বাসার গান করার ঘরে। তার বয়স হয়েছিল ৬৯ বছর। পুলিশের ধারণা, আত্মহননের পথ বেছে নিয়েছেন এই শিল্পী। সাদির ভাই শিবলী মহম্মদ নিউজ মাধ্যমকে বলেছেন, গত ১৩ মার্চ বুধবার সন্ধ্যা ৭টার পর কোনো একসময় মোহাম্মদপুরের বাসায় তার ভাইয়ের মৃত্যু হয়।

মোহাম্মদপুর থানার পরিদর্শক তদন্ত তোফাজ্জল হোসেন বলেন, 'বাসায় যে ঘরে বসে সাদি মহম্মদ গান করতেন, সেখানেই তার ঝুলন্ত লাশ পাওয়া গেছে। মনে হচ্ছে, তিনি আত্মহত্যা করেছেন।' এই পুলিশ কর্মকর্তা বলেন, সন্ধ্যা ৭টার পর কোনো একসময় ওই ঘটনা ঘটে। বাসার লোকজন ডাকাডাকি করে তার সাড়া না পেয়ে দরজা ভেঙে ভেতরে লাশ ঝুলতে দেখে। পরে খবর পেয়ে রাত ৮টার দিকে পুলিশ লাশ উদ্ধার করে।

তিনি তার সব কৃতকর্ম নিয়ে আল্লাহর কাছে পৌঁছে গেছেন। সব মৃত্যুর পর আমরা বলি- ইন্নালিল্লাহি ওয়াইন্না ইলাইহি রাজিউন- নিশ্চয় আমরা সবাই আল্লাহর জন্য এবং আমরা সবাই তারই সান্নিধ্যে ফিরে যাবো। তার ক্ষেত্রেও তাই বলি। কোনো মৃত ব্যক্তির বিষয়ে তার অন্তর্ধানের পর নেতিবাচক কিছু না বলাই উত্তম। কিন্তু বলার কথা হলো মানুষ কি নিজের মৃত্যুর ফয়সালা নিজে করতে পারে? নিজেই কি মৃত্যুকে আমন্ত্রণ করে বাড়িতে নিয়ে আসতে পারে?

আল্লাহ রাব্বুল আলামিন মানুষ সৃষ্টি করেছেন বড় মায়া করে। তিনিই মানবকে জীবন দিয়েছেন, মরণও তাঁরই ইচ্ছাধীন। এ সম্পর্কে আল্লাহ তায়ালা বলেন- 'বরকতময় তিনি (আল্লাহ) যাঁর হাতে রাজত্ব, তিনি সব কিছুর ওপর ক্ষমতাবান। যিনি সৃষ্টি করেছেন মরণ ও জীবন, যাতে পরীক্ষা করবেন তোমাদের, কে তোমাদের কর্মে উত্তম। তিনি পরাক্রমশালী স্নেহশীল ক্ষমাময়।' (সূরা মুলক : ১-২)

মানুষ তার জীবন ও সম্পদের মালিক নয়; বরং কাস্টোডিয়ান বা আমানতকারী রক্ষক। মানুষের দায়িত্ব ও কর্তব্য হলো আল্লাহর দেয়া জীবন, আল্লাহর দেয়া সময় বা আয়ু, আল্লাহর দেয়া সম্পদ, আল্লাহর দেয়া মেধা, আল্লাহর দেয়া সুযোগ ও সামর্থ্য; আল্লাহর নির্দেশিত পন্থায় পরিচালনা, প্রয়োগ ও ব্যবহার করা বা পরিচালনা করা। এসব নিয়ে তিনি দুনিয়ার জীবন পরিচালনা করবেন এরপর আল্লাহর হুকুমে তার মৃত্যু হবে। তিনি পরকালের উদ্দেশ্যে রওনা করবেন। কবরে কিছুকাল অবস্থান শেষে আল্লাহ বিচার ব্যবস্থা কায়েম করবেন। সেখানে মানুষের পাপ-পুণ্যের হিসাব হবে।

প্রত্যেক আত্মহত্যার প্রধান দু'টি কারণ হলো- হতাশা ও ভুল প্রত্যাশা। মুমিন বা বিশ্বাসী ব্যক্তি কখনো হতাশাগ্রস্ত হন না। কারণ, তার জীবনের সব ভালো কাজের ফলাফল তিনি আল্লাহর কাছে পাবেন, এটি তার ঈমান ও বিশ্বাস। দুনিয়ায় ভালো কাজের সুফল বা স্বীকৃতি না পেলে তাতে ঈমানদারের আফসোস বা অনুতাপ হয় না। মন্দ কাজের জন্য ক্ষমা পাওয়ার চূড়ান্ত পরম ঘোষণার মাধ্যমে বিশ্বাসী মুমিন ব্যক্তিকে চরমভাবে আশ্বস্ত করা হয়েছে। নিশ্চয় আমি তোমাদের কোনো পুরুষ অথবা মহিলা আমলকারীর আমল নষ্ট করব না। (সূরা আলে ইমরান-১৯৫)

(হে রাসূল সা:) আপনি বলুন, (মহান আল্লাহ ঘোষণা করছেন) হে আমার বান্দারা! যারা নিজেদের প্রতি (পাপ ও অপরাধ দ্বারা) অবিচার করেছ, তোমরা আল্লাহর রহমত হতে নিরাশ হয়ো না। নিশ্চয়ই আল্লাহ তায়ালা সব পাপ ক্ষমা করবেন; নিশ্চয়ই তিনি ক্ষমাশীল দয়াময়।' (সূরা জুমার-৫৩)

তাই সে ভুল করলে তওবা করে পবিত্র হয়ে নতুন জীবন শুরু করে; নিরাশ বা হতাশ হয় না।

আত্মহত্যার দ্বিতীয় কারণটি হলো ভুল প্রত্যাশা। এ কারণেও অনেকে আত্মহত্যা করে থাকে। যেমন কেউ ভাবল, এভাবে বা এই উদ্দেশ্যে আত্মহত্যা করলে এতে সে গ্লানি ও কষ্ট থেকে মুক্তি লাভ করবে। কিন্তু এটি জানা জরুরি যে, কোনো মন্দ কাজ দ্বারা ভালো ফলাফল আশা করা যায় না। যেখানে আত্মহত্যাই মহাপাপ, সেখানে এই মহাপাপ সঙ্ঘটিত করে কীভাবে কল্যাণ লাভ করা যাবে? আল্লাহ তায়ালা বলেন- '(হে রাসূল সা:) আপনি বলুন, আমি কি তোমাদের তাদের বিষয়ে সংবাদ জানাব? যারা কর্মে সর্বাধিক ক্ষতিগ্রস্ত! (তারা হলো) যারা দুনিয়ার জীবনে কর্ম প্রচেষ্টায় বিপথগামী হয়েছে; তথাপি তারা মনে করেছে তারা ভালো কাজ করছে।' (সূরা কাহাফ : ১০৩-১০৪)

আত্মহত্যা নিষিদ্ধ করে কুরআনে আয়াত নাজিল হয়েছে- '(তোমরা তোমাদের জীবন, সময়, সম্পদ, মেধা, যোগ্যতা, সুযোগ ও সামর্থ্য) আল্লাহর পথে ব্যয় করো, তোমরা নিজেদের ধ্বংসের দিকে ঠেলে দিয়ো না। আর উত্তম কর্ম ও দয়া করো; নিশ্চয়ই আল্লাহ তায়ালা সৎকর্মী ও দয়াশীলদের ভালোবাসেন।' (সূরা বাকারা-১৯৫)

আত্মহত্যা মূলত আত্মপ্রবঞ্চনারই নামান্তর। কারণ, জীবন বিসর্জন দেয়া কোনো সমস্যার সমাধান নয়; কোনো সফলতাও নয়; বরং চরম ও চূড়ান্ত ব্যর্থতা। এর দ্বারা কোনো কিছুই অর্জিত হয় না; বরং একূল, ওকূল- দুকূলেই সব কিছু হারাতে হয়। মানুষ কোনো কিছু ধ্বংসের জন্য নয়; বরং সৃষ্টির সুরক্ষার জন্য। প্রতিটি মানুষের দায়িত্ব হলো জীবনের সুরক্ষা, সম্পদের সুরক্ষা, জ্ঞানের সুরক্ষা, প্রজন্মের পবিত্রতা বা বংশপরম্পরা সুরক্ষা এবং ধর্মীয় মানবিক বিধান বা মানবাধিকার সুরক্ষা। (মাকাসিদুশ শরিয়া)

ইসলামে আত্মহত্যার কোনো স্থান নেই। আল্লাহর নবী, রাসূল সা: আত্মহত্যা করার ভয়াবহ শাস্তির কথা উল্লেখ করে বলেন, হজরত আবু হুরায়রা রা: থেকে বর্ণিত- রাসূল সা: বলেন, 'যে ব্যক্তি পাহাড়ের ওপর থেকে লাফিয়ে পড়ে আত্মহত্যা করে, সে জাহান্নামের আগুনে পুড়বে, চিরদিন সে জাহান্নামের মধ্যে অনুরূপভাবে লাফিয়ে পড়তে থাকবে। যে ব্যক্তি বিষপান করে আত্মহত্যা করবে, জাহান্নামে বিষ তার হাতে থাকবে, সে বিষ বারবার সে পান করতে থাকবে। আর কষ্ট পেতেই থাকবে। চিরকাল সে জাহান্নামের মধ্যে তা পান করতে থাকবে, যে ব্যক্তি লোহার আঘাতে আত্মহত্যা করবে, সে জাহান্নামের মধ্যে লোহা তার হাতে থাকবে, চিরকাল সে তার মাধ্যমে নিজের পেটে আঘাত করতে থাকবে।' (বুখারি-৫৪৪২, সুনানে নাসায়ি-১৯৬৪)

হজরত জাবের ইবনে সামুরা রা: থেকে বর্ণিত- এক ব্যক্তি ধারালো বস্তু দিয়ে আত্মহত্যা করল। তার ব্যাপারে রাসূলুল্লাহ সা: বললেন, 'আমি এর জানাজা পড়ব না। (সুনানে কুবরা, নাসায়ি-২১০২, তিরমিজি-১০৬৮, ইবনে মাজাহ-১৫২৬) তবে আমাদের জন্য নির্দেশনা হলো, তার জানাজা পড়া হবে কিন্তু সমাজের কোনো বড় আলেম বা নেতৃস্থানীয় কোনো লোক জানাজায় অংশগ্রহণ করবে না। যেন অন্যরা তা দেখে শিক্ষা গ্রহণ করে এবং এ ধরনের কাজ থেকে বিরত থাকে।

পৃথিবীর কোনো ধর্মই আত্মহত্যাকে সমর্থন করে না। সুতরাং অন্যান্য গ্রহণযোগ্য পদক্ষেপের পাশাপাশি ধর্মীয় শিক্ষার প্রসারতা যদি নিশ্চিত করা যায় এবং মানবীয় মূল্যবোধ ও নৈতিকতার সমন্বয় যদি বাস্তব জীবনে প্রয়োগ করা যায়, তাহলেই কেবল এ অবস্থা থেকে পরিত্রাণ পাওয়া সম্ভব। নৈতিকতা ও মূল্যবোধ এবং ধর্মীয় শিক্ষার প্রসারতার জন্য শুধু একাডেমিক কার্যক্রমই একমাত্র উপায় ভাবা উচিত নয়; বরং অন্যান্য মাধ্যমকেও কাজে লাগাতে হবে। যেমন- প্রত্যেক মসজিদের জুমার খুতবায়, কিংবা ওয়াজ-মাহফিলে এসব সামাজিক সমস্যা ও তা থেকে উত্তরণে ইসলামের শিক্ষাগুলোকে সুস্পষ্ট ও বোধগম্যভাবে তুলে ধরা জরুরি। সামাজিক ও ধর্মীয় নেতারা এ ব্যাপারে কার্যকর ভূমিকা পালন করতে পারেন। পাশাপাশি সরকারি ও বেসরকারি সংস্থাগুলোও যদি সামর্থ্য অনুযায়ী তাদের পদক্ষেপ গ্রহণ করে, তাহলে তা আরো সহজ হবে বলে আমাদের বিশ্বাস।

আত্মহত্যার প্রবণতা নিরসনে পরিবারের সদস্য ও আত্মীয়স্বজনের দায়িত্বশীল আচরণ করতে হবে। কেউ একজন হতাশ বা বিষণ্ন হলে বন্ধুবিহীন নিঃসঙ্গ হয়ে পড়ে। তাকে তখন বরং সবচেয়ে বেশি সঙ্গ দেয়া উচিত, তার কষ্টকাতরতা শেয়ার করা উচিত। একই সঙ্গে মুসলিম পরিবারের কেউ হলে এর মহৌষধ হলো সবর ও সালাত। বিপদাপদ ও বালামুসিবত থেকে পরিত্রাণের পথ সবর ও সালাত তথা নামাজ। আল্লাহ তায়ালা বলেন- 'হে মুমিনগণ! ধৈর্য ও সালাতের মাধ্যমে তোমরা সাহায্য প্রার্থনা করো, নিশ্চয়ই আল্লাহ ধৈর্যশীলদের সাথে আছেন।' (সূরা বাকারা-১৫৩) তাই, চরমতম ধৈর্যের পরিচয় দিন, সালাত ও কুরআন তিলাওয়াত বাড়ান, সবসময় মুখে আল্লাহর জিকির করুন এবং দোয়ায় তার সাহায্য কামনা করুন। ইনশাআল্লাহ কোনো হতাশা, বিষণ্নতা আপনার চারপাশে জায়গা পাবে না। আল্লাহ আমাদের বুঝার তৌফিক দিন। আমিন।

লেখক: সাবেক অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক, ইসলামী ব্যাংক বাংলাদেশ পিএলসি

কনগ্রেশনাল প্রক্লেমেশনপ্রাপ্ত, এক্সিডেন্ট কেইসেস ও ইমিগ্রেশন বিষয়ে অভিজ্ঞ যুক্তরাষ্ট্র সুপ্রিম কোর্টের এটর্নী এট ল'



এটর্নী মঈন চৌধুরী

Moin Choudhury, Esq.

Hon. Democratic District Leader at Large, Queens, NY

মাননীয় ডেমোক্রেটিক ডিস্ট্রিক্ট লিডার এট লার্জ, কুইন্স, নিউইয়র্ক।

সাবেক ট্রাষ্টি বোর্ড সদস্য-বাংলাদেশ সোসাইটি, ইন্‌ক.

917-282-9256

Moin Choudhury, Esq

Email: moinlaw@gmail.com

Moin Choudhury is admitted in the United States Supreme Court and MI State only. Also admitted in the U.S. Court of International Trade located in NYC



Timothy Bompart
Attorney at Law

এক্সিডেন্ট কেইসেস
বিনামূল্যে পরামর্শ
কনস্ট্রাকশন কাজে দূর্ঘটনা
গাড়ী/ বিল্ডিং এ দূর্ঘটনা/ হাসপাতালে
বিকলাঙ্গ শিশুর জন্ম
ফেডারেল ডিজএবিলিটি
(কোন অগ্রিম ফি নেয়া হয় না)
Immigration

(To Schedule Appointment Only)

Call:917-282-9256

E-mail: moinlaw@gmail.com



Moin Choudhury
Attorney at Law

Law offices of Timothy Bompart : 37-11 74 St., Suite 209, Jackson Heights, NY 11372

Manhattan Office By Appointment Only.

Moin Choudhury Law Firm, P.C. 29200 Southfield Rd, Suite # 108, Southfield, MI 48076

Timothy Bompart is admitted in NY only. Moin Choudhury is admitted in MI State only and the U.S Supreme Court.

কুলাউড়া বাংলাদেশী এসোসিয়েশন অব ইউএসএ- ইন্ক এর ইফতার মাহাফিল











যুক্তরাষ্ট্র আ. লীগের উদ্যোগে বঙ্গবন্ধু'র

(প্রথম পাতার পর)

শিশুদিবস ছিলো ১৭ মার্চ রোববার। দিবসটি উদযাপন করেছে যুক্তরাষ্ট্র আওয়ামী লীগ। এ উপলক্ষে শনিবার (১৭ মার্চ) সন্ধ্যায় জ্যাকসন হাইটসে কথা রেস্টুরেন্টে আয়োজিত আলোচনা সভায় সভাপতিত্ব করেন যুক্তরাষ্ট্র আওয়ামী লীগের সভাপতি ড. সিদ্দিকুর রহমান। সভা পরিচালনা করেন সাধারণ সম্পাদক আব্দুস সামাদ আজাদ।

উল্লেখ্য, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ১৯২০ খ্রিষ্টাব্দের ১৭ মার্চ গোপালগঞ্জের টুঙ্গিপাড়ায় শেখ পরিবারে জন্মগ্রহণ করেন। শেখ লুৎফর রহমান ও মোসাম্মৎ সাহারা খাতুনের চার কন্যা ও দুই পুত্রের মধ্যে তিনি ছিলেন তৃতীয়। ছোট বেলায় তিনি খোকা নামেই সকলের কাছে পরিচিত ছিলেন।

সভার শুরুতে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মদিন উপলক্ষ্যে বিশেষ দোয়া মাহফিল ও বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে ফুল দিয়ে এক মিনিট নীরবতা পালন করেন। সভায় বক্তারা বঙ্গবন্ধুর প্রতি গভীর শ্রদ্ধা জানিয়ে বলেন, তাঁর জন্ম না হলে বাংলাদেশ হতো না। আমরা বাঙালীরা বিদেশের মাটিতে এতো সম্মান পেতাম না। বক্তারা বলেন, বঙ্গবন্ধু শেখ মুজিব আমাদের স্বাধীনতা দিয়েছেন, তাঁর কন্যা প্রধানমন্ত্রী শেখ হাসিনা স্বাধীন বাংলাদেশ-কে উন্নয়নশীল রাষ্ট্রে পরিণত করছেন। ডিজিটাল বাংলাদেশ এখন স্মার্ট বাংলাদেশে পরিনত হতে যাচ্ছে। বক্তারা বলেন, তাঁর উন্নয়নের ধারা অব্যাহত রাখতে সকল ষড়যন্ত্র মোকাবেলা করে সবাইকে ঐকবদ্ধভাবে কাজ করতে হবে।

সভায় ড. সিদ্দিকুর রহমান বলেন, প্রধানমন্ত্রী ও বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনার নির্দেশসমূহ যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে সকলের সহযোগিতা ও সার্বিক অংশগ্রহণ অত্যাবশ্যকীয়। তিনি অগ্নিঝরা মার্চ স্বাধীনতার মাসে সকল শহীদদের প্রতি শ্রদ্ধা আর সম্মান জানিয়ে বলেন, বাংলাদেশ-কে আরো এগিয়ে নিতে হলে জননেত্রী শেখ হাসিনার হাতকে আরো শক্তিশালী করতে হবে। এছাড়া তিনি বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের বর্ণাঢ্য রাজনৈতিক জীবন এবং স্বাধীন দেশ গঠনে তার ভূমিকা ও অবদানের কথা তুলে ধরেন।

সভায় অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন যুক্তরাষ্ট্র আওয়ামী লীগের অন্যতম উপদেষ্টা ডা. মাসুদুল হাসান, প্রচার ও প্রকাশনা সম্পাদক হাজী এনাম, কার্যনির্বাহী সদস্য শাহানারা রহমান, আবদুল হামিদ ও যুক্তরাষ্ট্র স্বেচ্ছাসেবক লীগের সাবেক সহ-সভাপতি দুরুদ মিয়া রনেল সহ দলের অঙ্গ ও সহযোগী সংগঠনের নেতা কর্মীরা।

ম্যানহাটনের অবৈধ গাজার দোকান বন্ধ

(প্রথম পাতার পর)

ফেন্টানাইল, কোকেইন, ই-সিগারেট এবং গাজা জাতীয় বিভিন্ন ধরনের জীবননাশক পণ্য জব্দ করা হয়। নিউইয়র্ক সিটি শেরিফ অ্যান্থনি মিরান্ড বলেন, বিপজ্জনক গাজার দোকান বন্ধ করে নিউইয়র্কের তরুন সমাজ এবং সম্প্রদায়কে রক্ষা করতে সব ধরনের পদক্ষেপও নেওয়া হচ্ছে। দোকানের মালিককে গ্রেফতার করা হয়েছে বলে জানা গেছে।

মিশিগানে সন্তানের

(প্রথম পাতার পর)

সেই বন্দুকধারীর পিতাকে হত্যাকা-ের অভিযোগে অভিযুক্ত করা হয়েছে। বিচারের শুনানিতে আইনজীবীরা প্রমাণ করেছেন জেমস ক্রাম্বলি তার ১৫ বছর বয়সী ছেলে সন্তানের মানসিক স্বাস্থ্যের দিকে নজর রাখেননি এবং তিনি তাকে একটি পিস্তল কিনে দিয়েছিলেন, যার মাধ্যমে ২০২১ এর নভেম্বরে সে সহপাঠীদের ওপর হামলা চালায়। একই অভিযোগে তার স্ত্রী জেনিফার ক্রাম্বলিকেও অভিযুক্ত করা হয়েছে।

আগামী ৯ এপ্রিল রায় ঘোষণা করা হবে। গত ১৪ মার্চ বৃহস্পতিবার সন্ধ্যায় জেমস ক্রাম্বলিকে রায় পড়ে শোনানো হলেও তেমন কোনো প্রতিক্রিয়া দেখাননি তিনি। ইথানকে যাবজ্জীবন কারাদ- দি-ত করা হয়েছে। তাকে কখনো প্যারোলে মুক্তি দেওয়া হবে না বলেও জানানো হয়েছে। কৌসুলি ক্যারেন ম্যাকডোনাল্ড চার নিহত শিশুর অভিভাবকদের উদ্দেশ্যে বলেন, এই রায় ওতাদের সন্তানদের ফিরিয়ে আনতে পারবে না, কিন্তু এটা জবাবদিহিতা নিশ্চিতের পথে এক গুরুত্বপূর্ণ মাইলফলক।

প্রাচুর্য এবং দারিদ্র

(শেষের পাতার পর)

বিয়ের অনুষ্ঠানে হাজার কোটি টাকা ব্যয় করা, খাবারের মেন্যুতে হাজার খানেক পদ রাখা, এইসবই হচ্ছে দারিদ্রের লক্ষণ বা ইন্ডিকেটর। দারিদ্রের সংস্কৃতিতে বেড়ে ওঠা মানুষের আজন্ম প্রচেষ্টা থাকে দারিদ্র্য লুকোনো, তারা আপ্রাণ চেষ্টা করে এমনভাবে নিজেকে প্রকাশ করতে যাতে লোকেরা তাদের দরিদ্র না বলে। যতোটা পারে তারা নিজেদের বিত্তের জৌলুশ মানুষকে দেখায়। দারিদ্রের সংস্কৃতিতে আরো একটি বৈশিষ্ট্য দেখবেন, সেটি হচ্ছে ছোটো-বড়ো যে কোনো উৎসব, আয়োজনের কেন্দ্রে থাকে খাবার। কে কত দামী এবং অধিক পরিমানে খাবারের সমারোহ ঘটাতে পারে তার একটা প্রতিযোগিতা চলে। দরিদ্র দেশের প্রতিষ্ঠানগুলোতে কোনো দাপ্তরিক মিটিং হয় না খাবার ছাড়া। কেউ কারো বাড়িতে গেলে, সেটা যে কোনো সময়েই হোক, কিছু না কিছু খেয়ে যেতে হবে, কারো বাড়ি থেকে ফিরে এলে, পরিবারের অন্যরা জিজ্ঞেস করে, কী খেতে দিয়েছে? খাবার হচ্ছে একটি প্রধান মানদন্ড। দারিদ্রের সংস্কৃতিতে যেসব ধনকুবের আছেন তাদের মানব হিতৈষী চ্যারিটি করতে তেমন দেখা যায় না। তারা মাঝে-মধ্যে ধর্মীয় প্রতিষ্ঠানগুলোতে দান-খয়রাত করেন, তারা মনে করেন এইসব প্রতিষ্ঠানে দান করার মধ্য দিয়ে পরকালের সুখ কিনতে পারছেন।

আমি জানি না, আম্বানি পরিবারের বিভিন্ন পারিবারিক অনুষ্ঠানের জমকালো এবং ব্যয়বহুল আয়োজন আপনাদের কার কাছে কেমন লাগে, আমার কাছে নিতান্তই ছেলেমানুষী এবং হাস্যকর লাগে। বাংলাদেশে একজন স্বঘোষিত ধনকুবের আছেন, তার নাম মূসা বিন শমশের। তার নাকি হীরকখচিত জুতো আছে অনেক জোড়া। তিনি নিজেই নিজের নামের আগে প্রিন্স, মানে রাজপুত্র উপাধি যুক্ত করেছেন। তাকে হয়ত কেউ বলেনি যে এই শব্দটির একটি অর্থ আছে। লোকটি কেমন হাস্যকর দেখেন, তিনি নাকি নিজের হাতে খাবার খেতে পারেন না, তাকে ভাত মাখিয়ে মুখে তুলে খাইয়ে দিতে হয়। জুতো পরিয়ে দিতে হয়। আমি ঠিক জানি না, পায়ুপথ নোংরা হলে তিনি তা নিজেই সাফ করেন নাকি সেটাও অন্য কেউ করে দেয়। এডি মর্ফি অভিনীত একটি সিনেমা দেখেছিলাম, তিনি ছিলেন একজন আফ্রিকান রাজপুত্র। সুইমিং পুলে তিনি দাঁড়িয়ে থাকেন, এক সুন্দরী তার সামনে ডুব দেন, একটু পরে উঠে এসে বলেন, দ্য রয়েল পিনাস ইজ ক্লিন ইওর হাইনেস। এই ছবিটি আমাদের মূসা সাহেব দেখে থাকলে আমি নিশ্চিত তিনিও এইভাবে তার শিশ্ন সাফ করাবেন অন্য কাউকে দিয়ে। এর সবই হচ্ছে পৃথিবীকে জানানো যে, দেখো আমি ধনী হয়েছি, আমাকে আর কেউ দরিদ্র বলবে না।

কালচার অব পভার্টি এবং কালচার অব পেন্টি দুটো সংস্কৃতিতেই কর্মসূত্রে বসবাস করার সুযোগ ঘটেছে আমার। নানান কারণে এই দুই সংস্কৃতির, পৃথিবীর নানান অংশে, গভীরে ঢোকারও সুযোগ ঘটেছে। খুব কাছে থেকে দেখেছি আচরণগত পার্থক্য। প্রাচুর্যের সংস্কৃতিতেও প্রচুর ধনী মানুষ আছেন, তাদের চেষ্টা থাকে বিত্তের জৌলুশ লুকিয়ে সাধারণ জীবন যাপন করা। ওয়ারেন বাফেটের পুরনো গাড়ি চালানো, পুরনো বাড়িতে থাকা, ম্যাক বার্গার দিয়ে লাঞ্চ করার গল্প তো আমরা জানিই, বিল গেটস লাইনে দাঁড়িয়ে স্টার বাক্সের কফি কেনেন, মার্ক জাকারবার্গ টি-শার্ট পরে ঘুরে বেড়ান এইসব নিয়ে ভারতের কোনো কোনো সাংবাদিক বলার চেষ্টা করেন এগুলো লোক দেখানো, প্রচার পাবার জন্য তারা এটা করেন, আমি তা বিশ্বাস করি না। করি না এজন্য, শুধু এই কজন ধনী মানুষই নয় আমি প্রাচুর্যের সংস্কৃতিতে জন্ম এবং বেড়ে ওঠা আরো বহু মানুষের মধ্যেই এই অভ্যাস দেখেছি। তারা ক্ষমতা দেখিয়ে লাইন ভেঙে দ্রুত সার্ভিস আদায় করে নিতে চায় না, ব্যক্তিগত কাজগুলো অন্যকে দিয়ে করায় না, অফিসের অধস্তন কর্মচারীদের দিয়ে ব্যক্তিগত কাজ করায় না, দামী ঘড়ি, জুতো ইত্যাদি দেখিয়ে নিজের দাম বাড়াতে চায় না। এমন কী বয়সে বড়ো বলে ছোটোদের কাছ থেকে কেউ বাড়তি সম্মান আদায় করে নিতে চায় না। শুধুমাত্র সিনিয়রদের (যাদের বয়স ৬৫-র বেশি) তারা বাড়তি সম্মান করে, ছাড় দেয়, কারণ শারিরীক কারণে তারা নাজুক, ভঙ্গুর। কিন্তু সিনিয়রদের মধ্যে যারা শক্ত-সমর্থ তারা এই সুযোগ নিতে চায় না। প্রাচুর্যের ধনী লোকেরা তাদের আয়ের একটি বড়ো অংশ ব্যয় করে চ্যারিটিতে; এইসব চ্যারিটির তালিকায় ধর্মীয় প্রতিষ্ঠান খুব কমই দেখা যায়, মূলত তারা শিক্ষা, চিকিৎসা সেবা, পরিবেশ ইত্যাদি বিষয়ক চ্যারিটিতেই অধিক দান করেন।

প্রাচুর্যের সংস্কৃতিতে দাপ্তরিক মিটিংয়ে খাবারের কোনো আয়োজন থাকে না। যদি মিটিংয়ের ভেতরে খাবারের সময় হয়ে যায় তখন খাবারের জন্য একটা ব্রেক দেওয়া হয় এবং প্রত্যেকে তার নিজের খাবার নিজেই জোগাড় করে (কিনে বা বাসা থেকে আনা খাবার) খায়। কোনো আত্মীয়ের বাড়ি অল্প সময়ের জন্য বেড়াতে গেলে, যদি না সেটা খাবারের দাওয়াত থাকে, অতিথিকে খাওয়ানোর জন্য কেউ ব্যস্ত হয়ে পড়ে না।

আচ্ছা এই প্রসঙ্গে একটি ব্যক্তিগত দৃষ্টান্ত দিই। একবার বেলা এগারোটায় আমাদের পুত্রবধু ব্রিজিতকে আমাদের বাসা থেকে নিতে এলো ওর বোন মেগান। সেই নিউজার্সী অঙ্গরাজ্য থেকে গাড়ি চালিয়ে মেগান এসেছে। ব্রিজিত এসে বলে, আব্বু, আমি যাচ্ছি, মেগান আমাকে নিতে এসেছে। আমি তো অবাক। মেগান এসেছে আর তুমি চলে যাচ্ছ, এটা কেমন কথা। ওকে বাসায় আসতে বলো, এতো দূর থেকে মেয়েটা ড্রাইভ করে এসেছে কিছু একটা খাবে না? বাসায় উঠবে না, এটা কেমন কথা? আমার এইরকম আচরণে পুত্র অগ্নি এবং পুত্রবধু ব্রিজিত দুজনই বেশ অপ্রস্তুত হয়ে যায়। অগ্নি আমাকে বোঝায়, আব্বু, এখন তো কোনো খাওয়ার সময় না, তা ছাড়া ও-তো খাওয়ার দাওয়াতে আসেনি। ওদের সংস্কৃতিটা যে আমি বুঝি না তা-তো না, বরং আমাদের সংস্কৃতিটাও আমি ওদের একটু বোঝাতে চাইলাম।

এবার প্রাচুর্যের সংস্কৃতিতে ক্ষমতাবান মানুষেরা কেমন আচরণ করে তা বলি। আমি ইউরোপের অনেক মন্ত্রীকে দেখেছি সাইকেল চালিয়ে কিংবা পায়ে হেঁটে অফিসে আসেন। নিজের ডকুমেন্টটা নিজেই ফটোকপি করে নেন। একবার ব্রিটিশ প্রধানমন্ত্রী মার্গারেট থেচার তার প্রতিরক্ষা মন্ত্রীকে ডিনারে দাওয়াত করেন। তিনি অফিস থেকে বাসায় ফিরে অতি দ্রুত কিচেন-এপ্রন পরে রান্না ঘরে ঢুকে যান। রান্না করতে করতে টেনশন করছিলেন অতিথি আসার আগে শেষ করতে পারবেন তো? তাকে সহযোগিতা করছিলেন তার স্বামী। ভাবুন তো দারিদ্রের সংস্কৃতিতে এই চিত্রটা কেমন হবে।

হলিসউড, নিউইয়র্ক। ১১ মার্চ ২০২৪

রোজাদারের জন্য কয়েকটি

(শেষের পাতার পর)

মুখের ভিতর দিয়ে গলায় প্রবেশ করানো হয়, তাৎক্ষণিকভাবে আরাম পাওয়ার জন্য। এভাবে গলায় ওষুধ প্রবেশ করানোর দ্বারা রোজা ভেঙে যাবে। (এমদাদুল ফতোয়া)। ৩. অ্যান-জিওগ্রাম ব্যবহার। হার্ট ব্লক হয়ে যাওয়ার পর উরুর ভিতরের বিশেষ রগের মাধ্যমে ক্যাথেটার প্রবেশ করে হার্ট পরীক্ষা করা হয়। এ যন্ত্রের ভিতরে যদি কোনো ধরনের ওষুধ লাগানোও থাকে তদুপরি রোজা ভাঙবে না। ৪. এনডোসকপি ব্যবহার। ছোট্ট নরম একটি চিকন নল, যার মাথায় একটি ছোট্ট বাল্ব জাতীয় ক্যামেরা লাগানো থাকে এবং সেটাকে পাকস্থলীতে প্রবেশ করানো হয়। বাইরে থাকা মনিটরে দেখে পাকস্থলীর রোগ নির্ণয় করার জন্য। যদি এই নলের ভিতর এবং বাইরে কোনো ওষুধসহ পাকস্থলীতে প্রবেশ করানো হয় এবং সেখানে কোনো ধরনের ওষুধ, পানি বা তরল জাতীয় কিছু ছিটানো হয়, তাহলে রোজা ভেঙে যাবে। আর যদি খালি এবং শুকনা থাকে, তাহলে রোজা ভাঙবে না। (জাদিদ ফিকহি মাসায়েল)। ৫. নাইট্রোগ্লিসারিন ব্যবহার। তাৎক্ষণিক হার্টের সুস্থতার জন্য অ্যারোসল জাতীয় তরল একটি স্প্রে জিহ্বার নিচে দিয়ে কিছুক্ষণ মুখ বন্ধ করে রাখা হয়। ওষুধটি শিরার মাধ্যমে রক্তের সঙ্গে মিশে যায় এবং মুখে ব্যবহারের ফলে গলার মাধ্যমে পেটে যাওয়ার সমূহ সম্ভাবনা থাকে। তাই ওষুধটি ব্যবহারের ফলে রোজা ভেঙে যাবে। (জাদিদ ফিকহি মাসায়েল)। ৬. লেপারোসকপি ব্যবহার। শিকজাতীয় একটি যন্ত্র, যার মাধ্যমে পেটের মধ্যে প্রবেশ করিয়ে পরীক্ষা করার জন্য সেখানের কোনো গোশতের অংশবিশেষ বের করে নিয়ে আসা হয়। সেই যন্ত্রে যদি কোনো ওষুধ লাগানো থাকে, তাহলে রোজা ভেঙে যাবে। অন্যথায় রোজা ভাঙবে না। (আল মাকালাতুল ফিকহিয়্যাহ)। ৭. অক্সিজেন ব্যবহার। রোজা অবস্থায় ওষুধ মিশ্রিত অক্সিজেন ব্যবহার করলে রোজা ভেঙে যাবে। তবে শুধু বাতাস জাতীয় অক্সিজেন ব্যবহার দ্বারা রোজা ভাঙবে না। (জাদিদ মাসায়েল)। ৮. মস্তিষ্কে অপারেশন। রোজা অবস্থায় মস্তিষ্ক অপারেশন করার দ্বারা রোজা ভঙ্গ হবে না। তাতে ওষুধ ব্যবহার করা হোক বা না হোক। (আল মাকালাতুল ফিকহিয়্যাহ)। ৯. রক্ত দেওয়া বা নেওয়া। রোজা অবস্থায় রক্ত দিলে বা গ্রহণ করলে রোজা ভঙ্গ হবে না। তবে অতিরিক্ত রক্ত দিয়ে শরীর দুর্বল হলে রোজা মাকরুহ হবে। (আহসানুল ফতোয়া)। ১০. সিস্টোসকপি ব্যবহার। প্রস্রাবের রাস্তা দিয়ে যন্ত্রটি প্রবেশ করিয়ে পরীক্ষা করা হয়। এতে রোজা ভাঙবে না। (হিদায়া)। ১১. প্রসটুসকপি ব্যবহার। পাইলস বা ফিস্টুলা জাতীয় রোগের চিকিৎসার জন্য মলদ্বার দিয়ে যন্ত্রটি ওষুধ ও গ্লিসারিনসহ প্রবেশ করানো হয়। এতে রোজা ভেঙে যাবে। (ফতোয়ায়ে শামি)

১২. কপারটি ব্যবহার। নারীর যোনীতে কপারটি ব্যবহার করলে রোজা ভেঙে যাবে এবং তাতে সহবাস করলে উভয়ের রোজা ভেঙে যাবে এবং কাজা কাফফারা ওয়াজিব হবে।

১৩. সিরোদকার অপারেশন। অকাল গর্ভপাত রোধ করার জন্য জরায়ুর চতুরপাশে সেলাই করে আটকে দেওয়া হয়। যেহেতু এতে কোনো ওষুধ ভিতরের খালি জায়গায় প্রবেশ করে না, তাই রোজা ভাঙবে না। ১৪. ডিএনসি অপারেশন। ৮ থেকে ১০ সপ্তাহের জীবিত বা মৃত বাচ্চা গর্ভপাত করানোর জন্য জরায়ুতে যন্ত্র প্রবেশ করানো হয়। এতে রোজা ভেঙে যাবে। বিনা কারণে অন্যায়ভাবে করলে গুনাহগার হবে। কাজা কাফফারা ওয়াজিব হবে এবং তওবা করতে হবে। (হেদায়া)। ১৫. এমআর গর্ভপাত। ৫ থেকে ৮ সপ্তাহের ভ্রূণ জরায়ু থেকে সিরিজের মাধ্যমে বের করে নিয়ে আসাকে বলা হয়। অতঃপর যদি মাসিক শুরু হয়ে যায়, তাহলে রোজা কাজা করতে হবে। (ফতহুল কাদির)। ১৬. আল্ট্রাসনোগ্রাম ব্যবহার। যেহেতু এই যন্ত্রটির ব্যবহার সম্পূর্ণ শরীরের উপরিভাগ বা চামড়ার ওপর হয়ে থাকে, তাই এর দ্বারা রোজা নষ্ট হবে না। (হিদায়া)।

লেখক: ইমাম ও খতিব, কাওলার বাজার জামে মসজিদ, দক্ষিণখান, ঢাকা

হোমিও চিকিৎসা



এস.কে.শর্মা
D.H.M.S (B.D) N.H.C (USA)
Homeopathic Specialist

আপনি কি যে কোন জটিল কঠিন ও পুরাতন রোগে ভুগছেন, তাহলে একবার হোমিওপ্যাথিক ঔষধ ব্যবহার করে দেখুন। আমাদের এইখানে সম্পূর্ন গোপনীয়তা রক্ষা করা হয়।

*Migraine *বাত *হাঁপানি পীড়া *আঁচিল * অর্শ *টিউমার *Kidney Stone *অন্ডকোষের পীড়া *কর্ণের পীড়া *কাশি *কিডনীর পীড়া *চর্ম্ম পীড়া * টনসিলাইটিস *দন্তের পীড়া *ধবল বা শ্বেতী রোগ *নখের পীড়া *পক্ষাঘাত *Gall Bladder Stone *প্রস্রাবের পীড়া * প্রষ্টেট- গ্ল্যান্ডের পীড়া *Fatty Liver * ফুসফুসের পীড়া *ব্লাড-প্রেসার *ভগন্দর * মাথা ব্যাথা * লিভারের পীড়া *সায়েটিকা *সিষ্টাইটিস *স্বরভংগ *নাকে পলিপাস *হার্নিয়া *Blood Cholesterol *চুল পড়া *Fatty Heart *ব্রন *একজিমা * শোথ * টাক রোগ * রক্ত প্রস্রাব * জন্ডিস * অনিদ্রা *গ্র্যাষ্টিক *নিদ্রায় নাক ডাকা * পায়ের তলায় কড়া * মুখে দুর্গন্ধ * স্বপ্ন দোষ * হস্তমৈথুন শোক দুঃখ জনিত পীড়া ইত্যাদি।

শিশুদের:-শিশু দাঁত উঠিতে হাঁটিতে ও কথা বলিতে বিলম্ব, শিশুর একশিরা, শিশুর কোষ্ঠবদ্ধতা, শিশুর মুখদিয়া লালা পড়া, Autism, Autistic, শিশু না খাইতে চাওয়া (Appetite Problems)

আপনি কি যৌন সমস্যায় ভুগছেন
*premature Ejaculation *Low Libido * Impotence
*পুরুষত্বহীনতা * শীঘ্রপতন *লিঙ্গ শিথিলতা

আমরা আমেরিকার যে কোন স্টেটে ডাকযোগে ঔষধ পাঠিয়ে থাকি।

স্বল্প খরচে অল্প সময়ে অত্যাধুনিক পদ্বতিতে, আমেরিকান ঔষধের সাহায্যে চিকিৎসা করা হয়।

Homeopathy & Herbal
72-08 Broadway, Jackson Heights, NY 11372
Cell: 917-285-4804
BUSINESS HOURS: MONDAY-SATURDAY 11:30AM-8PM, SUNDAY CLOSED

ALL YOUR NEED REAL ESTATE BUYING & SELLING.



Tusher Bhuiyan
Licensed Real Estate Agent

▼ বাড়ী ক্রয়-বিক্রয় ব্যাপারে সব রকমের সহযোগিতা করে থাকি!
▼ অল্প ডাউন পেমেন্টে আপনিও বাড়ীর মালিক হতে পারেন!

Century 21
Tri-Boro Terrace Realty
31-08, Astoria Boulevard,
Astoria, New York, NY 11102
Business: (718) 721-2700, Ext. 19
Fax: (718) 721-7033
Cellular: (646) 732-9150
E-Mail: tusherb@aol.com

Each Office is Independently Owned and Operate

ফার্মেসী PHARMACY & SURGICAL STORE

Free Diabetic machine | সীমিত সময়ের জন্য 15% Off | Vitamins, Nutrition & Homeopathic

একই সাথে এখানে পাচ্ছেন ◆ ঔষধপত্র, মেডিক্যাল ও সার্জিক্যাল যন্ত্রপাতি। ◆ বিউটি এবং কসমেটিক্স। ◆ ইলেকট্রনিক্স, গৃহস্থালী মণিহারী, খেলনা সামগ্রী ও ফুল সাপ্লাই।
আমরা ২৫ বছরের বেশি সময় ধরে নিষ্ঠার সাথে কমিউনিটিকে সেবা দিয়ে আসছি। সুতরাং আজই আসুন আপনার সুবিধামত অবস্থানে।
আমরা Medicade, Medicare Part D, Worker compensation সহ ইন্স্যুরেন্স প্লান গ্রহণ করি।

ASTORIA PHARMACY
30-14 30th Ave. Astoria, NY 11102
Ph: 718-278-3772
e-mail: rph@astoriapharmacy.com
www.astoriapharmacy.com

JACKSON HEIGHTS PHARMACY
71-34 Roosevelt Ave. Jackson Heights, NY 11372
Ph: 718-779-1444
e-mail: rph@jacksonheightspharmacy.com
www.jacksonheightspharmacy.com

LONG ISLAND CITY CHEMISTS
30-12 36th Ave. Long Island City, NY 11106
Ph: 718-392-8049
e-mail: licchem@yahoo.com
www.drugcabinet.com

OPEN
10 am - 10 pm
Monday to Friday
Saturday
10 am - 5 pm







নিউইয়র্ক বাংলাদেশ প্রেসক্লাবের ইফতার

(শেষের পাতার পর)

অনুষ্ঠানে ক্লাব সদস্য ছাড়াও নিউইয়র্কের বিভিন্ন বাংলা মিডিয়ার সম্পাদক, সাংবাদিক এবং কমিউনিটির বিশিষ্ট ব্যক্তিবর্গ এতে অংশ নেন। খবর ইউএনএ'র।

ক্লাব সভাপতি মনোয়ারুল ইসলাম ও কোষাধ্যক্ষ রশীদ আহমদের যৌথ সঞ্চালনায় অনুষ্ঠানের শুরুতে পবিত্র কোরআন থেকে তেলাওয়াত করেন জ্যাকসন হাইটস ইসলামিক সেন্টারের খতিব মাওলানা আব্দুস সাদিক। এরপর রমজানের গুরুত্ব নিয়ে সংক্ষিপ্ত আলোচনা করেন আল কোরআন দাওয়া সেন্টার ইউএসএ'র চেয়ারম্যান প্রফেসর ড. মোহাম্মদ রুহুল আমীন, শুভেচ্ছা বক্তব্য রাখেন সাপ্তাহিক বাংলা পত্রিকা সম্পাদক ও টাইম টিভি'র সিইও এবং প্রেসক্লাবের সাবেক সভাপতি আবু তাহের এবং বিশেষ দোয়া পরিচালনা করেন বিশিষ্ট ইসলামী চিন্তাবীদ মাওলানা শাহ মোহাম্মদ সাইফুল্লাহ সিদ্দিক।

অনুষ্ঠানে ক্লাবের কর্মকর্তা ও সদস্যদের মধ্যে সাপ্তাহিক আজকাল-এর প্রধান সম্পাদক মনজুর আহমদ, সিনিয়র সাংবাদিক মাঈনুদ্দীন নাসের, সাপ্তাহিক প্রথম আলো সম্পাদক ইব্রাহিম চৌধুরী খোকন, সিনিয়র সাংবাদিক মঈন উদ্দিন নাসের, প্রেসক্লাবের সাবেক সাধারণ সম্পাদক ও সাপ্তাহিক হককথা সম্পাদক এবিএম সালাহউদ্দিন আহমেদ, সাবেক সাধারণ সম্পাদক শিবলী চৌধুরী কায়েস, নির্বাচন কমিশনের সদস্য এবিএম সালেউদ্দীন, সাংগঠনিক সম্পাদক সৈয়দ ইলিয়াস খসরু, দপ্তর সম্পাদক মাহাতির খান ফারুকী, কার্যকরী সদস্য রওশন হক, আবিদুর রহিম, মোস্তাফিজুর রহমান ও জাহিদ রহমান, ক্লাব সদস্য ইমরান আনসারী, সানাউল হক, চৌধুরী মোহাম্মদ কাজল, সোহেল হোসেন, আবির আলমগীর, নাজিম উদ্দীন, পুলক মাহমুদ, এমদাদ চৌধুরী দীপু, সামিউল ইসলাম, জামিল আনসারী, হাবিবুর রহমান, মাহবুবুর রহমান প্রমুখ উপস্থিত ছিলেন।

এছাড়াও কমিউনিটির বিশিষ্ট ব্যক্তিদের মধ্যে সাবেক সংসদ সদস্য ও সাপ্তাহিক ঠিকানার সম্পাদক এম এম শাহীন, দ্য বে ওয়েভ পত্রিকার সম্পাদক ও জেবিটিভি'র প্রেসিডেন্ট বীর মুক্তিযোদ্ধা স্যার ড. আবু জাফর মাহমুদ, সাপ্তাহিক আজকাল সম্পাদক ও গোল্ডেন এজ হোম কেয়ারের প্রেসিডেন্ট শাহ নেওয়াজ, সিনিয়র সাংবাদিক ও লেখক সাঈদ তারেক, আইবি টিভি'র চেয়ারম্যান জাকারিয়া মাসুদ জিকু, সাপ্তাহিক প্রবাস সম্পাদক মোহাম্মদ সাঈদ, আমেরিকা বাংলাদেশ প্রেসক্লাবের সাবেক সভাপতি দর্পন কবির, সাধারণ সম্পাদক মনজুরুল হক, সাবেক সাধারণ সম্পাদক শওকত ওসমান রচি, ইউএসএনিউ অনলাইন.কম সম্পাদক সাখাওয়াত হোসেন সেলিম, বাংলাদেশ সোসাইটির সভাপতি মোহাম্মদ আব্দুর রব মিয়া ও সিনিয়র সহ সভাপতি মহিউদ্দীন দেওয়ান, খান টিউটোরিয়ালের চেয়ারপার্সন নাঈমা খান ও প্রেসিডেন্ট ড. ইভান খান, নিউইর্য়ক সিটি ট্রাফিক পুলিশ ইউনিয়নের নব নির্বাচিত সভাপতি আলেকজান্ডার সাদিক, সাপ্তাহিক হ্যালো নিউইয়র্ক সম্পাদক জাহিদ আলম, টাইম টিভির হেড অব নিউজ ইকবাল মাহমুদ, সাংবাদিক আদিত্য শাহিন, ফিরোজ কবির ও জলি আহমেদ, শোটাইম মিউজিক-এর কর্ণধার আলমগীর খান আলম, বাংলা ট্রাভেলস এর প্রেসিডেন্ট বেলায়েত হোসেন, রিয়েল এষ্টেট ইনভেস্টর নুরুল আজিম, বিশিষ্ট ব্যবসায়ী হারুন ভূঁইয়া ও কামরুজ্জামান কামরুল, সানমুন এক্সপ্রেসের সিইও মাসুদ রানা তপন, কমিউনিটি অ্যাক্টিভিস্ট ফাহাদ সোলায়মান, কাজী আজম, আবু সাঈদ আহমেদ, মাকসুদুল এইচ চৌধুরী, ইভান খান, আবু বকর সিদ্দিক, শাহাদৎ হোসেন রাজু, এনএসএম সজল, সৈয়দ এম আলী, সঙ্গীত শিল্পী মোস্তফা অনিক রাজ, সিপিএ সারওয়ার চৌধুরী, বাংলা সিডিপ্যাপ সার্ভিসেস-এর সা ি এম আলম, লায়ন্স ক্লাবের সাধারণ সম্পাদক জেএফএম রাসেল, লায়ন রকি আলিয়ান ও লায়ন আহমেদ সোহেল প্রমুখ উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানে বীর মুক্তিযোদ্ধা আবু জাফর মাহমুদ এবার রোজার প্রথম দিনে নিউইয়র্ক ষ্টেট সিনেটের বাজেট অধিবেশনের শুরুতে প্রথমবারের মতো পবিত্র কোরআন তেলাওয়াতের প্রসঙ্গ তুলে ধরে বলেন, সমস্ত সৃষ্টিকুলের জন্য সৌভাগ্যের মাসে নিউইয়র্ক ষ্টেট সিনেট অধিবেশনে এর মধ্য দিয়ে একটি অসাধারণ দৃষ্টান্ত গড়ে উঠেছে। আর এই ঐতিহাসিক দৃষ্টান্তের সঙ্গে বাংলাদেশী আলেম, জ্যাকসন হাইটস ইসলামিক সেন্টারের খতিব মাওলানা আব্দুস সাদিকের নামও যুক্ত হয়ে আছে। অনুষ্ঠানে মাওলানা আব্দুস সাদিক তার অভিজ্ঞতার কথা সংক্ষেপে বর্ননা করেন।

উল্লেখ্য, প্রেসক্লাবের ইফতার মাহফিল শেষে এক আড্ডায় সিনিয়র সাংবাদিক মাঈনুদ্দীন নাসের ও রিয়েল এষ্টেট ইনভেস্টর নুরুল আজিমের মধ্যকার অপ্রীতিকর ঘটনার সাথে প্রেসক্লাব বা ক্লাবের ইফতার মাহফিলের সম্পূর্ণ বাইরের ঘটনা বলে জানিয়েছেন ক্লাব সভাপতি মনোয়ারুল ইসলাম।



মরদেহ ওয়াশিংটন মেমোরিয়ালে দাফন

(শেষের পাতার পর)

ব্যায়ামাগার থেকে রাইয়ানের মরদেহ উদ্ধার করা হয়। তার মৃত্যুর সঠিক কারণ জানা যায়নি। তার বয়স হয়েছিলো ২৯ বছর। খবর ইউএনএ'র।

জানা যায়, বৃহস্পতিবার দুপুর থেকেই রায়ানকে খুঁজে পাওয়া যাচ্ছিল না। কর্মস্থলের সহকর্মীদের ফোন করে জানা যায়, রাইয়ান কাজেও যাননি। পরবর্তীতে পরিবারের সদস্যরা নিজ বাসার পেছনে রায়ানের তৈরি ব্যায়ামাগারে খুঁজতে যান। সেখানে রায়ানের নিথর মরদেহ পড়ে থাকতে পাওয়া যায়। পরে ৯১১-এ কল করা হলে পুলিশ এসে তার মরদেহ নিয়ে যায়। ধারণা করা হচ্ছে, রায়ান আত্মহত্যা করেছেন। তবে পরিবারের দাবী রাইয়ান হার্ট অ্যাটাকের শিকার হয়ে মৃত্যুবরণ করেছেন।

রায়ান নিউইয়র্ক সিটির স্টাইভ্যাসেন্ট হাই স্কুল থেকে গ্র্যাজুয়েশনের পর কুইন্স কলেজ থেকে বিজনেস-ফাইন্যান্সে উচ্চতর ডিগ্রি নেন। দুই সপ্তাহ আগে তিনি জন এফ কেনেডি আন্তর্জাতিক বিমানবন্দরে কাস্টমার সার্ভিস এজেন্ট হিসেবে চাকরি শুরু করেছিলেন। তার কর্মস্থলের সহকর্মীদের অভিমত, রায়ান এ চাকরিতে খুশি ছিলেন। তবুও কেন 'আত্মহননের' পথ বেছে নিলেন এমন প্রশ্ন তাদের।

এদিকে রাইয়ানের নামাজে জানাজা শনিবার জ্যামাইকা মুসলিম সেন্টারে অনুষ্ঠিত হয়। জানাজার পর তার মরদেহ লং আইল্যান্ডে ওয়াশিংটন মুসলিম মেমোরিয়াল কবর স্থানে দাফন করা হবে বলে হয়েছে। জানাজা নামাজে ইমামতি করেন জেএমসি'র পেশ ইমাম ও খতিব মির্জা আবু জাফর বেগ। নামাজের আগে নিউইয়র্কে বাংলাদেশ কনস্যুলেটে নিযুক্ত কনসাল জেনারেল নাজমুল হুদা, জেএমসি'র সভাপতি ডা. মাহমুদুর রহমান, মরহুম রাইয়ানের পিতা কৃষিবীদ আশরাফুজ্জামান উপস্থিত মুসল্লিদের উদ্দেশ্যে সংক্ষিপ্ত বক্তব্য রাখেন। এই পর্ব পরিচালনা করেন জেএমসি'র সেক্রেটারী আফতাব মান্নান।

জানাজা নামাজের আগে রাইয়ানকে দেখার জন্য বিপুল সংখ্যক প্রবাসী জেএমসিতে ভীড় জমান। এসময় তার পিতা কৃষিবীদ আশরাফুজ্জামান অশ্রুভেজা নয়নে পুত্রের মরদেহের পাশে দাঁড়িয়ে সবার কাছে দোয়া কামনা করেন। অপরদিকে মা মোর্শেদা জামান কান্নায় ভেঙ্গে পড়েন। জানাজা শেষে তার মরদেহ সহসরি কবরস্থানে নিয়ে যাওয়া হয়।

অপরদিকে রাইয়ান ইফতেখার জামানের নামাজে জানাজায় যুক্তরাষ্ট্র আওয়ামী লীগের সভাপতি ড. সিদ্দিকুর রহমান, সাংগঠনিক সম্পাদক মহিউদ্দিন দেওয়ান, মানবাধিকার বিষয়ক সম্পাদক মিসবাহ আহমেদ, শিল্প ও বাণিজ্য বিষয়ক সম্পাদক ফরিদ আলম, কার্যকরী সদস্য জহিরুল ইসলাম, নিউইয়র্ক মহানগর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ইমদাদ চৌধুরী, যুক্তরাষ্ট্র যুবলীগের সাবেক আহ্বায়ক রেজাউল করিম চৌধুরী, যুবলীগ নেতা সেবুল মিয়া সহ দলীয় নেতা-কর্মী ছাড়াও সর্বস্তরের বিপুল সংখ্যক প্রবাসী অংশ নেন।

এছাড়াও কমিউনিটির উল্লেখযোগ্য ব্যক্তিবর্গের মধ্যে এটর্নী মঈন চৌধুরী, বেদারুল ইসলাম বাবলা, ফখরুল ইসলাম দেলোয়ার, আব্দুল্লাহ জাহিদ, এডভোকেট মোহাম্মদ আলী বাবুল, এডভোকেট মজিবুর রহমান, শাহ জে চৌধুরী প্রমুখ জানাজা নামাজে উপস্থিত ছিলেন।





জায়েদ খানকে বিয়ে

(শেষের পাতার পর)

এবার তিনি লোকসভা নির্বাচনের টিকিট পাননি। তাই রাজনীতির মাঠে খুব একটা শক্ত অবস্থানে নেই তিনি। সিনেমাতেও নেই খুব একটা। কিছুদিন আগে বাংলাদেশে শুটিং করে গেছেন। নায়ক ছিলেন জায়েদ খান। কিন্তু সেই শুটিং নিয়েও কম জল ঘোলা হয়নি। তাই কাজটা শেষ না করেই কলকাতায় ফিরতে হয়েছে তাঁকে। শোনা যাচ্ছে এবার বিয়ের পিঁড়িতে বসতে যাচ্ছেন এই তারকা। পাত্র নাকি এ দেশের জায়েদ খান!

আসলে কি তাই?

যদিও বেশ কিছুদিন আগে বাংলাদেশে জায়েদ খানের নায়িকা হয়ে একটি সিনেমা করতে এসেছিলেন সায়ন্তিকা। সে সময় জায়েদের সঙ্গে তাঁর প্রেমের গুঞ্জনও ছড়ায়। কক্সবাজারে শুটিংয়ের ফাঁকে তাঁদের একান্তে সময় কাটানোর খবরও আসে।

তাহলে কি জায়েদ খানের বউ হচ্ছেন তিনি?

বিয়ে এবং জায়েদ খান প্রসঙ্গে ভারতীয় গণমাধ্যম সংবাদ প্রতিদিনকে দেওয়া এক বক্তব্যে স্পষ্টই জানালেন। অভিনেত্রীকে প্রশ্ন করা হয়, আপনি কি বাংলাদেশের বউ হচ্ছেন? এমন প্রশ্নের জবাবে সায়ন্তিকা বলেন, 'না না, একেবারেই কারো বউ হচ্ছি না।'

তাহলে জায়েদ খানের বউ হচ্ছেন না? এমন প্রশ্নে সায়ন্তিকা বলেন, 'আমি কারো নামে মিথ্যা অপবাদ দিই না। জায়েদ খান ভীষণই ভালো একজন মানুষ। আমাকে সত্যি সাহায্য করেছেন। সম্মান দিয়েছেন।'

সায়ন্তিকা আরো বলেন, 'বাবা-মা এখনই আমাকে বিয়ে দিতে আগ্রহী নন। আমি তো সব সময় মিডিয়া বন্ধুদের বলি পাত্র খুঁজে দিতে। সবাই দেবে বলে; কিন্তু আর দেয় না। আমার তো পাত্র খোঁজার সময় নেই! ২৪ ঘণ্টা বাঁকুড়ায় পড়ে থাকলে কোথা থেকে আমি প্রেম করব?'

প্রতিষ্ঠানের স্বত্বাধিকারী শেফ খলিলুর রহমান জানান, পবিত্র রমজান মাসে রোজাদারগন যাতে স্বাচ্ছন্দের সাথে ইফতার বা ইফতার পার্টি আয়োজন করতে পারেন সেজন্য আমরা এই ব্যবস্থা গ্রহন করেছি। নতুন করে ইনডোর ডেকোরেশনও করা হবে। স্বাচ্ছন্দময় পরিবেশে খলিলের মজাদার ইফতার উপভোগ করার জন্য তিনি প্রবাসী বাংলাদেশীদের প্রতি আহ্বান জানিয়েছেন।

এটা কি হীনমন্যতা!

(শেষের পাতার পর)

সাথে পরিচিত হয়, কথা বলে। দেখা যায় ভারতীয় বা পাকিস্তানী লোকটি নিজের ভাষায় কথা বলছে বাঙালী ভাইটিও তার সাথে হিন্দি বা খিচুরি উর্দু শুরু করে দিয়েছে। এক অদ্ভূত মানসিকতা! লোকটা কিন্তু জানে আমি বাংলাদেশী বাংলায় কথা বলি। তারপরও সে ধরেই নেয় আমি তার ভাষা হিন্দি বা উর্দু জানি! অথচ অন্য ভাষার লোকের সাথে কিন্তু নিজের ভাষায় মাতে না। চেহারা দেখেই বুঝে নেয় লোকটা বাঙালী, আর অমনি শুরু করে দেয় নিজের ভাষা। এদিকে বাঙ্গালী ভাইটিকে দেখা যায় উর্দু হিন্দি পারুক না পারুক তার সাথে হ্যায় করেগা যায়েগা খায়েগা শুরু করে দিয়েছে! আমার সামনে এমন ঘটনা ঘটলে (যা প্রায়ই ঘটে থাকে) নিজেকে খুব ছোট মনে হয়। ভিনদেশীর এটিচুডটাই আমার কাছে আপত্তিকর লাগে। কেন সে মনে করবে আমি তার ভাষা জানি বা জানতে হবে! আমার কথা হচ্ছে, আমা কে যদি তার ভাষায় কথা বল তে হয় তাকেও আমার ভাষা জানতে হবে। বা আমি যদি তার ভাষা শিখতে পারি সে কেন আমার ভাষা শিখতে পারবে না! সে উর্দু বা হিন্দি শুরু করলে আমিও বাংলা বলবো। যদি সে বাংলা না বোঝে তৃতীয় কোন ভাষায় কথা হবে। সেটা হতে পারে আন্তর্জাতিক কোন ভাষা বা যে দেশে বাস করে সে দেশের স্থানীয় ভাষা। আমার সাথে কেউ এমন শুরু করলে আমি বাংলা বলি। তাতে সে ধরে নেয় আমি তার ভাষা জানি না। তখন ইংরেজী শুরু করি। সে যদি ইংরেজী না জানে তখন কিছুটা যার যার ভাষায় কিছুটা হাত মুখ নেড়ে ভাব বিনিময় করি। তবে প্রায় ক্ষেত্রে আমি দেখেছি তারা বাংলা বলতে না পারলেও কিছু কিছু বুঝতে পারে, দুই একটা শব্দ বলতেও পারে। কিন্তু প্রচন্ড রকমের অহংবোধ আর দেমাগের কারনে নিজের ভাষার বাইরে একটা শব্দও উচ্চারণ করতে চায় না।

এই অহংবোধটা আমি বাঙালীর মাঝে পাই না। ইন্ডিয়ান পাকিস্তানী কারও সাথে কথা বলতে গেলে যেন গদগদ ভাব এসে যায়। উর্দু হিন্দি যতটুকু জানা বম্বের ছবি আর জি সনির সিরিয়াল দেখে। সেটাই কে কতটা শিখেছে তার পরীক্ষা দেওয়া শুরু হয়ে যায় যেন! আর ওদিকে ভিনভাষী লোকটি সগর্বে তার ভাষায় কথা বলে চলেছে। আমি হিন্দি বেশ ভালোই বুঝি, বলতেও পারি। কিন্তু তার সাথেই বলি যে বাংলা জানে এবং বলতে পারে। না হলে ইংরেজী। ভারতের পশ্চিমবঙ্গে গেলে বাঙ্গালী অবাঙ্গালী সবার সাথেই বাংলা বলি। আলাপচারিতায় অবাঙ্গালীরা হিন্দি বলে, আমি বাংলা। এবং মজার ব্যপার হচ্ছে আমার বাংলা কথা তারা বোঝে এবং ভাঙ্গা ভাঙ্গা বলেও। কলকাতায় স্থানীয় বাঙ্গালীরা অবাঙ্গালীদের সাথে বেশী-রভাগ হিন্দি বলেন। সেটা তারা বলতে পারেন, হিন্দি তাদের রাষ্ট্র ভাষা। কিন্তু অবাঙালী বন্ধুদেরকে আমি বলি তোমরা থাকো বাংলায় ব্যবসা-বাণিজ্য করো বাংলায়, বাংলাটা ভালভাবে শিখে নাও না কেন। হয় তো তারা তার প্রয়োজন বোধ ক রেন না, কারন স্থানীয়রা তা দের সা থে হি ন্দি তেই কথা ব লে। পশ্চিমবঙ্গের বাইরে গেলে আ মি ইংরেজী বলি। তবে সুবিধা হলো সে দেশের মানুষ কমবেশী প্রায়ই ইংরেজী জানে। ভালমত বলতে না পারলেও বোঝে, হিন্দিতে উত্তর দিলে আমি বুঝে নেই। শুধুমাত্র কুলি মুটে রিকশাওয়ালা বা অতি সাধারন লেবেলের লোকজনের সাথে বাধ্য হয়ে কিছুটা তাদের ভাষা বলতে হয়।

ভিনদেশী ভাষা শেখা জানা বা বলতে পারা দোষের কিছু না। কিন্তু কাউকে ইন্ডিয়ান পাকিস্তানীদের সাথে তাদের ভাষায় কথা বলতে গিয়ে গদগদ হয়ে পড়তে দেখলে নিজেকে কেমন অভাগা মনে হয়। এটা কি হীনমন্যতা, না আত্মমর্যাদাবোধের অভাব!

ইফতারী সামগ্রীর মূল্য বৃদ্ধি

(শেষের পাতার পর)

ঘুরে দেখা গেছে ইফতারীর তালিকায় শীর্ষে রয়েছে খেজুর, জিলাপী, ছোলা-বুট আর বাংলাদেশী মুড়ি। হোটেল-রেস্তোরায় গড়ে ১০/১২ আইটেমের ইফাতারী বক্সের মূল্য ১০/১৪ ডলার। খবর ইউএনএ'র।

খোঁজ নিয়ে জানা যায়, নিউইয়র্ক সিটির কুইন্সের জ্যামাইকা মুসলিম সেন্টার, আরাফা ইসলামিক সেন্টার, হাজী ক্যাম্প মসজিদ, আমেরিকান মুসলিম সেন্টার, ওজনপার্কের আল আমান জামে মসজিদ, ব্রুকলীনের বাংলাদেশ মুসলিম সেন্টার, বায়তুল জান্নাহ জামে মসজিদ, এস্টোরিয়ার আল আমীন জামে মসজিদ, ব্রঙ্কসের পার্কচেষ্টার জামে মসজিদ, ম্যানহাটানের মদিনা মসজিদ প্রভৃতি মসজিদে তারাবিহ নামাজের বিশেষ ব্যবস্থা নেয়া হয়েছে।

অপরদিকে জ্যামাইকার ফাতেমা গ্রোসারী, মান্নান সুপার মার্কেট, কাওরান বাজার সুপার মার্কেট, প্রিমিয়াম সুপার মার্কেট, বিসমিল্লাহ সুপার মার্কেট, খামারবাড়ী সুপার মার্কেট, আল আকসা সুপার মার্কেট, জ্যাকসন হাইটসের মান্নান গ্রোসারী, খামারবাড়ী, হাটবাজার, ইত্যাদী, ব্রুকলীনের প্রগতি, বাংলা বাজার, বাংলা নগর, সূচনা, গ্রীন হাউজ, ব্রঙ্কসের ফ্রেন্ডস গ্রোসারী, আল আকসা সুপার মার্কেট, ইত্যাতি, বাংলা টাউন, বারী সুপার মার্কেট, ওজনপার্কের দেশীবাজার, পিটকিন, আল আমীন, শাহ-জালাল সুপার মার্কেট, এস্টোরিয়ার ইত্যাদি গ্রোসারী, বনফুল প্রভৃতি স্টোর ঘুরে দেখা গেছে এসব স্টোরগুলোতে থরে থরে সাজনো হয়েছে ইফতারী সামগ্রী মুট, মুড়ি, ছোলা, খেজুর, চানা ডাল প্রভৃতি সামগ্রীতে। তবে গত বছরের চেয়ে এবার এসব সামগ্রীর মূল্য খানিকটা বৃদ্ধি পেয়েছে।

অপরদিকে জ্যামাইকার সাগর, ঘরোয়া, প্রিমিয়াম, কিং কাবাব, ঢাকা সুইটস, জ্যাকসন হাইটসের প্রিমিয়াম, নবান্ন, হাটবাজার, খলিল, ব্রুকলীনের ঘরোয়া, স্বদেশ, জাফরান, ব্রঙ্কসের খলিল, নিরব, আল আকসা, বারী প্রভৃতি রেস্টুরেন্টে ইফতারী আইটেমের বহুল সমাবেশ। ছোলা বুট, পিঁয়াজু, বেগুনী, ভুনা খিচুরী, সমচা, সিঙ্গারা, হালিম, জিলাপী প্রভৃতি ১০-১২ আইটেমের ইফতারী বক্স ১০/১৪ ডলারে বিক্রি হচ্ছে।

এদিকে প্রথম রোজার দিন থেকেই হোটেল-রেস্তোরায় ইফতারের খাবারে জিলাপির চাহিদা সব সময় লেগেই আছে বলে দোকানীরা জানিয়েছেন। দোকানীরা বলেন, আমরা ভাবতেই পরিনি যে, রোজার প্রথম দিন থেকেই এতো ব্যাপক পরিমান জিলাপীর চাহিদা থাকবে। রেগুলার জিলাপী, গুড়ের জিলাপী, কালিজিরা জিলাপী, স্মল জিলাপী, শাহী জিলাপী প্রভৃতি নামে বাজারে নানান স্বাদের জিলাপী পাওয়া যাচ্ছে। আর এসব জিলাপী ৯.৯৯ ডলার থেকে শুরু করে ১৪.৯৯ ডলার পাউন্ডে বিক্রি হচ্ছে।



Jumbo Travel, Inc.
Your agent for Air, Cruise, Tour, Vacation, Hajj & Umrah Package
WINTER টিকেটের আকর্ষণীয় মূল্য হ্রাস
সবচেয়ে কম মূল্যে গ্যারান্টিযুক্ত রিটার্ণ টিকেটের জন্য আজই যোগাযোগ করুন
Ali A. Chowdhury
Managing Director
Tell: 718-267-9651
Cell: 917-478-7131
Faz: 718-267-1922
30-10 35th Street
Astoria, NY 11103
jumbotravelusa@aol.com

Hillside Accounting Services Inc.
Tax, Accounting, Immigration & Multi Services

Tax
Accounting
Immigration



*বিনা পরীক্ষায় ও বিনা ফিতে সিটিজেনশীপ
*Tax Amendment/ITIN
*সকল প্র কার ইমিগ্রে শন ফরম ফিলআপ

Shafi Chowdhury
Consultant

167-13 Hillside Ave 2nd Floor, Jamaica, NY 11432
Cell: 646-403-6500, Tele/Fax: 917-775-7357
e-mail: hillsideaccounting@gmail.com
F to 169 St, Station than close to Apnar Pharmacy

AUTHORIZED IRS e-file PROVIDER

Popular Tax Services
পপুলার ইনকাম ট্যাক্স সার্ভিসেস
72-26 Roosevelt Ave, 2nd Fl, Jackson Heights, NY 11372
Call/Text (347)-666-7862 & Call (718)-426-9453
Email: populartaxservices@gmail.com

Personal Income Tax Preparation for all industries:
- All types of W2 & 1099 Income Tax Filing
- Specialization in Uber Lyft & Rideshare Driver Tax Filing
- Homeowners & Stock Market Trader Tax Filing

We provide Remote Personal Income Tax Filing
সঠিক, দ্রুত, সুনিপুন এবং
আইন সম্মত সার্ভিসে আমরা বিশ্বাসী
কম খরচে সততা ও বিশ্বস্ততা সহিত ট্যাক্স
ফাইলিং এর জন্য আমাদের সাথে যোগাযোগ করুন

tax refund

Nahian Howladar Emon
BBA IO Psychology Baruch College
New York State Tax Preparer
(347)-666-7862
(718)-426-9453

পপুলার ড্রাইভিং স্কুল
www.populardrivingschoolny.com
Fully Insured & Licensed by NYS (DMV)



আব্দুর রহিম হাওলাদার
প্রেসিডেন্ট

- Road Lesson Local & Highway
- 5 Hours Class Certificate (Zoom Class)
- Road Test Appointment
- Car for Road Test

OPEN 7 DAYS



6 Hours DDC Class
Good For TLC

বাসা থেকে পিকআপ এন্ড ড্রপ
718-426-9453, 917-301-2063

Popular Driving School Inc.
72-26 Roosevelt Ave, 2nd Fl, Jackson Heights, NY 11372
(Corner of 73 St & Roosevelt Ave)

শিল্পী কাদেরী কিবরিয়া



যোগাযোগ :
267-249-7687,
610-352-7123

Address:
146 Marlbrough Road
Upper Darby, PA 19082



বর্ণাঢ্য আয়োজনে বাংলা ট্রাভেলস

(শেষের পাতার পর)

। এ উপলক্ষ্যে গত ১৫ মার্চ কুইন্সের গুলশান ট্যারেসে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে প্রতিষ্ঠানটির সিইও ও প্রেসিডেন্ট বেলায়েত হোসেন বেলাল 'ওভাল বাইবেল কলেজ' থেকে দেয়া অনারারী ডক্টরেট ডিগ্রীর সার্টিফিকেট গ্রহন করেন। এছাড়াও অতিথিদের উপস্থিতিতে কেক কেটে প্রতিষ্ঠানটির বর্ষপূর্তি উদযাপন করা হয়।

অত্যন্ত চমৎকার আয়োজনে কমিউনিটির বিশিষ্ট ব্যক্তিবর্গ, সিটি মেয়র অফিস ও বিভিন্ন এয়ার লাইন্সের প্রতিনিধি এবং প্রতিষ্ঠান দুটির গ্রাহক ও বিপুল সংখ্যক প্রবাসীদের উপস্থিতিতে দুই পর্বের অনুষ্ঠানের শুরুতে পবিত্র কোরআন থেকে তেলাওয়াত করেন দারুন মসজিদের ইমাম ও খতিব মওলানা আব্দুল মুকিত, স্বগত বক্তব্য রাখেন বেলায়েত হোসেন বেলাল এবং বিশেষ দোয়া মুনাজাত পরিচালনা করেন জ্যামাইকা মুসলিম সেন্টারের ইমাম ও খতিম মির্জা আবু জাফর বেগ। এই পর্ব উপস্থাপনায় ছিলেন অধ্যাপক মোহাম্মদ শহীদুল্লাহ।

এরপর বেলায়েত হোসেন বেলালের হাতে 'ওভাল বাইবেল কলেজ' থেকে দেয়া অনারারী ডক্টরেট ডিগ্রীর সার্টিফিকেট তুলে দেয়া হয়। এসময় উপস্থিত সকলে করতালি দিয়ে তাকে শুভেচ্ছা ও অভিনন্দন জানান। এছাড়াও বিশিষ্ট ব্যক্তি ও প্রতিষ্ঠানের পক্ষ থেকে ড. বেলায়েত হোসেন বেলাল-কে ফুলেল শুভেচ্ছা জানানো হয়। এরপর প্রতিষ্ঠান দুটির উপর নির্মিত ডকুমেন্টারী প্রদর্শন করা হয়।

ইফতার গ্রহনের পর অনুষ্ঠানের দ্বিতীয় পর্বে অন্যান্যের মধ্যে শুভেচ্ছা বক্তব্য রাখেন বাংলা পত্রিকা সম্পাদক ও টাইম টিভি'র সিইও আবু তাহের, সাপ্তাহিক আজকাল সম্পাদক ও গোল্ডেন এজ এর প্রেসিডেন্ট শাহ নেওয়াজ, নিউইয়র্ক বাংলাদেশ প্রেসক্লাবের সভাপতি মনোয়ারুল ইসলাম, সাপ্তাহিক প্রবাস সম্পাদক মোহাম্মদ সাঈদ, সাপ্তাহিক দেশ সম্পাদক মিজানুর রহমান, সঙ্গীত শিল্পী রিজিয়া পারভীন, সাংবাদিক আকবর হায়দার কিরণ, আশা হোমকেয়ারের প্রেসিডেন্ট আকাশ রহমান, কমিউনিটি অ্যাক্টিভিস্ট আলমগীর খান আলম, উপস্থাপিকা সোনিয়া এবং বাংলা ট্রাভেলস ও ডিজিটল ওয়ান এর কনসালটেন্ট আবু তাহের। এছাড়াও অনুষ্ঠানে এমিরাত, কাতার, কুয়েত, ইন্ডিয়া ও সৌদি এয়ারলাইন্সের প্রতিনিধিদের হাতে বাংলা ট্রাভেলস'র পক্ষ থেকে ক্রেস্ট তুলে দেন বেলায়েত হোসেন বেলাল। সমগ্র অনুষ্ঠান উপস্থাপনায় ছিলেন আশরাফুল হাসান বুলবুল। অনুষ্ঠানে বেলায়েত হোসেন বেলাল তার বক্তব্যে উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে বাংলা ট্রাভেলস ও ডিজিটল ওয়ান এর ২৫ বছরে তাদের নানামুখি সেবার কথা তুলে ধরেন। তিনি বলেন, আমরা আমাদের সাধ্যমতো সেবা দিয়ে চলেছি, আগামী দিনে আরো বেশী সেবা দেয়াই আমাদের লক্ষ্য।

অনুষ্ঠানে কমিউনিটির গণ্যমান্য ব্যক্তিরা বাংলা ট্রাভেলস ও ডিজিটল ওয়ান এবং বেলায়েত হোসেন বেলালের সাফল্য ও এগিয়ে যাওয়ার ভূয়সী প্রসংশা করেন। তারা বলেন, বাংলা ট্রাভেলস ও ডিজিটল ওয়ান ২৫ বছর ধরে সততার সাথে কমিউনিটিকে সেবা দিয়ে আসছে। হাজার হাজার ধর্মপ্রান মুসলমান এই প্রতিষ্ঠানের মাধ্যমে হজ্ব ও ওমরাহ হজ পালন করে আসছেন। প্রতিষ্ঠান দুটো সততার সাথে সেবা দিয়ে কমিউনিটির বিশ্বস্থ ও আস্থার প্রতিষ্ঠানে পরিণত হয়েছে।

AUTHORIZED IRS e-file PROVIDER

মহান আল্লাহ রাব্বুল আলামিনের দয়ায়
সাফল্যের ২৭ বছর উদযাপন করছে

Empire Accounting & Tax Co.

আপনাদের
সুবিধার্থে আমরা
এখন উডসাইডে
(জ্যাকসন হাইটসের সন্নিকটে)



- আমরা ট্যাক্স সংশোধনী বিশেষজ্ঞ। ইতিমধ্যেই আমরা আমাদের ক্লায়েন্টদের হাজার হাজার ডলার সাশ্রয় করেছি ট্যাক্স সংশোধনীর মাধ্যমে।
- আইআরএস, নিউইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট বা নিউইয়র্ক স্টেট সেলস ট্যাক্স কর্তৃক ইস্যুকৃত জরিমানা নোটিশের অত্যন্ত সন্তোষজনক সমাধান
- পূর্বে ফাইলকৃত ত্রুটিপূর্ণ ইনকাম ট্যাক্স রিটার্ণ সংশোধন
- পরিবারের ইমিগ্রান্ট ভিসার জন্য সঠিক ইনকাম ট্যাক্স রিটার্ণ ও এফিডেবিট অব সাপোর্ট সংক্রান্ত সহায়তা
- আমরা বছরব্যাপী অফিস খোলা রাখি।

ইমিগ্রেশনের যে কোনো ফরম পূরণে সহায়তা দিয়ে থাকি
- সিটিজেনশীপ
- ফ্যামিলি পিটিশন
- NVC Case প্রসেসিং
- স্ট্যাটাস এডজাস্টমেন্ট
- এফিডেভিট অব সাপোর্ট
- এমপ্লয়মেন্ট অথরাইজেশন / গ্রীনকার্ড নবায়ন।
- Advanced Parole / Reentry Permit ইত্যাদি

37-03 61st Street, Woodside, NY 11377
Phone: 718-784-4158. Fax: 718-784-2678
Mon-Friday 10am-7pm, Saturday 10-5pm

President: Mohammed Rezaul Karim
M.Com. (Accounting), M.S.Ed.
23 years Experienced Tax Professional with IRS and 50 States
Permanent Certified Teacher by NYS Education Dept.
নিউইয়র্ক সিটি পাবলিক স্কুলে ১০ বছর শিক্ষকতার অভিজ্ঞতা
Razi Islamic School-এ দুই বছরের শিক্ষকতার অভিজ্ঞতা

দালাল দ্বারা প্রতারিত হবেন কেন?

বাফেলোতে বাড়ি কেনা-বেচায়



নতু ন প্রজন্মের বিশ্বস্ত লাইসেন্সড সেলস পার্সন

রাফি সাফওয়ান

ঝামেলামু ক্ত সহযোগিতা দিচ্ছে

সিদ্ধান্ত নেয়ার পূ র্বে যোগাযোগ করুন :

267-992-3201

Park Realty
of Western New York

155 Summer St
Buffalo, NY 14222

বাসা ভাড়া

বাসা ভাড়া

জ্যামাইকায় ইয়র্ক কলেজের পাশে প্রথম তলায় ৩ বেডরুমের বাসা ২ বাথরুম, লিভিং ও কিচেনসহ ভাড়া হবে। যোগাযোগঃ ৫১৬-৬৪৬-৮৯০৩
এম-১১

বাসা ভাড়া

সানিসাইডে ৪৬ স্ট্রীট ও ৫০ এভিনিউতে স্ট্রীট লেভেলে সেমি বেসমেন্টে অধূমপায়ী মুসলিম পরিবারের জন্য ৩ বেডরুমের বাসা ভাড়া দেয়া হবে। মাসিক ভাড়া ২,০০০ ডলার। যোগাযোগঃ ৯১৭-৫৬২-১৩৬৮
এম-১১

সেমিবেসমেন্ট ভাড়া

ওজন পার্কে ১১১ এভিনিউতে A ট্রেন স্টেশনের তিন ব্লকের মধ্যে এবং বাসস্টপ সংলগ্ন ২ বেডরুম, লিভিং, ফুলবাথ, কিচেনসহ ভাড়া দেয়া হবে। সুন্দর এবং নিরিবিলি পরিবেশ। যোগাযোগঃ **646-340-6857. Tc-0214/3**

সেমিবেসমেন্ট ভাড়া

সেন্ট আলবান্সর ১১৬ এভিনিউ ১৯৬ স্ট্রীট বড় বড় দুটি বেডরুম, ৭টি জানালা, নতুন রিনোভেশন, ১ ব্লক দূরে লিনডেন এভিনিউতে বাসা এখনই ভাড়া হবে। যোগাযোগঃ আব্দুস সালাম 917-415-8475.

বাসা ভাড়া

জামাইকা ইয়র্ক কলেজ ও E ট্রেনের কাছে ৩বেড ২বাথ লিভিং কিচেন সহ ভাড়া হবে। যোগাযোগ: **516-646-8903**

টিএলসি প্লেট ভাড়া

উবার/ লিফট/ টিএলসি প্লেট ভাড়া। দুইটি টি এল সি প্লেট তিন বছরের জন্য লীজ দেওয়া হবে (পরবর্তীতেও নবায়ন যোগ্য) একটি এখনই আরেকটি এপ্রিল থেকে। যোগাযোগ: আকবর **929-287-4712,** হাবিব **646-327-0359.**

স্টোর বিক্রয়

লং আইল্যান্ড হ্যামস্টেড এর ব্যস্ত এলাকায় চলমান ৯৯ সেন্ট এন্ড ডিসকাউন্ট শপ বিক্রি হবে। যোগাযোগঃ **929-393-1117.**

বাড়ী বিক্রি

কুইন্সের লং আইল্যান্ড সিটির ৫১ এভিনিউ এবং ৩৪ স্ট্রীটে ২ ফ্যামিলি বাড়ি, ৩ বেড/ ৩ বেড, ফুল ফিনিশড বেসমেন্টসহ বিক্রি হবে। যোগাযোগঃ সাঈদ। ফোন: ৬৪৬-৩০২-২১৫৩ অথবা ৬৪৬-২৯১-৯৮৪৫
এম-১১

বাড়ী বিক্রি

নিউইয়র্ক সিটির জ্যামাইকায় অত্যন্ত সুলভ মূল্যে সুন্দর লোকেশনে ৯২ এভিনিউ ও ১৬৮ প্লেসে ৪ বেডরুমের ডুপ্লেক্স বাড়ি ৩ ফুল বাথসহ এখনই বিক্রি হবে। মূল্য ৫৮৫,০০০ ডলার।
যোগাযোগঃ সাঈদ ৬৪৬-৩০২-২১৫৩ অথবা ৬৪৬-২৯১-৯৮৪৫
এম-১১

বাড়ী বিক্রি

কুইন্স ভিলেজে ২১৫ স্ট্রীট ও ১১০ এভিনিউতে ২ ফ্যামিলি বাড়ি বিক্রি হবে। ফার্স্ট ফ্লোরে ৩ বেডরুম, সেকেন্ড ফ্লোরে ২ বেডরুম। ফুল ফিনিশড বেসমেন্ট। যোগাযোগঃ সাঈদ ৬৪৬-৩০২-২১৫৩ অথবা ৬৪৬-২৯১-৯৮৪৫
এম-১১

বাড়ী বিক্রি

জ্যামাইকায় একটি ৩ ফ্যামিলি বাড়ি বিক্রি হবে। মূল্য ১২ লাখ ডলার। যোগাযোগঃ আদন ইসলাম (লাইসেন্সড রিয়েল্টর) ৯১৭-২০৭-৭২৩৯
এম-১১

অ্যাপার্টমেন্ট বিক্রি

ব্রঙ্কসের পার্কচেস্টার কন্ডোমিনিয়ামে একটি রেনোভেটেড ১ বেডরুমের লাক্সারিয়াস অ্যাপার্টমেন্ট বিক্রি হবে। Ready to move. ওভাল পার্ক ও সাবওয়ে স্টেশনের কাছে। যোগাযোগঃ ৭১৮-৭৩৭-২৭২৬
এম-১১

টিএলসি ইলেকট্রিক প্লেট ভাড়া

টিএলসি ইলেকট্রিক প্লেট ভাড়া হবে।
যোগাযোগ
৯২৯-৩৯৩-৬৮০৭

কাজী অফিস

সিটি কর্তৃক রেজিষ্ট্রিকৃত
কাজী ইমাম মাওলানা আব্দুল মুকিত
পেশ ইমাম, দারুস সালাম মসজিদ, জ্যামাইকা

148-16 87 Road
Jamaica, NY-11435

বিবাহ পড়ানো, মেরিজ সার্টিফিকেট ও কাবিন নামা প্রদান করা হয়।
পরামর্শ ও এপয়েন্টমেন্টের জন্য যোগাযোগ করুনঃ
917-428-1519

নায়াগ্রা ফলসে বাড়ী বিক্রি

নিউইয়র্কের নায়াগ্রা ফলসে বাড়ী বিক্রি (এয়ারবন্ড পারমিট সহ) হবে। তিন বেড ও এক বাথরুমের বাড়ীট নায়াগ্রা ফলস ও সিনেকা রিজোর্টের অতি সন্নিকটে। গড়ে প্রতি রাত আয় ২৪৯ ডলার।
আগ্রহীরা যোগাযোগ করুন অথবা টেক্স করুন:
৬৪৬-২৩৬-৬০৪৪

FREE CONSULTATION!!!
I am a tax specialist directly licensed by the IRS



ENROLLED AGENT
Authorized IRS e-file Provider
IRS To Represent Before the Internal Revenue Service

MIR KASHAM
IRS Enrolled Agent, CMA (INT), BBA (Accounting), Baruch CUNY

TAX - ACCOUNTING - NOTARY PUBLIC
IMPUESTOS - CONTABILIDAD - NOTARIO PÚBLICO
ট্যাক্স–একাউন্টিং–নোটারী

Tax Preparation, Tax Planning
& Solving Tax Problems
Business Tax & Accounting
Sales Tax
Payroll & Bookkeeping Services
Typing Services:
Contract Papers
Resumès, Fax, E-mail, Scan etc.



Moon
Multi Services
701 Church Avenue
Brooklyn, NY11218
Tel: 347-533-9030
Cell: 917-501-5750
Fax: 347-533-6703
Email: mirkasham@aol.com



* সম্পূর্ণ হালাল খাবার
* ক্যাটারিং
* লাঞ্চ ডিনার



Joy

পিকনিকসহ বিভিন্ন উৎসব আয়োজনে জয় রেস্টুরেন্টের বিশেষ ঘোষণা

জয় ক্যাটারিং মেন্যু

প্যাকেজ -১
ব্লেইন পোলাও
চিকেন রোস্ট
মিক্সড ভেজিটেবল
সালাড
ডিজার্ট
$ 7.00

প্যাকেজ-২
ব্লেইন পোলাও
চিকেন রোস্ট
সামি কাবাব
মিক্সড ভেজিটেবল
সালাড
ডিজার্ট
$ 8.00

প্যাকেজ-৩
ব্লেইন পোলাও
চিকেন রোস্ট
গোট অথবা বিফ কারি
মিক্সড ভেজিটেবল
সালাড
ডিজার্ট
$10.00

প্যাকেজ-৪
মটর পোলাও
চিকেন রোস্ট
সামি কাবাব
গোট অথবা বিফ কারি
মিক্সড ভেজিটেবল
সালাড
ডিজার্ট
$11.00

148 E 46th Streets, (Between Lexington & 3rd Avenue), New York, NY 10017
Tel: 212-490- 1277, (212) 490-1278, Fax: (212) 490-1977

32 West 39 Street (Between 5th and 6th Avenue),New York, NY- 10018.
Tel: 646-559-7527



মেরিল্যান্ডে ফোবনা কনভেনশনের কিকঅফ ও গালা ডিনার নাইট : হোস্ট কমিটি ঘোষণা

নিউইয়র্ক: যুক্তরাষ্ট্রের মেরিল্যান্ডে ফেডারেশন অব বাংলাদেশী এসোসিয়েশনস ইন নর্থ আমেরিকার (ফোবানা) ৩৮তম কনভেনশন-২০২৪ এর কিকঅফ ও গালা ডিনার নাইট অনুষ্ঠিত হয়েছে। পরে অনুষ্ঠান থেকে ১০১ সদস্যের হোস্ট কমিটি ঘোষণা করা হয়। গত ৯ মার্চ শনিবার সন্ধ্যায় মেরিল্যান্ডের রকভিলে অবস্থিত হোটেল রামাদাতে এই কিকঅফ ও গালা ডিনার অনুষ্ঠিত হয়। এতে সভাপতিত্ব করেন ফোবনা স্টিয়ারিং কমিটির চেয়ারম্যান, বিশিষ্ট ব্যবসায়ী ও সাপ্তহিক আজকাল সম্পাদক শাহ নেওয়াজ। এসময় ফোবানা'র এক্সিকিউটিভ সেক্রেটারি কাজী সাখাওয়াত হোসাইন আজম ও ট্রেজারার ফিরোজ আহমেদ উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে আরো উপস্থিত ছিলেন নিউইয়র্কের মিডিয়া ব্যক্তিত্ব, সাপ্তাহিক পরিচয় সম্পাদক নাজমুল আহসান, মিলিনিয়াম টিভির সিইও নুর তফাদার, সাংবাদিক জাহিদ হাসান, হাসান মাহমুদ, অনিক রাজ ও সাগর।

এদিকে অনুষ্ঠানে ফোবনা স্টিয়ারিং কমিটির এক্সিকিউটিভ সেক্রেটারি কাজী সাখাওয়াত হোসাইন আজম, জাহাঙ্গীর কবির বাবলুকে কনভেনর ও সারওয়ার মিয়াকে সদস্য সচিব করে ১০১ সদস্যের হোস্ট কমিটি ঘোষণা করা হয়। কমিটিতে কবিরুল ইসলামকে প্রধান উপদেষ্টা, ফারুক আহমেদকে প্রেসিডেন্ট ও হাদী কাইয়ুমকে চেয়ারম্যান নির্বাচিত করা হয়। এছাড়া অনুষ্ঠানে হোস্ট অর্গানাইজার হিসেবে বাংলাদেশী আমেরিকান ফাউন্ডেশন ইনকের নাম ঘোষণা করা হয়।

অনুষ্ঠানে অতিথিদের রাতের খাবার পরিবেশনের পর এক মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। এতে গান পরিবেশন করেন প্রবাসের জনপ্রিয় কণ্ঠশিল্পী রানু নেওয়াজ ও স্থানীয় শিল্পীবৃন্দ। -প্রেস বিজ্ঞপ্তি।

মেরিল্যান্ডে ছুরিকাঘাতে বাংলাদেশী হানিফ খুন

(৩১ পাতার পর)

করেন। সেখানেই এক কৃষ্ণাঙ্গ তরুণের ছুরিকাঘাতে মারা গেলেন হানিফ। কমিউনিটি সূত্রে জানা গেছে, দুর্বৃত্তটি স্টোরে ঢুকে সিগারেটসহ মূল্যবান সামগ্রী ছিনিয়ে নেওয়ার সময় হানিফ বাধা দিয়েছিলেন। সে সময়েই তাকে ছুরিকাঘাতে আহত করা হয়। গুরুতর অবস্থায় টহল পুলিশ তাকে উদ্ধার করে নিকটস্থ হাসপাতালে ভর্তি করেছিল। সেখানেই চিকিৎসাধীন অবস্থায় মারা গেলেন মোহাম্মদ হানিফ।

স্টোরের সার্ভিলেন্স ভিডিও পরীক্ষার পর পুলিশ দুর্বৃত্তের ছবি প্রকাশ করেছে। হানিফের কন্যা ফাতেমা রাইসা পিতার ঘাতককে গ্রেফতারের দাবি জানিয়ে বলেন, আমার বাবা ছিলেন হৃদয়বান মানুষ। পরিবারের জন্যে কঠোর শ্রম দিয়েছেন। তার মতো একজন মানুষকে কেন নির্দয় আচরণের ভিকটিম হতো হলো?

হানিফের শ্যালিকা লুৎফুন্নাহার ইসমাইল জানান, যদি তিনি জানতেন যে গ্রাহকের কাছে ডলার নেই। তাহলে মূল্য ছাড়াই প্রত্যাশিত দ্রব্য দিতেন। এমন একজন হৃদয়বান মানুষকে কেন হত্যা করা হলো? এই রিপোর্ট লেখা পর্যন্ত মোহাম্মদ হানিফের ঘাতক গ্রেফতার হয়নি বলে কমিউনিটি ক্ষোভ প্রকাশ করেছে।

GLOBAL MULTI SERVICES, INC
অভিজ্ঞ ট্যাক্স প্রিপারেটরের মাধ্যমে
ট্যাক্স এনালাইসিস ও ফাইলিং করা হয়

তারেক হাসান খান, সিইও
• INCOME TAX
• IMMIGRATION
• ACCOUNTING
• TAX AUDIT
• BUSINESS SETUP
• TRAVELS
IRS e-file
AUTHORIZED IRS e-file PROVIDER
tax time!
tax refund
37-18, 74th Street, Suite#202, Jackson Heights, NY 11372
Ph: (718) 205-2360, Fax: (718) 799-5864, Email: globalmsinc@yahoo.com


এবার জ্যাকসন হাইটে
আমাদের নতুন অফিসে
আপনাকে স্বাগতম
হাসপাতাল ও নার্সিং হোমে
যে কোন ডাক্তারের
রোগী ভর্তি করে থাকি
Barnali Hasan MD
Internal Medicine
ডা. বর্ণালী হাসান
ইন্টারনাল মেডিসিন
Mahfujul Hasan DDS
Implants & Invisalign
ডা. মাহফুজুল হাসান
ডি.ডি.এস
We provide medical services for IMMIGRATION
আমরা ইমিগ্রেশন সেবা প্রদান করি
WE ADMIT ANY PATIENTS at
HOSPITALS & NURSING HOMES
Northwell Health
LONG ISLAND JEWISH MEDICAL CENTER
Forest Hills & New Hyde Park
CALL 917 930 1170
• Primary Care • Annual Exam • Physical Checkup • TLC Test • Diabetes • Immigration • Cholesterol • EKG • • Spiro • PAP Smear • Pregnancy Test • Allergies • TB Test • Vaccinations • Telemedicine & all kind of Medical Services.
Diagnostic & preventive dentistry, General dentistry, Cosmetic dentistry, Teeth whitening, Fillings, Prosthodontics, Caps/crowns, metal-free bridges, full dentures and partial dentures, digital scanning, Endodontics, Rot canal, Orthodontics, Invisalign, Dental implants, Periodontics, Gum disease and most kinds of Dental Services
We accept most Insurances & Medicaid
EFFICIENT MEDICAL CARE PC
DHAKA DENTAL PC
3716 73rd St, Suite 202, Jackson Heights, NY 11372 | Phone: 929 799 8100
4014 Greenpoint Ave, Sunnyside, NY 11104 | Phone: 718 392 2858
17009 Hillside Ave, Jamaica, NY 11432 | Phone: 718 291 2710

একসিডেন্ট ও ইনজুরি কেইসেস
অভিজ্ঞ আমেরিকান ট্রায়াল আইনজীবি দ্বারা পরিচালিত
আইনী প্রতিষ্ঠান
LAW OFFICES OF
SURDEZ & PEREZ, P.C.


SURDEZ & PEREZ, P.C.
We Specialize in Personal Injury and Negligence Cases
Call us:
718-482-7766, 917-562-1368
প্রয়োজনে আমরাই পৌঁছে যাব আপনার কাছে
পরামর্শের জন্য ফি লাগে না
Free Consultation
কেবলমাত্র কেইসে সাফল্য লাভের পরই আমরা ফি গ্রহণ করে থাকি
আমাদের কার্যক্রম ও পরামর্শের ক্ষেত্রসমূহ:
• গাড়ী দুর্ঘটনা
• বাস,ট্রেন অথবা মোটর সাইকেল
• ব্রেইন ইনজুরি
• এলিভেটর একসিডেন্ট
• ভুল লায়াবিলিটি
• খেলার মাঠে দুর্ঘটনা
• বার্থ ইনজুরি
• নির্মাণ কাজে দুর্ঘটনা
• পিছলে পড়ে গেলে
• স্লেড পয়জনিং
• কুকুর কামড়ালে
• ডাক্তারের ভুল চিকিৎসা
আমাদের বৈশিষ্ট্যসমূহ:
অভিজ্ঞতা সম্পন্ন ট্রায়াল এটর্ণী দ্বারা পরিচালিত একটি আইনী প্রতিষ্ঠান। সততা ও নিষ্ঠা। ক্লায়েন্টের পক্ষে রায়ের জন্য দক্ষতার সাথে সর্বাত্মক চেষ্টা। দ্রুত কেস সেটেলমেন্টের নিশ্চয়তা
যে কোন পরামর্শের জন্য যোগাযোগ করুন

Mohammed Ali
718-482-7766
917-562-1368
alimd@surdezlaw.com
alimd1040@yahoo.com
32-72 Steinway Street, Suite# 401
Astoria, NY 11103
www.surdezperezlaw.com



নিউইয়র্কের টাইমস স্কয়ারে হাজারো মুসল্লির তারাবির নামাজ আদায়

বাংলা পত্রিকা ডেস্ক: নিউইয়র্কের টাইমস স্কয়ারে হাজারো মুসল্লি তারাবির নামাজ আদায় করেছেন এবারও। গত ১০ মার্চ রোববার নিউইয়র্ক সিটির টাইমস স্কয়ারে রমজানের প্রথম তারাবির নামাজ পড়তে মুসলমানরা সমবেত হন। যুক্তরাষ্ট্রে বসবাসরত মুসল্লিদের কয়েকটি সামাজিক সংগঠনের উদ্যোগে এ আয়োজন করা হয়।

সিটি অব দ্য ওয়ার্ল্ডে টানা দ্বিতীয় বছরের মতো এমন আয়োজনের উদ্যোক্তা সামাজিক যোগাযোগমাধ্যমের মুসলিম ইনফ্লুয়েন্সার এসকিউ। সহযোগিতায় ছিল মুসলিমস গিভিং ব্যাক ও ড্রপলেটস অব মার্সি। এ সময় নিরাপত্তা নিশ্চিতের দায়িত্ব পালন করে নিউ ইয়র্ক পুলিশ।

উদ্যোক্তারা জানান, ইসলামভীতি দূর করা, ধর্মের প্রকৃত সৌন্দর্য সম্পর্কে জানানো এবং সম্প্রীতির বার্তা তুলে ধরাই ছিল এর উদ্দেশ্য। এছাড়া সারা বিশ্বে বিনোদনকেন্দ্র হিসেবে পরিচিত টাইমস স্কয়ারে তারাবির নামাজে নারীরাও অংশ নেন। এতে ইমামতি করেন ফরাজ হাসান।

টাইমস স্কয়ারে তারাবির জামায়াত শেষে এক মুসল্লি বলেন, সংযম, দান, প্রার্থনার মধ্য দিয়ে পবিত্র রমজান পালন করা হয়। কোরআন তিলাওয়াত ও তরজমার মধ্য দিয়ে সে বিষয়টি প্রচার করতে চেয়েছি আমরা।

তারাবির নামাজকে কেন্দ্র করে সন্ধ্যার আগেই কানায় কানায় পূর্ণ হয়ে যায় টাইমস স্কয়ার। সুশৃঙ্খলভাবে জামায়াত আদায় করা হয় মাগরিবের নামাজও। বহু অমুসলিমও হাজির হন এ আয়োজন দেখতে। নামাজ পড়তে যাওয়া একজন মুসল্লি বলেন, ইসলাম নিয়ে অনেকের মাঝে ভীতি আছে। উগ্র মানুষ সব ধর্মেই আছে। সেই অল্প সংখ্যক মানুষ কখনই সংখ্যাগরিষ্ঠের চরিত্র হিসেবে বিবেচিত হতে পারে না।

জ্যাকসন হাইটসে জমজম ট্রাভেলস ইউএসএ'র অফিস উদ্বোধন

বিশেষ প্রতিনিধি: নিউইয়র্কের জ্যাকসন হাইটসে জমজম ট্রাভেলস ইউএসএর অফিস উদ্বোধন করা হয়েছে। গত ৮ মার্চ শুক্রবার জ্যাকসন হাইটসের বাংলাদেশ প্লাজায় দোয়া-মাহফিলের মাধ্যমে এ অফিস উদ্বোধন করা হয়। দোয়া পরিচালনা করেন জ্যাকসন হাইটস জামে মসজিদের ইমাম হেদায়েতুল ইসলাম।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন জমজম ট্রাভেলসের মার্কেটিং এক্সিকিউটিভ তাওহিদ মাহবুব মুন্না। শুভেচ্ছা বক্তব্য রাখেন জমজম ট্রাভেলসের চেয়ারম্যান মাহবুব আলম, আমেরিকান ট্রাভেল এজেন্ট এসোসিয়েশন অব বাংলাদেশ ইন্ক-অ্যাটাব'র সভাপতি কর্নফুলী ট্রাভেলস'র সত্ত্বাধিকারী মোহাম্মদ সেলিম হারুন, সহ সভাপতি রহ-মানিয়া ট্রাভেলস'র সত্ত্বাধিকারী মোহাম্মদ কে. রহমান (মাহমুদ), জেবিবিএ'র সাবেক সাধারণ সম্পাদক কামরুজ্জামান কামরুল প্রমুখ।



জমজম ট্রাভেলসের মার্কেটিং এক্সিকিউটিভ তাওহিদ মাহবুব মুন্না জানান, ২০০৭ সালে সিরাজগঞ্জ শহরে জমজম ট্রাভেলস যাত্রা শুরু করে। প্রতিষ্ঠানটি বর্তমানে দুবাই ও আমেরিকাতে ব্যবসায় পরিধি বাড়িয়েছে। দুবাইতে জমজম ট্রাভেলসের শাখা রয়েছে। তিনি বলেন, দীর্ঘ ১৮ বছর ধরে আমরা সুনামের সাথে ব্যবসা পরিচালনা করে আসছি। আমেরিকাতেও আমরা সেবা প্রদান শুরু করেছি। তিনি আরও বলেন, আমাদের প্রতিষ্ঠানের মাধ্যমে বিশেষ করে দুবাইয়ের টুরিস্ট ভিসা, রেসিডেন্স ভিসা, গোল্ডেন ভিসা, দুবাই প্যাকেজ ট্যুর, সৌদি আরবে প্যাকেজ ট্যুর, ওমরা ভিসা প্রসেসিং করা হয়ে থাকে। এছাড়ও মিশর, ভারতসহ বিভিন্ন দেশের ভিসা প্রসেসিং করা হয়। আমরা ভিসা, টিকেট, ট্রান্সপোর্টেশন, গাইডনেসসহ সম্পূর্ণ সেবা প্রদান করে থাকি।





যুক্তরাষ্ট্র আওয়ামী লীগের উদ্যোগে বঙ্গবন্ধুর জন্ম দিন ও জাতীয় শিশু দিবন পালন

আব্দুল হামিদঃ যুক্তরাষ্ট্র আওয়ামী লীগের উদ্যোগে স্বাধীন বাংলাদেশের স্থপতি, 'জাতির জনক' বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের শুভ জন্মদিন ও জাতীয় শিশুদিবস উদযাপন করেছে যুক্তরাষ্ট্র আওয়ামী লীগ। এ উপলক্ষে গত ১৭ মার্চ শনিবার সন্ধ্যায় জ্যাকসন হাইটসে কথা রেস্টুরেন্টে আয়োজিত আলোচনা সভায় সভাপতিত্ব করেন যুক্তরাষ্ট্র আওয়ামী লীগের সভাপতি ড.সিদ্দিকুর রহমান,সভা পরিচালনা করেন সাধারণ সম্পাদক আব্দুস সামাদ আজাদ।

সভার শুরুতে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মদিন উপলক্ষ্যে বিশেষ দোয়া মাহফিল ও বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে ফুল দিয়ে একমিনিট নীরবতা পালন করেন। সভায় বক্তারা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতি গভীর শ্রদ্ধা জানিয়ে বলেন, তাঁর জন্ম না হলে বাংলাদেশ হতো না। আমরা বাঙালীরা বিদেশের মাটিতে এতো সম্মান পেতাম না। বক্তারা বলেন, বঙ্গবন্ধু শেখ মুজিব আমাদের স্বাধীনতা দিয়েছেন, তাঁর কন্যা প্রধানমন্ত্রী স্বাধীন বাংলাদেশ-কে উন্নয়নশীল রাষ্ট্রে পরিণত করছেন। তাঁর উন্নয়নের ধারা অব্যাহত রাখতে সকল ষড়যন্ত্র মোকাবেলা করে সবাইকে ঐকবদ্ধভাবে কাজ করতে হবে।

সভাপতি ড. সিদ্দিকুর রহমান বলেন, প্রধানমন্ত্রী ও বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনার নির্দেশসমূহ যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে সকলের সহযোগিতা ও সার্বিক অংশগ্রহণ অত্যাবশ্যকীয়। তিনি অগ্নিঝরা মার্চ স্বাধীনতার মাসে সকল শহীদদের প্রতি শ্রদ্ধা আর সম্মান জানিয়ে বলেন, বাংলাদেশ-কে আরো এগিয়ে নিতে হলে জননেত্রী শেখ হাসিনার হাতকে আরো শক্তিশালী করতে হবে। এছাড়া তিনি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের বর্ণাঢ্য রাজনৈতিক জীবন এবং স্বাধীন দেশ গঠনে তার ভূমিকা ও অবদানের কথা তুলে ধরেন।

সভায় বক্তব্য রাখেন যুক্তরাষ্ট্র আওয়ামী লীগের সহ-সভাপতি ডাক্তার মাসুদুল হাসান, প্রচার ও প্রকাশনা সম্পাদক হাজী এনাম, যুক্তরাষ্ট্র আওয়ামী লীগের কার্যনির্বাহী সদস্য শাহানারা রহমান,যুক্তরাষ্ট্র আওয়ামী লীগের নির্বাহী সদস্য আবদুল হামিদ ও যুক্তরাষ্ট্র স্বেচ্ছাসেবক লীগের সাবেক সহ-সভাপতি দুরুদ মিয়া সহ অঙ্গ ও সহযোগী সংগঠনের নেতা কর্মীরা সবাই বক্তব্য রাখেন।

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ১৯২০ খ্রিষ্টাব্দের ১৭ মার্চ গোপালগঞ্জের টুঙ্গিপাড়ায় শেখ পরিবারে জন্ম গ্রহণ করেন। শেখ লুৎফর রহমান ও মোসাম্মৎ সাহারা খাতুনের চার কন্যা ও দুই পুত্রের মধ্যে তিনি ছিলেন তৃতীয়। ছোট বেলায় তিনি খোকা নামেই সকলের কাছে পরিচিত ছিলেন। প্রেস বিজ্ঞপ্তি।

নিউইয়র্ক স্টেট অ্যাসেম্বলী 'ডিষ্ট্রিক্ট এডভাইজার' হলেন সাংবাদিক এস এম সোলায়মান

নিউইয়র্ক: স্টেট অ্যাসেম্বলী ডিষ্ট্রিক্ট ৩০'র এডভাইজার হলেন সাংবাদিক এস এম সোলায়মান। এর আগে তিনি একই অ্যাসেম্বলী ডিষ্ট্রিক্ট'র কমিউনিটি লিয়াজো'র দায়িত্বে ছিলেন। গত ২১ ফেব্রুয়ারী বুধবার কুইন্সের ম্যাসপাথ টাউন হলে এডভাইজার বোর্ডের পরিচিতি সভা অনুষ্ঠিত হয়। সভায় গত ২০২৩ থেকে আগামী ২০২৫ পর্যন্ত অ্যাসেম্বলী ডিষ্ট্রিক্ট ৩০'র বাজেট ও কর্ম পরিকল্পনা তুলে ধরেন অ্যাসেম্বলীমেম্বার স্টিভেন রাগা। এডভাইজারি সভায় নিউইয়র্কের বিভিন্ন কমিউনিটির মূলধারার নেতৃবৃন্দ অংশ নেন। সভা সঞ্চালনা করেন স্টেট অ্যাসেম্বলী ডিষ্ট্রিক্ট ৩০'র ডিরেক্টর অব কমিউনিটি এফেয়ার্স মিস ডলমা লামা। এই ডিষ্ট্রিক্টের কমিউনিটির ব্যবসায়ী এবং অভিবাসীদের কল্যাণে বিভিন্ন পরামর্শ তুলে ধরেন এডভাইজরী বোর্ড মেম্বাররা। এসময় অ্যাসেম্বলীমেম্বার স্টিভেন রাগা নব নিযুক্ত এডভাইজার বোর্ড মেম্বারদের হাতে বাজেট ও কর্ম পরিকল্পনা ডাটা বুক তুলে দেন।

বিশেষ করে কুইন্সে বসবাসরত অভিবাসিদের মধ্যে দ্বিতীয় সর্ববৃহৎ বাংলাদেশি কমিউনিটি। তিনি বাংলাদেশী কমিউনিটির ব্যবসায়ী ও কমিউনিটির নেতৃবৃন্দের সাথে একসাথে কাজ করার অঙ্গীকার ব্যক্ত করেন অ্যাসেম্বলীম্যান রাগা।



নিউইয়র্ক অ্যাসেম্বলী ডিষ্ট্রিক্ট ৩০'র অধীনে স্টোরিয়া, উডসাইড, জ্যাকসন হাইটস, এলমহার্স্ট, ম্যাসপ্যাথ এলাকায় স্মল বিজনেস ও হাউজ ওনারদের সার্বিক সহায়তার আশ্বাস দেন অ্যাসেম্বলীম্যান রাগা।

এদিকে ইন্ডিপেন্ডেন্ট টেলিভিশন যুক্তরাষ্ট্রের প্রতিনিধি এসএম সোলায়মানের স্টেট অ্যাসেম্বলী ডিষ্ট্রিক্ট ৩০'র এডভাইজার হওয়া শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়েছেন নিউইয়র্কে বাংলাদেশী কমিউনিটির নেতৃবৃন্দ। মূলধ-ারার নতুন এ পদে দায়িত্ব নিয়ে মহান আল্লাহর নিকট শোকরিয়া এবং যুক্তরাষ্ট্রে ইয়াং ডেমোক্র্যাট মূলধারার তরুন নেতা জয় চৌধুরীসহ কমিউনিটির নেতৃবৃন্দকে কৃতজ্ঞতা জানান। আগামীতে আরও বড় পরিসরে কাজ করার আশাবাদ ব্যক্ত করেন কুমিল্লার চৌদ্দগ্রামের আমানগন্ডা গ্রামের কৃতি সন্তান সাংবাদিক এস এম সোলায়মান। -প্রেস বিজ্ঞপ্তি।

বাংলা পত্রিকা

প্রান্তিক পৃষ্ঠা

The Weekly Bangla Patrika

বাংলা পত্রিকা | The Weekly Bangla Patrika // Monday / March 18 // 2024

মেরিল্যান্ডে ছুরিকাঘাতে বাংলাদেশী হানিফ খুন



বাংলা পত্রিকা ডেস্ক: যুক্তরাষ্ট্রের মেরিল্যান্ড স্টেটের ক্যাপিটল হেইটসে লার্চমোন্ট অ্যাভিনিউতে নিজ কনভেনিয়েন্স স্টোরে কৃষ্ণাঙ্গ দুর্বৃত্তের ছুরিকাঘাতে মোহাম্মদ হানিফ (৫০) নামে এক বাংলাদেশী নিহত হয়েছেন। প্রিন্স জর্জকাউন্টি পুলিশ জানায়, গত ১২ মার্চ মঙ্গলবার হানিফ হামলার শিকার হন। পরে তাকে স্থানীয় হাসপাতালে ভর্তি করা হয়েছিল। সেখানেই তিনি শেষ নি:শ্বাস ত্রাগ করেন বলে জানা গেছে। প্রিন্স জর্জ কাউন্টি পুলিশ জানায়, নোয়াখালী জেলার বেগমগঞ্জ উপজেলার আমিনবাজারের সন্তান হানিফ ১৯৯৯ সালে সপরিবারে যুক্তরাষ্ট্রে এসেছিলেন। স্ত্রী এবং ৩ সন্তান নিয়ে বসতি গড়েন ভার্জিনিয়ার অ্যানান্ডেলে। ফাস্টফুডের দোকান সাবওয়েতে কাজ করতেন। সেটি ছেড়ে বছর দেড়েক আগে এই কনভেনিয়েন্স স্টোরটি ক্রয় (বাকি অংশ ২৯ পাতায়)

ব্রঙ্কসে খলিল বিরিয়ানী হাউজের উদ্যোগে ওয়েলকাম রামাদান শীর্ষক সেমিনার

‘গুনাহ মাফের সর্বোত্তোম মাস রমজান’

বিশেষ প্রতিনিধি: পবিত্র মাহে রমজানকে সামনে রেখে নিউইয়র্কের ব্রঙ্কসে খলিল হালাল চাইনিজে গত ৯ মার্চ অনুষ্ঠিত হয়েছে ওয়েলকাম রামাদান শীর্ষক সেমিনার। সেমিনারে আলোচকরা পবিত্র কুরআন-হাদিসের আলোকে মাহে রমজানের গুরুত্ব, তাৎপর্য ও ফজিলত আলোকপাত করে বলেন, গুনাহ মাফের সর্বোত্তোম মাস হচ্ছে রমজান।

খলিল বিরিয়ানী হাউজের প্রেসিডেন্ট অ্যান্ড সিইও মোহাম্মদ খলিলুর রহমানের সভাপতিত্বে এবং আইটিভির সিইও মাওলানা শহীদ উল্লাহর পরিচারনায় আলোচনায় অংশ নেন মাওলানা শাহ মো. সাইফুল্লাহ সিদ্দিকি, মসজিদ বিলালের খতীব মাওলানা মোহাম্মদ মাঈনুল ইসলাম, বাংলাবাজার জামে মসজিদের খতীব মাওলানা আবুল কাশেম ইয়াহইয়া, শাহজালাল দারুসসুন্নাহ জামে মসজিদ অ্যান্ড ইসলামিক সেন্টারের সভাপতি হাফিজ ইবাদুর রহমান চৌধুরী, নিউবোল্ড জামে মসজিদের খতীব মাওলানা আজির উদ্দিন, পার্কচেষ্টার ইসলামিক সেন্টারের খতীব মাওলানা উবায়দুল হক প্রমুখ।

সেমিনারে আলোচকগণ বলেন, পবিত্র রমজান মাস অন্যান্য মাস থেকে মর্যাদাপূর্ণ একটি মাস। এ মাসেই মহান আল্লাহপাক পবিত্র কুরআন নাজিল করেন। মহানবী (সা.)-এর নিকট মহান আল্লাহ প্রেরীত পবিত্র কুরআন বিস্ময়কর, বিশ্বজনীন, চিরন্তন এক মহাগ্রন্থ। আল-কুর-আন সঠিক পথের দিশারী। ইহকালীন ও পরকালীন সব কিছুরই দিক নির্দেশনা রয়েছে এ পবিত্র কুরআনে। মহ-নবী (সা.)-এর জীবনাদর্শ অনুসরণ করে ভ্রাতৃত্ববোধ ও মানবকল্যাণে ব্রতী হওয়ার আহ্বান জানান তারা।





আলোচকরা রোজা পালনের নিয়ম-কানুনসহ মাহে রমজানের পবিত্রতা রক্ষায় করনীয় ও বর্জনীয় সম্পর্কে বিস্তারিত আলোচনা করেন। তারা বলেন, রমজান মাসেই পবিত্র শবেকদর নামে মহা মহিমান্বিত এক রজনী রয়েছে, যা হাজার মাসের চেয়েও উত্তম। এই রাতে মহান আল্লাহতায়ালা পবিত্র কুরআন নাজিল করেন। শবেকদর রাত মুমিন মুসলমানদের ইবাদত-বন্দেগির, পাপ-পঙ্কিলতা থেকে মুক্তির। এ রাতে মহান আল্লাহতায়ালা তাঁর বান্দাদের প্রতি বরকত ও রহমত নাজিল করেন। যারা আল্লাহর দরবারে ক্ষমা প্রার্থনা করেন, গুনাহ মাফ চান, আল্লাহ পাক তাদেরকে মাফ করে দেন। গুনাহ মাফের জন্য রমজান মাস হচ্ছে সর্বোত্তোম মাস। প্রকৃত অর্থে রমজান মুসলমানের জন্য আল্লাহ তায়ালার নৈকট্য লাভের এক সুবর্ণ সুযোগ। বক্তারা বলেন, পবিত্র মাহে রমজানকে সামনে রেখে প্রতি বছরই এ আয়োজন করে দৃষ্টান্ত স্থাপন করলো খলিল বিরিয়ানী হাউজ।

পরিশেষে দেশ, জাতি, মুসলিম উম্মাহসহ বিশ্ব মানবতার জন্য আল্লাহর রহমত কামনায় মোনাজাতের মধ্য দিয়ে অনুষ্ঠানের সমাপ্তি হয়। মুনাজাত পরিচালনা করেন মাও-লানা শাহ মো. সাইফুল্লাহ সিদ্দিকি। শেষে খলিল বিরিয়ানী হাউজের খাবারে সবাইকে আপ্যায়ন করা হয়। বিপুল সংখ্যক মুসল্লী উপস্থিত ছিলেন সেমিনারে। অয়েলকাম রামাদান সেমিনারে অংশ গ্রহণ করার জন্য উপস্থিত সকলের প্রতি ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানিয়েছেন শেফ মোহাম্মদ খলিলুর রহমান।

নিউইয়র্কে বর্ষণমুখর দিনে জমজমাট পিঠা উৎসব

আশরাফুল হাবিব মিহির: বিরামহীন বৃষ্টির কারণে নিউ-ইয়র্ক শহর যখন প্রায় ঝিমিয়ে পড়ছিলো, ঠিক সেই সময় কুইন্সের জ্যামাইকার স্টার কাবাব পার্টি হলে চলছিলো জমজমাট ‘ফাগুন ও পিঠা উৎসব’। গত ২ মার্চ শনিবার কমিউনিটি অ্যাক্টিভিস্ট রোশনা শাম্স ললি’র উদ্যোগে উৎসবটি অনুষ্ঠিত হয়। রকমারি পিঠা পরিবেশনের পাশাপাশি গান-কবিতা ও পিলু পাসিং গেইম ছাড়াও ছিলো ভিন্ন কিছু আয়োজন। নারী-পুরুষের বাসন্তী পোশাকে পুরো অনুষ্ঠানে অন্যরকম আবহ সৃষ্টি করেছিলো। আয়োজনে লেখক-শিল্পী-সাংবাদিক সহ কমিউনিটির ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।



উৎসবে পঁচিশজন নারী পঁচিশ রকমের পিঠা নিয়ে হাজির হয়েছিলেন, যা আগত সকল অতিথিদের মাঝে পরিবেশন করা হয়। রোশনা শাম্স ললির সঞ্চালনায় অনুষ্ঠানের প্রথম পর্বে পঁচিশ নারীকে ফুল দিয়ে শুভেচ্ছা জানানোর পাশাপাশি শাল উপহার দেয়া হয়। উপস্থিত সকল নারীদেরকে নিয়ে পিলু পাসিং প্রতিযোগিতার আয়োজন করা হয়। তিন বিজয়ীকে আকর্ষণীয় পুরস্কার দেয়া হয়। এতে প্রথম, দ্বিতীয় ও তৃতীয় স্থান অধিকার করেন যথাক্রমে মিসেস সাবিরা, শিখা ও মিন্নি।



দ্বিতীয় পর্বে ছিলো সঙ্গীত পরিবেশন ও ছড়া-কবিতা পাঠ। সঙ্গীত পরিবেশন করেন প্রবাসের জনপ্রিয় সঙ্গীতশিল্পী হাসান মাহমুদ ও মাসুদ আহমেদ। শিশুশিল্পী আকা ও লেখা ছাড়াও ছড়া-কবিতা পাঠ করেন যথাক্রমে ছড়াকার সজল আশফাক, শাহীন ইবনে দিলওয়ার, শাম্স চৌধুরী রুশো, খালেদ সরফুদ্দীন, আদিত্য শাহীন প্রমুখ। বৃষ্টির সাথে মিল রেখে দুপুরের খাবারে ভুনা খিচুড়ি পরিবেশনের মাধ্যমে অনুষ্ঠানের সমাপ্তি হয়।

উল্লেখ্য, আয়োজকরা জানান, দেশীয় ঐতিহ্য ও সংস্কৃতিকে তুলে ধরার জন্য প্রতিবছর এমন আয়োজন করে থাকেন।



TiME television
টাইম টেলিভিশন দেখুন, বিজ্ঞাপন দিন
Tel: 718-753-0086

বাংলা পত্রিকা
The Weekly Bangla Patrika

Your Trusted Loan Officer For Life
Over 22 years experience

MORTGAGE BROKER/ OWNER
M. Kamal, CPA
Senior Loan Officer
NMLS#9560
718-415-5501
Your Top Mortgage Officer
"All Loans arranged through third party providers"
HOMECENTRAL CAPITAL

টাইম টিভি-বাংলা পত্রিকা'র কিরাত প্রতিযোগিতার ফাইনাল ও ইফতার মাহফিল ২৩ মার্চ

বাংলা পত্রিকা রিপোর্ট: পবিত্র রমজান উপলক্ষ্যে দ্বিতীয় বারের মতো টাইম টিভি-বাংলা পত্রিকা'র উদ্যোগে আয়োজিত কিরাত প্রতিযোগিতার ফাইনাল ও ইফতার মাহফিল আগামী ২৩ মার্চ **(বাকি অংশ ১৪ পাতায়)**

সাঈদ তারেকের কলাম

এটা কি হীনমন্যতা!



ব্যপারটা দেখা যায় সাধারনতঃ দেশের বাইরে, বিশেষ করে যেখানে বাংলাদেশী ভারতীয় বা পাকিস্তানীরা পাশাপাশি কাজ করে বাস করে বা একসাথে চলাফেরা করে। বা কোন বাংলাদেশী যখন ভারতীয় পাকিস্তানী কারও **(বাকি অংশ ২৬ পাতায়)**

নিউইয়র্কের টুকরো খবর

বিলাসবহুল অ্যাপার্টমেন্ট থেকে মেথ কোকেনসহ মাদকদ্রব্য জব্দ

বাংলা পত্রিকা ডেস্ক: নিউইয়র্কের হেল কিচেনের একটি বিলাসবহুল অ্যাপার্টমেন্ট থেকে মেথ, কোকেনসহ ৪০ পাউন্ডের বেশি মাদকদ্রব্য জব্দ করা হয়েছে। যার বাজার মূল্য ১ দশমিক ১ মিলিয়ন ডলারের বেশি বলে জানিয়েছে পুলিশ। গত ১৫ মার্চ শুক্রবার এক বিবৃতিতে নিউইয়র্ক পুলিশ জানায়, এনওয়াইডিপি, স্টেট পুলিশ এবং ড্রাগ এনফোর্সমেন্টের একটি যৌথ তদন্তে চলতি **(বাকি অংশ ০৯ পাতায়)**

বাড়ি ক্রয়ের প্রস্তুতি



এম. কামাল: নিউইয়র্কে বাড়ী ক্রয় করা যতনা সহজ বাড়ী রক্ষা বা বাড়ীর রক্ষণাবেক্ষণ তত কঠিন। তবে এজন্য বাড়ীর মালিককে শিল্পী হওয়ার প্রয়োজন নেই। কিন্তু এ সম্পর্কে **(বাকি অংশ ০৯ পাতায়)**

রমজানে তারাবিহ নামাজে ব্যাপক উপস্থিতি

ইফতারী সামগ্রীর মূল্য বৃদ্ধি প্রতি বক্স ১০ থেকে ১৪ ডলার

বাংলা পত্রিকা রিপোর্ট: পবিত্র রমজান শুরু হয়েছে। রমজানের প্রথম সপ্তাহ শেষ হতে চলছে। গত ১১ মার্চ সোমবার থেকে নিউইয়র্ক তথা উত্তর আমেরিকায় রোজা শুরু হয়েছে। রোজা উপলক্ষ্যে পাল্টে গেছে মুসলিম কমিউনিটির পরিবেশ-পরিস্থিতি। মসজিদে মসজিদে আয়োজন করা হয়েছে তারাবির নামাজে পবিত্র কোরআন খতম। এজন্য নিয়োগ করা হয়েছে একাধিক হাফেজ। এছাড়াও শুক্রবার (১৫ মার্চ) রমজানের প্রথম জুম্মার নামাজে মসজিদে মসজিদে ছিলো মুসল্লীদের উপচে পড়া ভীড়। অপরদিকে ইফতার সামগ্রীতে ছেয়ে গেছে ব্যবসা প্রতিষ্ঠানগুলো। নিউইয়র্কের জ্যামাইকা, জ্যাকসন হাইটস, এস্টোরিয়া, ব্রঙ্কস, ব্রুকলীন, ওজনপার্ক প্রভৃতি এলাকা সরজমিনে **(বাকি অংশ ২৬ পাতায়)**

বেলায়েত হোসেনের অনারারী ডক্টরেট ডিগ্রী লাভ

বর্ণাঢ্য আয়োজনে বাংলা ট্রাভেলস ও ডিজিটল ওয়ান'র ২৫ বছর পূর্তি উৎসব



বিশেষ প্রতিনিধি: বর্ণাঢ্য আয়োজনে অনুষ্ঠিত হলো নিউইয়র্কে বাংলাদেশী কমিউনিটির বৃহত্তম ট্রাভেলস ও মানি ট্রান্সফার কোম্পানী বাংলা ট্রাভেলস ও ডিজিটল ওয়ান'র ২৫ বছর পূর্তি উৎসব **(বাকি অংশ ২৭ পাতায়)**

কাজী জহিরুল ইসলামের কলাম

প্রাচুর্য এবং দারিদ্র



পৃথিবীতে দুটো সংস্কৃতি আছে, প্রাচুর্যের সংস্কৃতি এবং দারিদ্রের সংস্কৃতি, ইংরেজিতে বলে কালচার অব প্লেন্টি এবং কালচার অব পভার্টি। লক্ষ করে দেখবেন দারিদ্রের সংস্কৃতিতে যাদের জন্ম এবং বেড়ে ওঠা তারা যতো ধনীই হোন না কেন, আচরণে দারিদ্রের ছাপ থাকবেই। যেমন ভারতের আম্বানি পরিবার। তাদের অতি বিলাসবহুল বাড়ি, শত শত চাকর-বাকর, কোটি টাকার ঘড়ি, সোনায় মোড়ানো গাড়ি, **(বাকি অংশ ১৩ পাতায়)**

জেএমসিতে রাইয়ান জামানের নামাজে জানাজা অনুষ্ঠিত

মরদেহ ওয়াশিংটন মেমোরিয়ালে দাফন



নিউইয়র্ক (ইউএনএ): যুক্তরাষ্ট্র আওয়ামী লীগের কৃষি বিষয়ক সম্পাদক আশরাফুজ্জামান ও বাংলাদেশ ল সোসাইটি ইউএসএ'র উপদেষ্টা এডভোকেট মোর্শেদা জামানের পুত্র রাইয়ান ইফতেখার জামানের নামাজে জানাজা শেষে তার মরদেহ লং আইল্যান্ডের ওয়াশিংটন মেমোরিয়াল মুসলিম কবর স্থানে দাফন করা হয়েছে। বৃহস্পতিবার রাতে নিউইয়র্ক সিটির কুইন্সের রিগোপার্ক এলাকায় নিজেদের বাসার পেছনে নিজের তৈরি **(বাকি অংশ ১৪ পাতায়)**

একস্লিপ

সালাহউদ্দিন আহমেদ

সংযম আর সিয়াম সাধনার মাস রমজান শুরু হয়েছে। ইতিমধ্যেই রমজান ঘিরে শুরু হয়েছে কমিউনিটির বিভিন্ন সংগঠন আর প্রতিষ্ঠানের (বাকি অংশ ২০ পাতায়)

নিউইয়র্ক বাংলাদেশ প্রেসক্লাবের ইফতার ও দোয়া মাহফিল অনুষ্ঠিত

নিউইয়র্ক (ইউএনএ): পবিত্র মাহে রমাজান উপলক্ষ্যে নিউইয়র্ক বাংলাদেশ প্রেসক্লাবের ইফতার ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে। ধর্মীয় ভাবগম্ভীর পরিবেশে বুধবার (১৩ মার্চ) জ্যাকসন হাইটসের নবান্ন পার্টি সেন্টারে প্রেসক্লাবের ইফতার পার্টি আয়োজন করা হয়। ক্লাবের সাবেক সহ সভাপতি মাহমুদ খান তাসেরের সভাপতিত্বে **(বাকি অংশ ১৪ পাতায়)**

পবিত্র রমজানে নতুন 'লুকে' ব্রঙ্কসের খলিল বিরিয়ানী হাউস

শতাধিক আইটেম নিয়ে মজাদার ইফতারী

হাবিব রহমান: নিউইয়র্ক সিটির ব্রঙ্কসের খলিল বিরিয়ানী হাউসে এবারও রোজাদারদের জন্য শতাধিক মজাদার এবং ভিন্নধর্মী আইটেম নিয়ে ইফতারীর আয়োজন করা হয়েছে। দেশীয় ঐতিহ্যবাহী ইফতারের সাথে যুক্ত হয়েছে হালাল চাইনিজ নানা আইটেম। এগুলির মাঝে আছে নানাধরনের কাবাব, জিলাপি, সমুচা, ভেজিটেবল পকোরা, দু রকম হালিম, **(বাকি অংশ ২৬ পাতায়)**





রোজাদারের জন্য কয়েকটি গুরুত্বপূর্ণ মাসায়েল

মুফতি রুহুল আমিন কাসেমী

১. ইনজেকশন নিলে রোজা ভাঙবে না (জাওয়াহিরুল ফতোয়া)। ২. ইনহেলার ব্যবহার। শ্বাসকষ্ট রোগীর জন্য তরল জাতীয় স্প্রে **(বাকি অংশ ১৩ পাতায়)**

খেলার খবর

মেসিকে নিয়ে শঙ্কা

স্পোর্টস ডেস্ক: আসছে ২২ মার্চ এল সালভদের বিপক্ষে আন্তর্জাতিক প্রীতি ম্যাচ খেলবে আর্জেন্টিনা। কিন্তু এই ম্যাচে লিওনেল মেসির মাঠে নামা নিয়ে আছে শঙ্কা। শুধু এই ম্যাচই নয়, চার দিন পর কোস্টারিকার বিপক্ষে পরের ম্যাচেও মেসিকে না **(বাকি অংশ ১৪ পাতায়)**

হেলথ টিপস

স্মৃতি বাড়ায় ৭ খাবার

বাংলা পত্রিকা ডেস্ক: স্মৃতিশক্তি বাড়ানো গুরুত্বপূর্ণ। কারণ আমাদের নানা অভ্যাসের কারণে এটি কমে যেতে পারে। বিশেষ করে সঠিক খাদ্যাভ্যাস এ ক্ষেত্রে গুরুত্বপূর্ণ। আমরা প্রতিদিনই অনেক ভুলভাল খাবার **(বাকি অংশ ১৪ পাতায়)**

বিনোদন

জায়েদ খানকে বিয়ে করছেন সায়ন্তিকা?

বিনোদন ডেস্ক: অভিনয় ও রাজনীতি একসঙ্গে করছিলেন পশ্চিমবঙ্গের তারকা সায়ন্তিকা। তবে **(বাকি অংশ ১৪ পাতায়)**

ZAKIR CPA, PLLC
Certified Public Accountants
Accurate, Fast & Reliable Services
আমাদের সেবা সমূহ

929-207-1516
1506 Castle Hill Ave,
2nd Floor, Bronx, NY-10462
Zakir Choudhury, CPA
Founder & CEO
আমরা ইমিগ্রেশন এবং সিটিজেনশীপ এর আবেদন করে থাকি
www.zakircpa.com info@zakircpa.com

GOLDEN AGE HOME CARE
সর্বাধিক জনপ্রিয় হোম হেলথ কেয়ার এজেন্সী
HHA/PCA & CDPAP SERVICE
Call: 718-775-7852
646-591-8396

ট্রাভেল ব্যবসায় দীর্ঘদিন অভিজ্ঞতার আলোকে ওজনপার্কের প্রাণকেন্দ্রে অবস্থিত গ্লোবাল এয়ার সার্ভিস আপনাকে দিচ্ছে নিরাপদ এবং ঝামেলামুক্ত আকাশ ভ্রমণের সুযোগ

গ্লোবাল এয়ার সার্ভিস
GAS GLOBAL AIR SERVICE
Your Trusted Travel Guide...
Call Now
718-296-8996
718-296-8787
718-296-5875
হজব্রত পালনকারীরগণ গ্রহণ করুন সর্বোত্তম সেবা ওমরা ও মূল হজ্ব
গ্লোবাল এয়ার
WALL STREET FINANCE LLC
76-01, 101 Ave., Ozone Park, NY 11416
Fax: 718-296-8259, e-mail: GLBL001@yahoo.com

Editor : Abu Taher Published By Bangla Patrika Inc. 36-50, 38 Street (2nd Floor), LIC, NY 11101, USA. Tel: 718-482-9923, 718-482-1169. Fax: 718-482-9935. Email: banglapatrikausa@gmail.com